তাম্বূলি-মহাসম্মেলন

(কার্য্যবিবরণী)

প্রথম অধিবেশন—৯ই ও ১০ই ফাল্গুন, ১৩৩৭ সাল।

মূল্য—দুঃস্থ স্বজাতি ও ছাত্রগণের সাহায্যার্থ "জাতীয়-ভাণ্ডারে" সাধ্যানুসারে কিঞ্চিৎ দান।

তাম্বূলি-মহাসম্মেলন

অভ্যর্থনা সমিতির সভাপতি শ্রীযুক্ত কেদার নাথ আশ বি. এল।

সভাপতি—রায় নলিনাক্ষ দত্ত বাহাদুর

স্বর্গীয় মহাত্মা ভূতনাথ পাল মহাশয়ের পৌত্র শ্রীমান্ রবীন্দ্রনাথ পাল

মহাসম্মেলনের কার্য্য-বিবরণী।

[মহাসম্মেলনের পর আমাদিগের সমাজে প্রায় সর্ব্বত্র জাতির অবস্থা ও উন্নতির উপায় সম্বন্ধে নানা আলোচনা হইতেছে। কেহ বা মহাসম্মেলনের কার্য্যকলাপ দেখিয়া আনন্দ প্রকাশ করিতেছেন, কেহ বা ইহার নিন্দা করিয়া তৃপ্তি বোধ করিতেছেন। লোক মুখে অনেক সময় অতিরঞ্জিত সংবাদ প্রচারিত হইতেছে। মফঃস্বলের কোন কোন সজাতি কৌতুহল বশতঃ সঠিক সংবাদ অবগত হইবার নিমিত্ত আমাদিগকে পত্র লিখিতেছেন। এরূপ অবস্থায় শীঘ্র কার্য্য বিবরণী প্রকাশ করা প্রয়োজন হইয়া পড়িয়াছে। আমাদিগের কোন মুখপত্র না থাকায় বাধ্য হইয়াই আমাদিগকে এই ব্যয়বহুল কার্য্যে অগ্রসর হইতে হইল সত্বর এই কার্য্য বিবরণী প্রকাশ করার জন্য কিছু দোষ বা ত্রুটীও থাকিতে পারে। আশা করি সজাতিগণ সেজন্য ক্ষমা করিবেন এবং সজাতির যথার্থ মঙ্গলকর কার্য্যে মনোনিবেশ করিয়া জাতীয় গৌরব বর্দ্ধন করিতে সচেষ্ট হইবেন— মহাসম্মেলনের সম্পাদকদ্বয়।]

বিগত ১৩৩৭ সালের ৯ই ফাল্গুন তারিখে বাঙ্গলা এবং বিহার ও উড়িষ্যা প্রদেশের সজাতিগণের উদ্যোগে কলিকাতায় ৪নং শোভারাম বসাক ষ্ট্রীটে মাড়োয়াড়ীগণের মহেশ্বরী ভবনে তাম্বুলি-মহাসম্মেলনের অধিবেশন হইয়াছিল। বহু সজাতি অর্থ সাহায্য ও অক্লান্তভাবে পরিশ্রম করিয়া এই মহাসভাকে সাফল্যমণ্ডিত করিয়াছেন। আমরা সর্ব্বাগ্রে তাঁহাদিগকে অভিবাদন করিতেছি।

মহাসম্মেলনের ইতিবৃত্ত।

সজাতির উন্নতির জন্য কংগ্রেসের আদর্শে সকল স্থানের প্রতিনিধি লইয়া একটী জাতীয় মহাসম্মেলন আহ্বান করা যায় কিনা তাহা স্থির করিবার জন্য তাম্বুলি-সম্মিলনী সভার সম্পাদক শ্রদ্ধেয় বিহারী লাল মল্লিক মহাশয় কলিকাতার বহু সজাতিকে আপন বাটীতে নিমন্ত্রণ করেন। সেই সভায় শ্রীযুক্ত বাবু কেদার নাথ আশ, পত্রিকা-সম্পাদক শ্রীযুক্ত বাবু রাজেন্দ্র নাথ সোম, শ্রীযুক্ত বাবু দ্বিজেন্দ্র নাথ

দত্ত প্রভৃতি অনেকে উপস্থিত ছিলেন। এই সভায় স্থির হয় যে মহাসম্মেলন অসম্ভব নহে, এবং সেই স্থানেই অভ্যার্থনা-সমিতি গঠিত হয়। রাজেন্দ্র বাবুর প্রস্তাবে এবং পূর্ণবাবু ও বিহারীবাবুর সমর্থনে নফরবাবু অভ্যার্থনা সমিতির সভাপতি নির্ব্বাচিত হন। কেদারবাবুর প্রস্তাবে এবং সকলের সমর্থনে তাম্বুলীসম্মিলনী সভার কর্ম্মী রাজেন্দ্র-বাবু এই মহাসম্মেলনের গঠনকারী ও কোষাধ্যক্ষ নির্ব্বাচিত হন। রাজেন্দ্রবাবুর প্রস্তাবে এবং অন্যান্য ভদ্রলোকগণের অনুরোধে কিশোরীবাবু ও মহাসম্মেলনের প্রধান উদ্যোগী শৈলেনবাবু সম্পাদক নির্ব্বাচিত হন।

অভ্যর্থনা-সমিতির সদস্যগণের তালিকা।

সভাপতি --মহাত্মা শ্রীযুক্ত নফরচন্দ্র পাল চৌধুরী।

সহকারী সভাপতি শ্রীযুক্ত কেদার নাথ আশ বি-এল, উল্টসাগর শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দে বি-এ, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ পাল, শ্রীযুক্ত বিহারীলাল মল্লিক, শ্রীযুক্ত হরিপদ দাঁ, শ্রীযুক্ত লালগোপাল দত্ত।

সম্পাদক -শ্রীযুক্ত কিশোরীমোহন রক্ষিত, এম্-এ, বি-এল্, শ্রীযুক্ত শৈলেন্দ্রনাথ কুণ্ডু বি-এ।

সহকারী সম্পাদক --শ্রীযুক্ত ফণিভূষণ পাল, শ্রীযুক্ত চণ্ডীচরণ দত্ত ও শ্রীযুক্ত দুর্গাদাস দে, বি-এল্।

গঠনকারী ও কোষাধ্যক্ষ -শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ সোম বি-এল্।

সদস্য—শ্রীযুক্ত কুঞ্জবিহারী মল্লিক, শ্রীযুক্ত রাসবিহারী মল্লিক, শ্রীযুক্ত শ্রীরামচন্দ্র কর, শ্রীযুক্ত কালীকৃষ্ণ রক্ষিত বি-এ, শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ দত্ত, এম্-এ, বি-এল্, শ্রীযুক্ত সতীশচন্দ্র রক্ষিত, শ্রীযুক্ত বৈদ্যনাথ রক্ষিত, শ্রীযুক্ত পাঁচুগোপাল মল্লিক,

শ্রীযুক্ত সতীশচন্দ্র সিংহ, শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সরকার, শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ গুঁই।

এই সভায় ইহা স্থির হয় যে পরে সদস্য-সংখ্যা আরও বৰ্দ্ধিত হইতে পারিবে এবং সদস্যের চাঁদা অন্ততঃ ২৲ টাকা দিলে সজাতি মাত্রই সদস্যভুক্ত হইতে পারিবেন।

উক্ত সভায় ইহাও স্থির হয় যে ২১০নং হ্যারিসন রোডে, কিশোরীবাবুর দোকানে মহাসম্মেলনের কার্য্যালয় হইবে। সেই অবধি নিয়মিত ভাবে সেই গদীবাটীতেই সভা হয়।

মহাসম্মেলনের উদ্দেশ্য প্রচার ও অর্থ সংগ্রহ।

মহাসম্মেলনের উদ্দেশ্য প্রচার করিতে তাম্বুলি-পত্রিকা ও তাম্বুলি-হিতৈষী দুইখানি পত্রিকাই যথেষ্ট সাহায্য করিয়াছে। অর্থ সংগ্রহ করিবার জন্য শ্রীযুক্ত হরিধন কুণ্ডু, শ্রীযুক্ত চণ্ডীচরণ দত্ত, শ্রীযুক্ত বৈদ্যনাথ রক্ষিত, শ্রীযুক্ত অনুকূলচন্দ্র লাহা শ্রীযুক্ত কার্ত্তিকচন্দ্র দত্ত, শ্রীযুক্ত কালীকৃষ্ণ রক্ষিত প্রভৃতি কলিকাতাবাসিগণের দ্বারে দ্বারে ভিক্ষা করিয়া অর্থ সংগ্রহ করিয়াছেন। শ্রীযুক্ত শৈলেন্দ্র নাথ কুণ্ডু ও শ্রদ্ধেয় শ্রীযুক্ত শ্রীরামচন্দ্র কর মহাশয় মেদিনীপুর, বাঁকুড়া, ঝালদা পুরুলিয়া প্রভৃতি স্থানে মহাসম্মেলনের উদ্দেশ্য প্রচার করিবার জন্য গমন করেন। সেই সকল স্থানে তাঁহারা সজাতিগণকে মহাসভার উদ্দেশ্য বুঝাইয়া দেন এবং অর্থ সংগ্রহ করেন। নানা স্থানে ভ্রমণ করিয়া প্রায় এক পক্ষ কাল পরে তাঁহারা কলিকাতায় উপস্থিত হন।

নফরবাবুর মহাসম্মেলনে যোগদান করিতে অসম্মতি।

যখন মহাসম্মেলনের কার্য্য বহুদূর অগ্রসর হইয়াছে তখন নিশ্চিত-ভাবে জানা গেল যে নাটুদহের সুপ্রসিদ্ধ জমীদার সজাতি ছাত্রগণের সাহায্যদাতা শ্রীযুক্ত নফরচন্দ্র পাল চৌধুরী মহাশয় মহাসম্মেলনে যোগদান করিবেন না। কারণ অনুসন্ধান করিয়া জানা গেল যে

১৩৩৭ সালের আশ্বিন মাসের "তাম্বুলি-হিতৈষীর" একটী প্রবন্ধ পাঠ করিয়া তিনি ব্যথিত হইয়াছেন। সুতরাং তিনি কোন জাতীয় সভাতেই যোগদান করিবেন না। এই প্রবন্ধের লেখক কলিকাতা হাইকোর্টের উকিল শ্রীযুক্ত বাবু দ্বিজেন্দ্র নাথ দত্ত মহাশয় এবং আলোচ্য বিষয় নফরচন্দ্র ট্রাস্ট ফণ্ড। মহাসম্মেলনের সহিত এ সকল আলোচনার কোনই সম্পর্কই নাই। নফর বাবুকে পুনঃ পুনঃ একথা বুঝাইলেও কোন ফল নাই। প্রথমে তাঁহাকে সভায় যোগদান করিবার জন্য অনুরোধ করিয়া তাঁহার 'আবাদে' পত্র লেখা হয়। পরে রাজেন্দ্র বাবু এবং কেদার বাবু তাঁহার কৃষ্ণনগরের বাটীতে যান। তাঁহার কলিকাতার বাসাবাড়ীতেও বিহারীবাবু, কিশোরীবাবু, রাজেন্দ্রবাবু, কেদারবাবু প্রভৃতি তাঁহাকে মহাসম্মেলনে যোগদান করিতে বারং বার অনুরোধ করেন। কিন্তু তাঁহাদিগের সকল চেষ্টাই ব্যর্থ হয়।

মহাসম্মেলনের কার্য্যের ব্যবস্থা।

এইরূপে মহাসম্মেলনের কার্য্যে বিঘ্ন হওয়ায় অনেকেই উদ্যম বিহীন হইয়া পড়িলেন। এই সময়ে কিশোরীবাবু পদত্যাগ করিবার প্রস্তাব করেন। পরিশেষে নানা আলোচনার পর স্থির হয় যে অভ্যর্থনা সমিতির সহকারী সভাপতি শ্রীযুক্ত বাবু কেদার নাথ আশ মহাশয় নফরবাবুর অনুপস্থিতিতে অভ্যর্থনা সমিতির সভাপতির কার্য্য করিবেন। কেদারবাবু মহাসম্মেলনের নির্ব্বাচিত সভাপতি রায় নলিনাক্ষ দত্ত বাহাদুরকে সভাপতির কার্য্য করিতে অনুরোধ করিলে তিনিও সে কার্য্য করিতে স্বীকৃত হন। দ্বিজেন্দ্রবাবু কিশোরী বাবু প্রভৃতি চেষ্টা করিয়া স্বেচ্ছাসেবক দল গঠন করেন।

সভাপতির কলিকাতায় আগমন।

৮ই ফাল্গুন তারিখে নির্দ্দিষ্ট সময়ে সভাপতি মহাশয় শ্রীযুক্ত বাবু রামগোপাল দত্ত এম, এ, শ্রীযুক্ত বাবু বৈদ্যনাথ দত্ত বি, এল, শ্রীযুক্ত

বাবু খগেন্দ্র নাথ সিংহ এল, এম, এস্, ; শ্রীযুক্ত বাবু গুরুদাস সিংহ এম, এ, বি, এল, শ্রীযুক্ত বাবু গৌরহরি দত্ত, এম, বি, এবং শ্রীযুক্ত বাবু অশ্বিনীকুমার সিংহ, কেশিয়াডাঙ্গার এই কয়েকজন প্রতিনিধির সহিত কলিকাতায় আসিয়া পৌঁছান। শ্রীযুক্ত বাবু কেদার নাথ আশ, শ্রীযুক্ত বাবু বিহারীলাল মল্লিক, শ্রীযুক্ত বাবু কিশোরীমোহন রক্ষিত, শ্রীযুক্ত বাবু শৈলেন্দ্র নাথ কুণ্ডু, শ্রীযুক্ত বাবু দ্বিজেন্দ্রনাথ দত্ত, শ্রীযুক্ত বাবু শ্রীরামচন্দ্র কর, শ্রীযুক্ত বাবু লালবিহারী মল্লিক, শ্রীযুক্ত বাবু হরিধন কুণ্ডু প্রভৃতি বহু বিশিষ্ট ব্যক্তি স্বেচ্ছাসেবকগণের সহিত ষ্টেশনে উপস্থিত ছিলেন। তাঁহারা সভাপতি মহাশয়কে এবং প্রতিনিধিবর্গকে যথাযোগ্য অভ্যর্থনা করিয়া সাদরে বিহারীবাবুর বাটীতে আনয়ন করেন।

প্রতিনিধি সমাগম।

সেই দিবস মফঃস্বলের বহু প্রতিনিধি কলিকাতায় আসিয়া পৌঁছান। স্বেচ্ছাসেবকগণ হাওড়া ষ্টেশনে উপস্থিত থাকিয়া তাঁহাদিগকে অভ্যর্থনা করেন এবং তাঁহাদিগের জন্য নির্দ্দিষ্ট আবাসে তাঁহাদিগকে লইয়া আসেন।

৯ই তারিখে প্রাতঃকালে বেলা ৮ ঘটীকার সময় মহাসম্মেলনের সভাপতি স্বয়ং নফরবাবুর বাটীতে গিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিতে চেষ্টা করেন। কিন্তু সে চেষ্টা বিফল হয়। ৯ই তারিখে বেলা তিন ঘটীকার বহুপূর্ব্বেই সজাতিগণ দলে দলে সভা-মণ্ডপে আসিয়া উপস্থিত হন। এবার সভাগৃহের বিশেষত্ব ছিল তিনটী। প্রথম— মহিলাগণের জন্য 'চিকে'র ব্যবস্থা; দ্বিতীয় স্বর্গীয় মহাপ্রাণ আদর্শ সজাতিসেবক ভূতনাথ পাল মহাশয়, সভার সেবক স্বর্গীয় দীননাথ দাঁ মহাশয় প্রভৃতির চিত্র, তৃতীয় চেয়ারে বসিবার আসন ও স্বেচ্ছাসেবক-গণের বন্দোবস্ত।

কলিকাতা সহরের বহু বিশিষ্ট ব্যক্তি মহাসভায় যোগদান করিয়াছিলেন। শ্রদ্ধেয় নফরচন্দ্র পাল চৌধুরী মহাশয় এবং শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ সোম ও শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দে তাঁহার এই বন্ধুদ্বয় ভিন্ন বোধ হয় সকল বিশিষ্ট সজাতিই সভায় উপস্থিত ছিলেন। মফঃস্বলের ও বহু সজাতি সভায় উপস্থিত হইয়া ইহার কার্য্য সুসম্পন্ন করিতে সাহায্য করিয়াছিলেন। হুগলী, হাওড়া, বর্দ্ধমান, বাঁকুড়া, বীরভূম, মেদিনীপুর, নদীয়া, ২৪ পরগণা, বালেশ্বর, দুমকা, মানভূম, সিংভূম, মুর্শিদাবাদ, মালদহ প্রভৃতি বহু জেলার সজাতিগণ নানা অসুবিধা সত্ত্বেও বহুক্লেশ সহ্য করিয়া সভায় যোগদান করিয়া সভার গৌরব বর্দ্ধন করিয়াছিহেন।

সভারম্ভ।

যথা সময়ে কেদারবাবু সভাপতি মহাশয়ের সহিত সভামণ্ডপে উপস্থিত হইল। সেই সময়ে বরাহনগরের সজাতিযুবকগণ ঐক্যতান বাদন আরম্ভ করেন। প্রথমে কেদারবাবু স্বয়ং সভাপতি মহাশয়কে মাল্যদান করেন এবং মহাসম্মেলনের কার্য্য আরম্ভ করিতে অনুরোধ করেন। তৎপরে সভার কার্য্য আরম্ভ হয়।

শ্রীমতী বেণুকাবালা নন্দী আহ্বান গান গাহিবার পর অভ্যর্থনা সমিতির সভাপতি শ্রীযুক্ত কেদারনাথ আশ মহাশয় অভিভাষণ আরম্ভ করেন।

অভ্যর্থনা সমিতির সভাপতির অভিভাষণ

অভ্যর্থনা সমিতির সভাপতি মহাশয় প্রথমে উপস্থিত সজাতিবর্গকে বহু কষ্ট ও অসুবিধা ভোগ করিয়া এবং আপন আপন কার্য্যের ক্ষতি করিয়া সভায় উপস্থিত হইয়াছেন বলিয়া অভ্যর্থনা সমিতির পক্ষ হইতে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সর্ব্বপ্রথমে তাম্বুলি-সম্মিলনী-সভার ইতিহাস সংক্ষেপে বর্ণনা করেন। তিনি

তাম্বূলি-মহাসম্মেলন।

সভাগৃহের দৃশ্য

স্বেচ্ছাসেবক বৃন্দ

বলেন যে আটাশ বৎসর পূর্ব্বে ১৩০৯ সালের বৈশাখী পূর্ণিমার দিনে স্বর্গীয় মহাত্মা ভূতনাথ পাল মহাশয়ের চেষ্টায় স্বষ্টিধর কোঁচ মহাশয়ের বাটীতে এই সভা প্রথমে আহূত হয়। এই সভায় বহু সজাতি সমবেত হইয়াছিলেন। স্বর্গীয় চণ্ডীচরণ সিংহ, রাধিকাচরণ সিংহ, ব্রহ্মানন্দ দত্ত, রাজকৃষ্ণ পাল, বালেশ্বরের মহারাজ প্রভৃতির সাহায্যে এই সভা ক্রমে সতেজ হইয়া উঠিয়াছিল। এই সভায় স্থির হইয়াছিল **আমরা সব থাক এক**; কুলচী দ্বারাও প্রমাণিত হইয়াছিল যে ভিন্ন ভিন্ন স্থানে ব্যবসায়ের জন্য আমরা গমন করিলেও বস্তুতঃ আমরা একজাতি। আমাদিগের পরস্পরের মধ্যে আদান প্রদান সম্বন্ধে কোন বাধা থাকিবে না—সকলে একসঙ্গে ভোজন করিব। যদি এখনও কেহ বলেন যে আমরা এক নহি, আমরা ভিন্ন থাকের সঙ্গে মিশিতে পারিব না তাহা হইলে তাঁহাকে বলিতে হইবে যে তিনি পিতৃদ্রোহী। যে জিনিষ সিদ্ধ হইয়া গিয়াছে তাহা অসিদ্ধ করিবার উপায় নাই। যাঁহারা বলেছেন "মিল্‌ব না" তাঁহাদিগকে এইটুকু বলিতে পারি যে তাঁহাদের পূর্ব্বে অনেক মহা মহা মনীষী ব্যক্তি স্থির করিয়াছেন যে আমরা এক এবং অনেক থাক ভাঙ্গা বিবাহ ও তাম্বুলী-সম্মিলনী সভার দ্বারা সম্পন্ন হইয়াছে। ভূতনাথবাবুর অকাল মৃত্যুতে এই সভার নানারূপ দুর্দ্দশা উপস্থিত হয়। এই সময়ে স্বর্গীয় রাজকৃষ্ণ পাল মহাশয় এবং অক্ষয়কুমার পালচৌধুরী মহাশয় অতি কষ্টে এই সভাকে জীবিত রাখিয়াছিলেন। ৺দীননাথ দাঁ মহাশয় তাঁহার চিনি-পটীর গদীবাটীতে সভাকে স্থান দেন এবং সভার জন্য অনেক অর্থব্যয় করেন। তাঁহার উপযুক্ত পুত্র হরিপদ দাঁ মহাশয় এখনও তাম্বুলি-সম্মিলনীর সভার কোষাধ্যক্ষ আছেন।

তাম্বুলি-সম্মিলনী-সভার উদ্দেশ্য শিক্ষা বিস্তার করা। এ বিষয়ে তাম্বূলি-সম্মিলনী-সভা বরাবর চেষ্টা করিয়াছেন। এই সম্পর্কে আমা-দিগের সম্মিলনী-সভার সভাপতি মাননীয় নফরচন্দ্র পালচৌধুরী মহাশয়

অনেক টাকা দান করিয়াছেন। এ জাতির দরিদ্র বালকবালিকাদের শিক্ষার জন্য তিনি এ পর্য্যন্ত প্রায় ৬৫ হাজার টাকা দান করিয়াছেন। এ জাতিতে এ পর্য্যন্ত কেহ এরূপ দান করেন নাই এবং কেহ করিবেন কিনা সন্দেহ আছে। সুতরাং আমরা তাঁহার নিকট অশেষ ভাবে ঋণী। তিনি যে আমাদিগের ধন্যবাদভাজন সে বিষয়ে কোন সন্দেহ নাই। "আমরা দেখতে পাচ্ছি যে তিনি এ সভায় আজ উপস্থিত নাই। তাহার কারণ বলবার আবশ্যক করে না।" তবে এই পর্য্যন্ত বলা যায় যে আমরা কাহারও নিন্দাবাদের পক্ষপাতী নই। কাহারও দোষ থাকলেও আমরা তাহার নিন্দা কর্ব্বোনা। আমরা দেখব মানুষের গুণ। তা না হলে আমাদের সমাজ থাকে না, সমাজের নিয়ম থাকে না। সমাজে যদি আমরা সকলের দোষ অনুসন্ধান করি, ছিদ্র অনুসন্ধান করি, তাহলে খুব কম লোকই আছেন যাহার কিছু না কিছু দোষ না পাওয়া যায়। দোষগুণে জড়িত মানুষ। এটা সকলেই জানেন সুতরাং দোষহীন মানুষ, একেবারে সম্পূর্ণ শুদ্ধ, পবিত্র মানুষ পাওয়া সম্ভব নহে। তারপর আমাদের নিয়ম এই যে আমরা কাহারও দোষ দেখবো না। যার যতটুকু গুণ পাব সেই গুণের প্রশংসা কর্ব্বো এবং সেই গুণের দ্বারা আমাদিগের যতটুকু উপকার হয় সেই উপকারটুকু পেতে আমরা সর্ব্বদা সচেষ্ট থাকবো। সুতরাং যদি নফরবাবুর কোন নিন্দাবাদ হয়ে থাকে তাহা করা উচিত নহে। এর বেশী কথা বল্লে আমাদের পরস্পরের বিরোধ হওয়ার সম্ভাবনা হতে পারে সুতরাং এ সম্বন্ধে এইটুকু আভাষ দিলাম—আর কিছু বলবো না। আমার অভ্যর্থনা-সমিতির সভাপতি বা চেয়ারম্যান হিসাবে এ সম্বন্ধে অন্য কোন কথা বলবার অধিকার নাই এবং তাও বলতে পার্ব্বো না। (শুনিতে চাই) যদি আবশ্যক হয়, যদি কেহ বিবেচনা করেন বলা আবশ্যক, তাহ'লে ব্যক্তিগত ভাবে আপনাদিগের কাছে বলবো। যদি আপনারা কেহ শুনিতে চান, শুনিতে প্রস্তুত থাকুন।

শিক্ষার জন্য নফরচন্দ্র পাল চৌধুরী মহাশয় টাকা দিয়াছেন। অতঃপর তিনি যদি তাহা না দিতে পারেন। মানুষের অবস্থার বিপর্য্যয় সব সময়ই হতে পারে। ইন্দ্রের ইন্দ্রত্ব হরণও শাস্ত্রে আছে। নফর চন্দ্র পালচৌধুরী মহাশয় যে চিরকাল দান চালাতে পার্ব্বেন তার স্থিরতা কি? তিনি যদি অতঃপর না দেন তা হলে আমাদের এই সমাজে এই জাতির দরিদ্র বালক বালিকাগণের কি শিক্ষা হবে না? নফরচন্দ্র পালচৌধুরী মহাশয়ের দানের সঙ্গে সঙ্গে কিংবা জীবনের সঙ্গে সঙ্গে কি তাম্বুলি দরিদ্র বালক বালিকাদের শিক্ষা শেষ হবে? আপনারা কি তাহাই অনুমোদন করেন? যদি তা না করেন তা হলে এই দরিদ্র বালক বালিকাগণের শিক্ষা সম্বন্ধে আপনারা উপায় বিধান করুন। প্রত্যেকে শিক্ষার জন্য যে একটা ভাণ্ডার হয়েছে তাতে যথাসাধ্য দান কর্ব্বেন। নিজেরাও দান কর্ব্বেন, অন্যকেও দান কর্ব্বার জন্য প্রেরণা দিবেন এবং অনুরোধ কর্ব্বেন। দরিদ্রগণের ভরণ পোষণের এবং দরিদ্র বালক বালিকাদিগের শিক্ষার এবং অন্যান্য হিতকর কার্য্যের জন্য এই ভাণ্ডার হইতে ব্যয়িত হইবে। যে কারণেই হউক না কেন যখন নফরচন্দ্র পালচৌধুরী মহাশয় এ সভায় আগমন করেননি তখন বুঝিতে হইবে যে এরপর তিনি দান কর্ব্বেন কিনা সেটা সন্দেহের বিষয়। ভিতরের কোন কথা বলিতে চাহি না। তবে সহজবুদ্ধিতে অনুমান হয় যে তিনি হয় ত অতঃপর আর সভার সঙ্গে সংস্রব রাখিবেন না এবং দরিদ্র বালক বালিকাগণের জন্য যে দান করেছেন সে দানও তিনি আর কর্ব্বেন না। আপনাদিগের সম্মুখে এক ভীষণ সমস্যা। আলোচনা-সমিতির বৈঠকে আপনাদিগকে ইহার সমাধান করিতে হইবে।"

তাম্বুলি-পত্রিকার বিষয় আলোচনা প্রসঙ্গে তিনি অত্যন্ত দুঃখ করিয়া বলেন যে অনেকে পত্রিকা লইয়াও ইহার জন্য বার্ষিক একটাকা চাঁদা দেন না। তিনি সকলকে এ বিষয়ে অবহিত হইতে উপদেশ দেন।

আমরা বৈশ্য। বাঙ্গলাদেশে শূদ্রের সংস্পর্শে আসিয়া আমরা বৈশ্যাচার হারাইয়াছি। আমরা উপবীত পরিত্যাগ করিয়াছি; এক মাস অশৌচবিধি পালন করিতেছি। আমাদের পেশাও চাকুরী নহে ব্যবসায়। সজাতিগণকে বৈশ্যাচার গ্রহণের প্রতিজ্ঞা করিতে হইবে এবং সমাজে এ বিষয়ে আন্দোলনও চালাইতে হইবে।

ব্যবসায় এ জাতির প্রাণ। আমরা চিনি প্রভৃতির ব্যবসায় হারাইয়া দিন দিন নিৰ্জ্জীব হইয়া পড়িয়াছি। এখন পুনরায় ব্যবসায়ে উন্নতির জন্য উপায় উদ্ভাবন করিতে হইবে। পৃথিবীর সকল স্থানেই এখন সমবায় পদ্ধতিতে ব্যবসায় চলিতেছে. আমরা কি তাহা পারি না?

তিনি বলেন, পণপ্রথার বিরুদ্ধে অনেক আলোচনা হইয়া গিয়াছে। সকলেই জানেন ইহা কিরূপে লোককে সর্ব্বস্বান্ত করিয়া সমাজে অশান্তি আনয়ন করিয়াছে। ইহাকে পরিত্যাগ করিতেই হইবে। সকলকেই প্রতিজ্ঞা করিতে হইবে যে পুত্রের বিবাহে পণগ্রহণ করিবেন না। যিনি প্রতিজ্ঞা রক্ষা করিতে পারিবেন তিনিই প্রতিজ্ঞা করুন। প্রতিজ্ঞা করিয়া রক্ষা না করিলে মনুষ্য-ধৰ্ম্ম ও সত্যের অবমাননা করা হয়।

এখন ১৩।১৪ বৎসরের পূর্ব্বে বালিকাগণের বিবাহ হইতেছে না। সুতরাং পাত্রেরও বয়স অন্ততঃ ২১।২২ বৎসর হইয়া উঠিয়াছে। পুত্র উপার্জ্জনক্ষম না হইলে তাহার বিবাহ দিব না এরূপ প্রতিজ্ঞা করা উচিত। তাহাতে পুত্রের মঙ্গল, জাতির মঙ্গল। পুত্র কন্যার বিবাহের কাল বৰ্দ্ধিত হইলে পণপ্রথাও নিবারিত হইতে পারিবে।

ইহার পর সভাগৃহ ও সালিশি বোর্ডের আবশ্যকতার বিষয় আলোচনা করিয়া কেদারবাবু তাঁহার বক্তব্য শেষ করেন।

কেদারবাবুর কথা শেষ হইলে মফঃস্বলের একজন প্রতিনিধি (গৌরীশঙ্করবাবু, মেদিনীপুর) প্রশ্ন করেন। "নফরবাবু আজ কেন

আসেন নি? রাজেন্দ্রবাবু কেন উপস্থিত হন নি? সেটা আমার জানতে ইচ্ছে কর্চ্ছে।"

কেদারবাবু "সেটা ব্যক্তিগত জিনিষ, সে জবাব এখন দিতে পার্ব্বো না।"

মহাসম্মেলনের সভাপতির

অভিভাষণ।

অভ্যর্থনা সমিতির সভাপতি মহাশয় ও সমবেত ভদ্রমহোদয়গণ!

মুখবন্ধ।

১। আমার এই অশীতিপর বার্দ্ধক্যবস্থায় শরীর ও মনের গতি অতি দুর্ব্বল ইহা জানিয়াও আমার কি গুণে আপনারা আমাকে তাম্বুলি-মহাসম্মেলনের সভাপতি পদে বরণ করিলেন তাহা বলিতে পারি না। তত্রাচ যখন আমাকে এই পদে অভিষিক্ত করিলেন তখন আমি এই পদের সম্পূর্ণ অনুপযোগী হইলেও আপনাদের আদেশ পালন জন্য আমাকে ইহা স্বীকার করিতে হইবে। এই কার্য্যে আমার সহস্র ত্রুটী ও অক্ষমতা যাহা প্রকাশ পাইবে তাহা আপনাদের উদারতাগুণে মার্জ্জনা করিবেন।

সভার উদ্দেশ্য।

২। এই সভার অধিবেশন রাজনৈতিক আন্দোলনের জন্য নহে, সমগ্র ভারতের হিতকামনার জন্য নহে, এমন কি সমস্ত বাঙ্গালী জাতির কল্যাণের জন্যও নহে, কেবল আমাদের মুষ্টিমেয় সজাতির হিতকামনার জন্য। সভাতে অন্য জাতির অধিষ্ঠান নাই, সকলেই তাম্বুলি সুতরাং এটী আমাদের পূণ্যভূমি ও তীর্থক্ষেত্র।

জাতি।

৩। আমরা জাতিতে তাম্বুলী। তাম্বুল উৎপন্নকারী নহে, তাম্বুল ব্যবসায়ী। এটি অতি সদ্বৃত্তি। ব্রাহ্মণ যজন, যাজন, অধ্যয়ন ও অধ্যাপনা দ্বারা জীবিকা-নির্ব্বাহ করিতে অক্ষম হইলে শাস্ত্রানুসারে তাম্বুল এবং শঙ্খ বিক্রয় করিয়া জীবিকা নির্ব্বাহ করিতে পারেন। সুতরাং ইহা সদ্বৃত্তি তাহাতে আর সন্দেহ নাই। যে জাতি এইরূপ সদ্বৃত্তি দ্বারা জীবিকা নির্ব্বাহ করে তাহারা কোন প্রকারেই শূদ্রপদবাচ্য হইতে পারে না। আমরা বৈশ্য এবং আমাদের কর্ম্ম দ্বারা তাহাই প্রতিপন্ন হইতেছে। এ সম্বন্ধে যুক্তি প্রমাণ শ্রীযুক্ত দুর্গাচরণ রক্ষিত মহাশয় তাঁহার তাম্বুল-বণিক নামক গ্রন্থে বিষদরূপে বিবৃত করিয়াছেন। যাঁহারা উক্ত গ্রন্থ পাঠ করেন নাই তাঁহারা পাঠ করিলেই এ সম্বন্ধে সমস্ত জ্ঞাতব্য বিষয় অবগত হইতে পারিবেন। আজকালকার দিনে সকল জাতি স্ব স্ব জাতিকে উন্নত করিতে চেষ্টা করিতেছেন। বৈদ্যগণ ব্রাহ্মণ হইয়া দশ রাত্রি অশৌচ পালন করিতেছেন, কায়স্থগণ ক্ষত্রিয় হইয়া দ্বাদশ রাত্রি অশৌচ পালন করিতেছেন, আমরা আচার ব্যবহার ও ব্যবসায়ে প্রকৃত বৈশ্য হইয়াও জানি না কি অপরাধে শূদ্রপদবাচ্য হইয়া মাসাশৌচ গ্রহণ করিতেছি। অনেক জল-অনাচরণীয় জাতিও বৈশ্য হইয়া পঞ্চদশ দিবস অশৌচ করিতেছেন। আমাদের আচার ব্যবহার বর্ণশ্রেষ্ঠ জাতির আচার ব্যবহার অপেক্ষা হীন নহে। অতএব শাস্ত্রানুসারে সংস্কার গ্রহণ করিয়া আমাদের বৈশ্যোচিত পঞ্চদশ দিন অশৌচ পালনই কর্ত্তব্য মনে করি।

সর্ব্বথাক সম্মেলন ও পণপ্রথা।

৪। আমাদের জাতি অন্য অনেক জাতির তুলনায় সংখ্যায় অতি অল্প। এই অল্প সংখ্যার মধ্যেই আমরা বহু থাকে বিভক্ত। পরস্পর

থাকের সহিত আদান-প্রদান, আচার-ব্যবহার এমন কি পরিচয় পর্য্যন্ত কিছুদিন পূর্ব্বে ছিল না। আমাদের মধ্যে এই প্রকার ব্যবধান দূর করিয়া জাতির উন্নতি করিতে হইলে সকলের সম্মেলন প্রয়োজন। ইহা বুঝিয়াই ন্যূনধিক ৩৫ বৎসর পূর্ব্বে আমাদের সজাতির মধ্যে স্বর্গীয় ভূতনাথ পাল মহাশয়, চণ্ডীচরণ সিংহ মহাশয়, মহারাজ বৈকুণ্ঠনাথ দেব বাহাদুর, দীননাথ দাঁ মহাশয়, সহায় নারায়ণ পাল মহাশয় ও শ্রীযুক্ত নফর চন্দ্র পাল চৌধুরী, বিহারীলাল মল্লিক কেদারনাথ আশ মহাশয় প্রমুখ কতিপয় মহাত্মা বদ্ধপরিকর হইয়া যে আন্দোলন উত্থাপন করিয়াছিলেন তাহা শত বাধা বিপত্তি ক্রমে ক্রমে অতিক্রম করিয়া আজ এই মহা-সম্মেলনে পরিণত হইয়াছে। জাতির মধ্যে থাক যত বেশী থাকিবে ততই জাতি দুর্ব্বল হইবে সুতরাং থাক বলিয়া কোন কথা না থাকে তাহা আমাদিগকে করিতে হইবে। ইহা করিতে হইলে পরস্পর থাকের মধ্যে বৈবাহিক সম্বন্ধ স্থাপনই প্রকৃষ্ট উপায়। এখন যেমন নিজ নিজ থাকের মধ্যে গোত্রভেদে অবাধে আদান প্রদান চলিতেছে, সেইরূপ থাক উঠাইয়া দিয়া সমস্ত তাম্বুলী জাতির মধ্যে যাহাতে গোত্রভেদে আদান প্রদান চলে তাহার ব্যবস্থা করাই একান্ত প্রয়োজনীয়। যদিও আমাদের মধ্যে এখন থাক-ভাঙ্গা বিবাহ কতক কতক চলিতেছে তথাপি উহা এখনও সাধারণ ভাবে প্রচলিত হয় নাই। উহার প্রসার বৃদ্ধি করিতে হইলে আমাদের মধ্যে যাঁহারা থাক-ভাঙ্গা বিবাহে অগ্রণী হইতেছেন তাঁহারা যাহাতে এরূপ কার্য্যে নিজ নিজ থাকের সজাতিদিগের দ্বারা বাধাপ্রাপ্ত না হইয়া বরং উৎসাহ প্রাপ্ত হন তাহার ব্যবস্থা আমাদের সকলেরই করা কর্ত্তব্য। আমরা সকলে যদি এই কথা মনে রাখি তবে থাক-ভাঙ্গা কার্য্য সত্বরে সম্পন্ন হইবে আশা করা যায়।

৫। আমরা দেখিতেছি নদীয়া, মুর্শিদাবাদ, চব্বিশপরগণা,

বৰ্দ্ধমান, মেদিনীপুর, যশোহর প্রভৃতি জেলার স্বজাতিগণের আচার ব্যবহার শুদ্ধ। কিন্তু রাঁচি, ছোটনাগপুর প্রভৃতি মধ্য-বিভাগের তাম্বুলিগণের মধ্যে অধিকাংশের আচার ব্যবহারেও হীনতা দেখিতে পাওয়া যায়। কিন্তু তাঁহারাও যখন আমাদের সজাতি তখন তাঁহাদিগকে ঘৃণার চক্ষে না দেখিয়া তাঁহাদের সহিত মিলিয়া এবং অন্যান্য উপায় দ্বারা যাহাতে তাঁহাদের আচার ব্যবহার উন্নত ও শুদ্ধ হয় তাহার চেষ্টা করা আবশ্যক। আমার ইচ্ছা ২।৪ জন কর্ম্মিপুরুষ প্রচারকস্বরূপ তাঁহাদিগের মধ্যে বিচরণ করিয়া শিক্ষা বিস্তার ও আচার ব্যবহারের সংশোধনের উপদেশ দিয়া তাঁহাদের সহিত আহার শয়ন উপবেশনাদির দ্বারা তাঁহাদের আচার ব্যবহারের উন্নতি সাধনের চেষ্টা করুন।

৬। আজকাল কন্যা পুত্র আদান প্রদানে পণপ্রথা কিছু বাড়াবাড়ি হইয়াছে। বোধ হয় আমাদের মধ্যে অনেকে জ্ঞাত আছেন যে আমাদের মধ্যে মধ্যবিত্ত গৃহস্থ কন্যাদায়ে ঋনগ্রস্ত এমন কি সর্ব্বস্বান্ত হইয়া পড়িতেছেন। আমার মনে হয় থাকভাঙ্গা বিবাহ প্রশস্ত ভাবে চলিলে এই কেনা বেচা রূপ নিষ্ঠুর আচরণ উঠিয়া যাইতে পারে। তবে কন্যার পিতা তাঁহার অবস্থানুসারে স্বেচ্ছা-প্রণোদিত হইয়া যাহা দিবেন তাহাতেই পুত্রের পিতার সন্তুষ্ট হওয়া উচিৎ।

শিক্ষা।

৭। শিক্ষার উন্নতি মনুষ্যজীবনের উৎকর্ষ সাধনের একমাত্র উপায়। শিক্ষা বিষয়ে আমাদের এই জাতি অন্যান্য অনেক জাতি অপেক্ষা বহু পশ্চাতে পড়িয়া আছেন। আমাদের জাতির মধ্যে শিক্ষা বহুলভাবে বিস্তৃত হয় নাই। যদিচ কোন কোন স্থানে কেহ

কেহ উচ্চ শিক্ষিত হইতেছেন তথাপি সাধারণ ভাবে দেখিতে গেলে আমাদের মধ্যে শিক্ষার বিস্তার নাই বলিলেও অত্যুক্তি হয় না। সাধারণ দারিদ্রতা এবং শিক্ষার জন্য আগ্রহের অভাবই ইহার প্রধান কারণ বলিয়া আমার মনে হয়। যৎসামান্য লেখাপড়া শিখিয়া কোন গতিকে অন্ন বস্ত্রের সংস্থান করার মত হইলেই আর পড়াশুনার দিকে তাদৃশ আগ্রহ থাকে না। তাহার উপর উচ্চ শিক্ষা যেরূপ ব্যয়বহুল হইয়া পড়িয়াছে অধিকাংশ ব্যক্তি তাদৃশ গুরুভার গ্রহণ করিতে না পারাও একটি বিশেষ কারণ। এই সমস্যার সমাধান কিরূপে হইতে পারে তাহা আমাদের সকলেরই চিন্তার বিষয় হওয়া উচিৎ। প্রথমতঃ আমাদের স্বজাতির মধ্যে শিক্ষার আকাঙ্ক্ষা যাহাতে অধিকতর ভাবে জাগ্রত হয় তাহার চেষ্টা করা ও ঐ আকাঙ্ক্ষা যাহাতে কার্য্যে পরিণত হয় তাহার উপায় উদ্ভাবন করা এই দুইটী প্রধান কার্য্য। আমাদের স্বজাতির মধ্যে অধিকাংশ পল্লীবাসী। ঐ পল্লীগ্রাম বাসীদের মধ্যে যাঁহারা অর্থশালী তাঁহারা চেষ্টা করিয়া যদি মফঃস্বলে স্কুল স্থাপনা করিয়া বা করাইয়া শিক্ষা বিস্তারের চেষ্টা করেন এবং যাঁহারা অত্যন্ত দুঃস্থ তাঁহাদিগকে যথাসাধ্য সাহায্য করিয়া বা করা-ইয়া যাহাতে তথাকার সমস্ত সজাতির ছেলেরা শিক্ষা প্রাপ্ত হয় তাহার চেষ্টা করেন তবে মফঃস্বলে শিক্ষার সমস্যার কতকটা সমাধান হয়। আমাদের মধ্যে যাঁহাদের সহরে বাস করিবার সৌভাগ্য হইয়াছে তাঁহাদের বিদ্যালয়ের অভাব বোধ করিতে হয় না। তাঁহাদের মধ্যে যাঁহারা অর্থশালী তাঁহারা যদি মফঃস্বলে ঐরূপ বিদ্যালয় স্থাপনের চেষ্টা করেন এবং যে যে সহরে উচ্চ শিক্ষার জন্য বিদ্যালয়ের ব্যবস্থা আছে সেখানে দুঃস্থ সজাতি বালকদিগের মধ্যে অন্ততঃ কয়েকটীকে রাখিয়া তাহাদের শিক্ষার সাহায্য করেন তাহা হইলে শিক্ষা ক্রমে ক্রমে কিয়ৎপরিমাণে অগ্রসর হইতে পারে। ভগবানের কৃপায় আমাদের মধ্যে যাঁহারা অর্থশালী আছেন তাঁহারা যদি সজাতির উন্নতিকল্পে

অর্থ সাহায্য দ্বারা স্বজাতি বালকের শিক্ষার পথ প্রশস্ত করেন তাহা হইলেও কতকটা শিক্ষা বিস্তারের সাহায্য হইতে পারে। এবিষয়ে শ্রীযুক্ত বাবু নফরচন্দ্র পাল চৌধুরী মহাশয় যে ভাবে সাহায্য করিতে-ছেন তাহা সকলেরই অনুকরণীয়। তিনি বাস্তবিকই প্রত্যেক স্বজাতির ধন্যবাদার্হ। যদি এইরূপ যাঁহার যতটুকু সাধ্য তিনি ততটুক শিক্ষা বিস্তার জন্য চেষ্টা ও সাহায্য করেন তবে আমার বিশ্বাস অচিরে আমাদের মধ্যে শিক্ষা বিস্তার লাভ করিবে। এবং শিক্ষার উপকারিতা সাধারণের মধ্যে প্রচারিত হইলে সাধারণের আগ্রহ ও দিন দিন বাড়িতে থাকিবে।

৮। আমাদের এই শিক্ষা বালক ও বালিকা উভয়েরই মধ্যে প্রচলিত হওয়া আবশ্যক। উভয় চেষ্টা একত্রে না হইলে শিক্ষার অঙ্গহানি হইবে। তাই বলিয়া আমার মতে বালক ও বালিকার শিক্ষা এক প্রণালীতে চালাইলে চলিবে না। আমাদের জাতি অতি দরিদ্র। আমাদের মেয়েরা শিক্ষার সঙ্গে সঙ্গে বিলাস না শিখে ও গৃহকর্ম্মে আস্থাহীনা না হয় তাহার দিকে বিশেষ দৃষ্টি রাখিতে হইবে।

অর্থাগমের উপায়

৯। শিক্ষার সঙ্গে শিক্ষিত ব্যক্তিদিগের অর্থোপার্জ্জনের সুগম উপায় স্থির করিতে হইবে। বিদ্যা শিক্ষা করিয়া চাকুরীর জন্য যাহাতে লালায়িত হইয়া বেড়াইতে না হয় তাহার উপায় উদ্ভাবন করার প্রয়োজন। আমরা ব্যবসায়ী জাতি। অর্থশালী হইতে হইলে শিক্ষা ও ব্যবসায়ই প্রধান উপায়। কিন্তু তাহার জন্য অর্থের প্রয়োজন। আমাদের মধ্যে এমন ব্যক্তি অল্পই আছেন যাঁহারা কেবলমাত্র নিজ বা পৈতৃক অর্থে সুচারুভাবে কারবার চালাইতে সমর্থ। যাঁহাদের সে সৌভাগ্য আছে তাঁহারা নিজ নিজ দরিদ্র

আত্মীয় স্বজনের শিক্ষিত বালক ও যুবকদের লইয়া তাঁহাদিগের ব্যবসায় শিক্ষার পথ সুগম করিয়া দিলে কতক বালকের উপায় হইতে পারে। এ বিষয় মাড়োয়ারী ব্যবসায়ীগণ তাঁহাদের দেশাগত ব্যক্তিগণের জন্য যেরূপ ভাবে তাঁহাদের ব্যবসায়ের পথ প্রশস্ত করিয়া দেন তাহা বোধ হয় অনুকরণযোগ্য।

১০। সমস্ত সভ্যদেশে যৌথ-কারবার, লিমিটেড্ কোম্পানী, প্রচলিত আছে। সেই সকল দেশে ঐ প্রকার কারবার দ্বারাই ব্যবসায়ের উন্নতি হওয়ায় সেই সকল দেশ জগতের শীর্ষস্থান অধিকার করিয়াছে। ইহার সুবিধা এই যে ইহাতে ব্যক্তিগত মূলধন বেশী প্রয়োজন হয় না। অনেকের নিকট সামান্য সামান্য মূলধন লইয়া একটী বিশাল ব্যবসায়ের সৃষ্টি করিতে পারা যায়। আমাদের দেশে এই ভাবে যৌথ-কারবার প্রচলিত ছিল না। অধুনা এখানে যদিও যৌথ-কারবার সামান্যভাবে আরম্ভ হইয়াছে তথাপি তাহা ভালরূপে চলিতেছে না। ইহার প্রধান কারণ পরস্পরের উপর বিশ্বাসের অভাব। যদি আমরা সজাতির মধ্যে পরস্পরের সহিত বিশিষ্টভাবে মেলামেশা করিয়া পরস্পর পরস্পরের বিশ্বাসভাজন হইতে পারি তবে আমরা নিজেদের সমাজের মধ্যে অল্প অল্প মূলধন লইয়া যৌথ-কারবার প্রতিষ্ঠা করিতে পারিলে ব্যবসায়ে মূলধন-অভাব-সমস্যার অনেকটা সমাধান হয়। আর একটী উপায়, কো-অপারেটিভ সিস্টেম অবলম্বন করিয়া কার্য্য চালান। তাহাতেও ব্যক্তিগত প্রচুর মূলধনের আবশ্যক হয় না। অথচ সেই কো-অপারেটিভের অধীনে ছোট ছোট ব্যবসায় আরম্ভ করিয়া তাহার উন্নতি করিতে পারা যায়। ইহাও আমাদের সজাতির মধ্যে পরস্পর পরিচয়ের দ্বারা বিশ্বাস স্থাপন ভিন্ন কার্য্যকরী হইতে পারে না। আমার মতে যাহাতে আমাদের মধ্যে এইরূপ মিলামিশি দিন দিন বর্দ্ধিত হয় সে বিষয়ে আমাদের সকলের চেষ্টা করা উচিৎ।

১১। আজ কাল ভারতে যে নব জাগরণ আসিয়াছে তাহার স্রোত আমাদের মধ্যেও প্রবাহিত হইতেছে। এ বিষয়ে আলোচনা করিতে গেলে অনেক রাজনৈতিক বিষয়ের অবতারণা হইবে যাহ আমাদের সভায় আলোচ্য নহে। কিন্তু ঐ নব-জাগরণের প্রধান নায়ক ও মূলাধার মহাত্মা গান্ধীর মূলমন্ত্র আমাদের দরিদ্র জাতির অনেক অভাব দূর করিতে পারে। সে তাঁহার চরকার বাণী। আমি আমার বালককালে আমাদের দেশে এবং যুবা বয়সেও বীরভূম প্রদেশে দেখিয়াছি সাধারণ গৃহস্থের বস্ত্রের জন্য কাহাকেও দোকানদারের নিকট যাইতে হইত না। তাহারা নিজ গ্রামজাত কার্পাসের দ্বারা ঐ চরকায় গৃহজাত সূতা প্রস্তুত করিয়া স্বগ্রামবাসী তন্তুবায়কে সামান্য বানি দিয়া নিজ নিজ বস্ত্র সমস্যার সমাধান করিত। আমরা তাঁহাদেরই বংশধর। ৫০ বৎসর পূর্ব্বে যাহা সম্ভব ছিল তাহা পুনরায় সম্ভব করা আয়াসসাধ্য হইলেও অসম্ভব নহে। তাহাতে রাজনৈতিক সমস্যার কতদূর সমাধান হইবে তাহা সেই মহাপুরুষই জানেন। তবে ইহাতে আমাদের দরিদ্র জাতির যে একটা প্রধান অর্থ সমস্যার সমাধান হয় তাহাতে বিন্দুমাত্র সন্দেহ নাই। আমরা প্রত্যেকে দৃঢ়প্রতিজ্ঞ হইলেই ইহা করিতে পারি। কোন বাধাই ইহাকে রোধ করিতে পারে না। যদি আমরা প্রত্যেকে মনে করি যে আমরা এই কার্য্য করিবই সময়ের অভাব, যৌথ-পরিবারের বিশৃঙ্খলা প্রভৃতি যাহা ইহার আপাততঃ অন্তরায় বলিয়া মনে হয় তাহা কেবল ইচ্ছার অভাব ভিন্ন আর কিছুই নহে।

১২। উপসংহারে আমার নিবেদন আমরা যেন সকল থাকের এবং সকল স্থানের স্বজাতিকে এক বংশোদ্ভব মনে করিয়া পরিবারের মধ্যে ভ্রাতৃভাব স্থাপন করি এবং সকলকে আমরা আপন বলিয়া বুকের দিকে টানিয়া লই। স্নেহ ও সহৃদয়তার বন্ধনে বদ্ধ হইয়া পরস্পরের সুখ-শান্তির প্রতি যত্নবান হই। ভগবানের নিকট প্রার্থনা

যে তিনি আমাদের এই মহাসম্মেলনের মহৎ উদ্দেশ্য সাধনের সহায় হউন।

ইহার পর কিছুক্ষণের জন্য সভার কার্য্য বন্ধ থাকে উপস্থিত ভদ্রমণ্ডলী জলযোগ ও পরস্পরের সহিত আলাপ করেন। পরে ৭॥ ঘটীকার সময় বিষয়-নির্ব্বাচন কমিটির বৈঠক হয়।

বিষয় নির্ব্বাচন সমিতি।

সভাপতি মহাশয় অত্যন্ত পরিশ্রান্ত হওয়ায় বিষয়-নির্ব্বাচন সমিতিতে যোগদান করিতে পারেন নাই। তাঁহারই নির্দ্দেশক্রমে শ্রীযুক্ত বাবু রামগোপাল দত্ত মহাশয় সভাপতির কার্য্য করেন। রাত্রি ৭॥ ঘটীকার সময় কলিকাতা ও মফঃস্বলের সকল স্থানের প্রতিনিধিগণকে লইয়া এই সভার কার্য্য আরম্ভ করেন।

কলিকাতা।

শ্রীযুক্ত বাবু কেদার নাথ আশ, শ্রীশৈলেন্দ্র নাথ কুণ্ডু, শ্রীকিশোরীমোহন রক্ষিত, শ্রীবিহারীলাল মল্লিক, শ্রীখগেন্দ্রনাথ পাল, শ্রীহরিধন কুণ্ডু, শ্রীদ্বিজেন্দ্রনাথ দত্ত, শ্রীসুরেশচন্দ্র পাল, শ্রীকালীকৃষ্ণ রক্ষিত, ডাক্তার নরেন্দ্রনাথ নন্দী, শ্রীবৈদ্যনাথ রক্ষিত, শ্রীচারুচন্দ্র নন্দী, শ্রীহরিপদ দাঁ, শ্রীরাজেন্দ্রনাথ গুঁই, শ্রীশৈলেন্দ্রনাথ রক্ষিত, শ্রীনিবারণ চন্দ্র রক্ষিত, শ্রীদুর্গাদাস দে, শ্রীকালীপ্রসন্ন রক্ষিত, শ্রীহরিপ্রসন্ন রক্ষিত, শ্রীকার্ত্তিকচন্দ্র দত্ত, শ্রীলালগোপাল দত্ত, শ্রীঅনুকূল চন্দ্র লাহা, শ্রীসুরেন্দ্র নাথ সরকার, শ্রীরামরঞ্জন সিংহ, শ্রীশ্রীরামচন্দ্র কর, শ্রীপ্রমথ নাথ আশ, শ্রীসুশীলচন্দ্র কর, শ্রীশশিভূষণ রক্ষিত।

হাওড়া।

শ্রীসুরেন্দ্র নাথ সিংহ, শ্রীসতীশ চন্দ্র সিংহ শ্রীসতীশ চন্দ্র রক্ষিত, শ্রীমনোহর রক্ষিত, শ্রীপশুপতি নাথ দে।

হুগলী।

শ্রীকার্ত্তিক চন্দ্র কর, শ্রীচণ্ডীচরণ দত্ত, শ্রীসাধন চন্দ্র দত্ত, শ্রীঅনাদি চরণ নন্দী, শ্রীসুরেন্দ্র নাথ পাল, শ্রীমোহন লাল সিংহ, শ্রীনীলমণি সিংহ শ্রীচণ্ডীচরণ রক্ষিত, শ্রীযুগলকৃষ্ণ দত্ত, শ্রীরাধিকাপ্রসাদ সিংহ, শ্রীনিরঞ্জন পদ সেন।

বৰ্দ্ধমান।

শ্রীবৈদ্যনাথ হালদার, শ্রীউপেন্দ্র নাথ কুণ্ডু, শ্রীবৈদ্যনাথ দত্ত, শ্রীগজেন্দ্র কৃষ্ণ দে।

বীরভূম।

শ্রীবক্রনাথ দত্ত, শ্রীশশিভূষণ কর, শ্রীযতীন্দ্র নাথ কোঁচ (সীতাপুর)।

মেদিনীপুর।

শ্রীবিপিন বিহারী দাস, শ্রীআশুতোষ সেন, শ্রীদুর্গাচরণ দাস, শ্রীযজ্ঞেশ্বর কর, শ্রীকৃষ্ণপ্রসাদ দে, শ্রীগৌরীশঙ্কর দাস, শ্রীশরৎচন্দ্র কর, শ্রীশরৎচন্দ্র দত্ত, শ্রীচারুচন্দ্র মল্লিক, শ্রীরজনীকান্ত মল্লিক, শ্রীমাণিকেশ্বর কুণ্ডু, শ্রীগোপালচন্দ্র দত্ত, শ্রীকিশোরী মোহন দত্ত, শ্রীখগেশচন্দ্র দত্ত, শ্রীকালীচরণ গুঁই।

বাঁকুড়া।

শ্রীরামসদয় দত্ত, শ্রীগোপেশ্বর কুণ্ডু, শ্রীপূর্ণচন্দ্র পাল, শ্রীগোপীনাথ রক্ষিত, শ্রীদোল গোবিন্দ দে, শ্রীপ্রমথ নাথ কুণ্ডু, শ্রীরাম কিঙ্কর দত্ত, শ্রীরামসৃষ্টি কুণ্ডু, শ্রীরামলাল কুণ্ডু, শ্রীনগেন্দ্র নাথ দত্ত, শ্রীপ্রবোধ চন্দ্র দত্ত, শ্রীনারায়ণ চন্দ্র কুণ্ডু, শ্রীসুরেন্দ্র নাথ কুণ্ডু, শ্রীভূপতি চরণ দত্ত, শ্রীহর্ষগোপাল কুণ্ডু।

পুরুলিয়া (মানভূম)

শ্রীশশধর পাল, শ্রীবিভূতিভূষণ সেন।

সিংভূম।

শ্রীযোগেশচন্দ্র নন্দী, শ্রীদুর্গাচরণ দে, শ্রীবৈকুণ্ঠ নাথ ভদ্র।

ডুমকা।

শ্রীবসন্ত নাথ দে, শ্রীনরেন্দ্র নাথ দে।

ঝাঁটীপাহাড়ী।

শ্রীগজেন্দ্রকৃষ্ণ দে।

মুর্শিদাবাদ।

শ্রীতারিণীশঙ্কর সিংহ, শ্রীমোহিনীমোহন দত্ত, শ্রীসুরেন্দ্র নাথ দত্ত, শ্রীআশুতোষ দত্ত।

নদীয়া।

শ্রীখগেন্দ্র নাথ সিংহ, শ্রীবৈদ্যনাথ দত্ত, শ্রীরামগোপাল দত্ত, শ্রীগুরুদাস সিংহ, শ্রীদক্ষিণারঞ্জন দত্ত, শ্রীকৃষ্ণ সিংহ, শ্রীজগবন্ধু লাহা।

বালেশ্বর।

শ্রীযতীন্দ্র নাথ কর। শ্রীরবীন্দ্র নাথ কর, শ্রীরামকৃষ্ণ কর।

ফরীদপুর।

শ্রীপ্রভাস চন্দ্র দত্ত।

মালদহ।

শ্রীপঞ্চানন সিংহ।

প্রথমেই শ্রদ্ধেয় সুরেশচন্দ্র পাল মহাশয় বলেন যে মফঃস্বলের ও সহরের অনেকেই এই সভায় নফরবাবু ও রাজেন্দ্রবাবুকে না দেখিয়া দুঃখিত হইয়াছেন। সুতরাং পর দিবস প্রাতঃকালে প্রত্যেক জেলার প্রতিনিধিগণকে লইয়া তিনি নফরবাবুকে সভায় যোগদান করিবার জন্য পুনরায় অনুরোধ করিবার পক্ষপাতী। সকলেই একবাক্যে এই প্রস্তাব অনুমোদন করিলে ইহা স্থির হইল যে পরদিবস যাঁহার ইচ্ছা তাঁহার সঙ্গে নফরবাবুর সহিত সাক্ষাৎ করিতে যাইবেন এবং

তাঁহাকে সভায় আনিবার জন্য চেষ্টা করিবেন। মহাসম্মেলনের সম্পাদক কিশোরীবাবু তৎক্ষণাৎ নফরবাবু কোন সময়ে বাটী থাকিবেন তাহা সঠিক জানিবার জন্য লোক পাঠাইলেন। উত্তর আসিল নফরবাবুর সহিত সাক্ষাৎ করিবার প্রশস্ত সময় পরদিবস বেলা ৯ ঘটীকা।

কিশোরীবাবু প্রেরিত প্রস্তাবগুলির 'ফাইল' সভায় দাখিল করিলেন। উপস্থিত সভ্যগণের মধ্যে সকলেই আপন আপন প্রস্তাব উত্থাপন করিলেন। নানা আলোচনার পর নিম্নলিখিত ষোলটী প্রস্তাব ও তাহাদের প্রস্তাবক ও সমর্থক স্থির হইল।

১। যে সকল সজাতি প্রথমে সর্ব্বথাক মিলনের পথ প্রশস্ত করিয়া দিয়াছেন, এই মহাসম্মেলন তাঁহাদের উদ্দেশ্যে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করিতেছে।

প্রস্তাবক—শ্রীশৈলেন্দ্রনাথ কুণ্ডু, সমর্থক—শ্রীবৈদ্যনাথ রক্ষিত।

২। যে তাম্বুলি-জাতির সকল থাকের মধ্যে থাকভাঙ্গা-বিবাহ আরও বেশী প্রচলিত করিবার জন্য চেষ্টা করা হউক।

প্রস্তাবক—শ্রীকিশোরীমোহন রক্ষিত, সমর্থক—শ্রীনরেন্দ্রনাথ দে।

৩। যেহেতু সর্ব্বথাকের মিলন একান্ত প্রয়োজন সেই হেতু ভিন্ন ভিন্ন থাকের ভিন্ন ভিন্ন আচার ব্যবহারের একটী তালিকা প্রস্তুত করিয়া তাহার মধ্যে সামঞ্জস্য রক্ষা করিবার জন্য একটী কমিটি গঠন করা হউক।

প্রস্তাবক—শ্রীহরিধন কুণ্ডু, সমর্থক—শ্রীনরেন্দ্রনাথ দে।

৪। থাকভাঙ্গা বিবাহের সুবিধার জন্য পণপ্রথা সম্পূর্ণ রহিত করা আবশ্যক।

প্রস্তাবক—শ্রীগৌরীশঙ্কর দাস; সমর্থক—শ্রীযতীন্দ্রনাথ কর ও শ্রীদুর্গাচরণ দাস।

৫। যে সমগ্র তাম্বুলী জাতির ডাইরেক্টারী প্রস্তুত করিবার জন্য একটী কমিটি গঠন করা হউক।

প্রস্তাবক—শ্রীসতীশচন্দ্র সিংহ, সমর্থক—কালীচরণ গুঁই।

৬। যে মহাসভা হইতে একটী তাম্বুলী কো-অপারেটিভ ব্যাঙ্ক স্থাপিত করিবার চেষ্টা করা হউক।

প্রস্তাবক—শ্রীসুরেন্দ্রনাথ সরকার, সমর্থক—শ্রীমনোহর রক্ষিত ও মোহিনীমোহন দত্ত।

৭। যে তাম্বুলী-জাতির প্রাচীন কীর্ত্তি রক্ষার জন্য প্রাচীন ভগ্ন মন্দিরাদির সংস্কারকল্পে একটী কমিটি গঠন করা হউক।

প্রস্তাবক—সুরেন্দ্রনাথ সিংহ, সমর্থক—শ্রীসুরেশচন্দ্র পাল।

৮। যে এই মহাসম্মেলনে উপস্থিত প্রতিনিধি, অভ্যর্থনা সমিতির সদস্যগণের মধ্য হইতে নির্দ্ধারণ করিয়া একটী কার্য্য-নির্ব্বাহক সমিতির উপর উহার সম্পাদক ও সহকারী সম্পাদক নির্ব্বাচন করিবার ক্ষমতা দেওয়া হউক।

নামের তালিকা—রায় শ্রীনলিনাক্ষ দত্ত বাহাদুর (সভাপতি) শ্রীনফরচন্দ্র পাল চৌধুরী, শ্রীকেদারনাথ আশ, শ্রীবিহারীলাল মল্লিক, শ্রীহরিপদ দাঁ, রায় মন্মথনাথ দেব বাহাদুর, রায় শ্রীযোগেন্দ্রনাথ সিংহ বাহাদুর, শ্রীরামগোপাল দত্ত, শ্রীরাজেন্দ্রনাথ সোম, শ্রীবৈদ্যনাথ দত্ত, শ্রীযোগেন্দ্রনাথ সিংহ, শ্রীকিশোরীমোহন রক্ষিত, শ্রীসুরেশচন্দ্র পাল, শ্রীখগেন্দ্রনাথ পাল, শ্রীহরিধন কুণ্ডু, শ্রীপঞ্চানন সিংহ, শ্রীদ্বিজেন্দ্রনাথ দত্ত, শ্রীকালীকৃষ্ণ রক্ষিত, শ্রীনরেন্দ্রনাথ নন্দী, শ্রীচারুচন্দ্র নন্দী, শ্রীবিপিনবিহারী দত্ত (বাঁকুড়া), শ্রীশ্রীরামচন্দ্র কর। শ্রীরামরঞ্জন সিংহ, শ্রীসুরেন্দ্রনাথ কুণ্ডু (বাঁকুড়া), শ্রীনীলমণি সিংহ (বৈঁচি), শ্রীপশুপতি দে (ডুমকা), শ্রীকৃষ্ণপ্রসাদ দে (গড়বেতা), শ্রীহর্ম-গোপাল কুণ্ডু, (রাজগ্রাম), শ্রীজগবন্ধু লাহা (কৃষ্ণনগর) শ্রীপ্রভাত-রঞ্জন সোম, শ্রীবৈদ্যনাথ রক্ষিত, শ্রীনিশানাথ দত্ত (সাঁওতাল পরগণা),

শ্রীনবগোপাল দে (বীরভূম), শ্রীনরেন্দ্রনাথ লাহা (সাঁওতাল পরগণা), শ্রীগৌরীশঙ্কর দাস (মেদিনীপুর), শ্রীকানাইলাল কর (মেদিনীপুর) শ্রীনিতাইহরি দে, রায় সাহেব বিপিনবিহারী দে বালেশ্বর, শ্রীরামকৃষ্ণ দে, (বালেশ্বর) শ্রীনগেন্দ্রনাথ দত্ত (বাঁকুড়া) শ্রীচণ্ডীচরণ দত্ত।

প্রস্তাবক—শ্রীচণ্ডীচরণ দত্ত, সমর্থক—শ্রীদ্বিজেন্দ্রনাথ দত্ত।

৯। যে এই মহাসম্মেলনের কার্য্য পরিচালনের জন্য নিম্নলিখিত ভদ্রমহোদয়গণকে লইয়া একটী constitution committee (নিয়মাবলী প্রস্তুতকারী কমিটী) গঠিত করা হউক। উক্ত কমিটি অদ্য হইতে তিন মাসের মধ্যে নিয়মাবলী লিখিয়া কার্য্য-নির্ব্বাহক সমিতিতে দাখিল করিবেন।

ভদ্রমহোদয়গণের নাম। রায় নলিনাক্ষ দত্ত বাহাদুর, শ্রীকেদারনাথ আশ, শ্রীকিশোরীমোহন রক্ষিত, শ্রীশৈলেন্দ্রনাথ কুণ্ডু, শ্রীবৈদ্যনাথ দত্ত, শ্রীরামগোপাল দত্ত, শ্রীরাজেন্দ্রনাথ সোম, শ্রীদ্বিজেন্দ্রনাথ দত্ত, শ্রীসুরেন্দ্রনাথ কুণ্ডু, শ্রীচণ্ডীচরণ দত্ত, শ্রীজগবন্ধু লাহা, শ্রীবিহারী লাল মল্লিক, শ্রীহরিপদ দাঁ, শ্রীকালীপ্রসন্ন রক্ষিত।

প্রস্তাবক—শ্রীজগবন্ধু লাহা, সমর্থক শ্রীঅনুকূল চন্দ্র লাহা।

১০। যে স্বজাতীয় দরিদ্রগণের সাহায্যের জন্য এবং শিক্ষা বিস্তারের জন্য একটী জাতীয় ফণ্ড করা হউক। উক্ত ফণ্ডে অভ্যর্থনা সমিতির সভ্যগণ প্রত্যেকে ॥০ হিসাবে এবং দর্শকগণের যাঁহার যাহা ইচ্ছা এই ফণ্ডে দান করুন এবং "কলিকাতার মধ্যে সজাতি ব্যবসায়ীগণ তাঁহাদের দোকানে এক একটী বাক্স রাখিয়া তাহার মধ্যে দৈনিক এক পয়সা, আইন ব্যবসায়ীগণ ও ডাক্তারগণ মাসিক ॥০ করিয়া এবং কার্য্য নির্ব্বাহক সমিতির সভ্যগণ মাসিক ১৲ টাকা করিয়া দান করুন। ফণ্ডের টাকা ব্যাঙ্কে গচ্ছিত থাকিবে।

প্রস্তাবক অনুকূল চন্দ্র লাহা। সমর্থক—দুর্গাচরণ দাস।

১১। যে রাজহাটী থাকের সজাতিগণকে পুনরায় একটী চতুঃ-

সাগরী সভা আহ্বান করিয়া সর্ব্ব-থাক-মিলন-বিষয়ে মত দিতে অনুরোধ করা হউক।

প্রস্তাবক—শ্রীপ্রমথ নাথ কুণ্ডু, সমর্থক—শ্রীদোলগোবিন্দ দে।

১২। যে জাতির শিক্ষা-বিস্তারের উপায় উদ্ভাবন করিবার জন্য নিম্নলিখিত ভদ্র মহোদয়গণকে লইয়া একটী কমিটী গঠন করা হউক। নাম—শ্রীনফর চন্দ্র পাল চৌধুরী, শ্রীকেদার নাথ আশ, শ্রীবৈদ্যনাথ দত্ত, শ্রীরাজেন্দ্র নাথ সোম, শ্রীহরিপদ দাঁ, শ্রীসুরেশ চন্দ্র পাল, শ্রীকিশোরী মোহন রক্ষিত, শ্রীদ্বিজেন্দ্র নাথ দত্ত।

১৩। যে সকল থাকের বৈশ্যোচিত বর্ণাশ্রম ধর্ম্ম পালন করা কর্ত্তব্য এবং বৈশ্য জাতির অনুরূপ ১৫ দিনে অশৌচাদি আচার পালন বিধির বিশেষ ভাবে বিচার প্রয়োজন।

প্রস্তাবক—শ্রীতারিণী শঙ্কর সিংহ, সমর্থক—শ্রীআশুতোষ দত্ত।

১৪। যে এই মহাসম্মেলন সজাতিগণকে সজাতির দোকান হইতে সমস্ত জিনিষ পত্র ক্রয় করিতে এবং উপযুক্ত সজাতি থাকিলে তাঁহাকে কর্ম্মচারিরূপে নিয়োগ করিতে অনুরোধ করিতেছে

প্রস্তাবক—শ্রীসতীশ চন্দ্র রক্ষিত, সমর্থক—শ্রীচারু চন্দ্র রক্ষিত।

১৫। যে যে দুই পত্রিকা বাহির হইতেছে তাহারা পরস্পর কাহাকেও নিন্দাবাদ করিতে পারিবেন না। যদি এই দুই পত্রিকার মধ্যে পরস্পরের নিন্দাবাদ হয় তাহা হইলে এই মহাসম্মেলনের পক্ষ হইতে একটী নূতন পত্রিকা বাহির হইবে এবং তাহাই জাতীয় পত্রিকা বলিয়া গণ্য হইবে।

প্রস্তাবক—শ্রীরজনীকান্ত মল্লিক, সমর্থক—শ্রীবিহারী লাল মল্লিক।

১৬। যে শ্রীযুক্ত কালাচাঁদ শীল মহাশয় জাতীয় পত্রিকার প্রেসের জন্য যে ৮০০৲ টাকা দান করিয়াছেন তাহা লইয়া একটী প্রেস স্থাপনের জন্য একটী কমিটি গঠিত করা হউক এবং উক্ত কমিটির উপর প্রেস স্থাপনের ভার দেওয়া হউক।

প্রস্তাবক—শ্রীশৈলেন্দ্র নাথ কুণ্ড, সমর্থক—চণ্ডীচরণ দত্ত।

ইহার পরে সহর ও মফঃস্বলের সর্ব্ব থাকের বহু সজাতি শ্রদ্ধেয় বিহারী বাবুর বাটীতে এক পঙ্‌ক্তিতে ভোজন করিয়াছিলেন। বিহারী বাবু চির দিনই সজাতির সেবা করিতে পাইলে আনন্দিত। সুতরাং এই মহাসম্মেলনের সুযোগ তিনি হারান নাই। তিনি যথেষ্ট আয়োজন করিয়াছিলেন। তাঁহার সেই "আনন্দ-মেলায়" শ্রদ্ধেয় রাজেন্দ্র বাবু ও পূর্ণবাবুকেও যোগদান করিতে দেখা গিয়াছিল।

পরদিবস নির্দ্দিষ্ট সময়ে শ্রদ্ধেয় সুরেশ চন্দ্র পাল মহাশয় শৈলেন্দ্র বাবু প্রভৃতি বহু সজাতির সহিত নফর বাবুর বাসা বাটীতে গমন করেন এবং তাঁহাকে সভায় আগমন করিতে অনুরোধ করেন। রাজেন্দ্র বাবু এবং পূর্ণ বাবুও সেই স্থানে উপস্থিত ছিলেন। তাঁহারা তিন জনে সমগ্র জাতির মহাসভায় যোগদান করিতে অসম্মত হন। অবশেষে নানা বাদানুবাদের পর নফর বাবু স্থির করিয়া দেন যে তাঁহার একটী প্রস্তাব সভায় গৃহীত হইলে তিনি সভায় যোগদান করিবেন। তাঁহার প্রস্তাবটী এই-- "সন ১৩৩৭ সালের আশ্বিন সংখ্যক তাম্বুলি-হিতৈষী পত্রিকায় মাননীয় মহাত্মা শ্রীযুক্ত বাবু নফর চন্দ্র পাল চৌধুরী ট্রাষ্ট ষ্টেট সম্বন্ধে যেরূপ ভাবে লিখিত হইয়াছে তাহা এই সভা অনুমোদন করেন না।" অতঃপর সজাতিগণ মহাসম্মেলনে এই প্রস্তাব উত্থাপন করিতে অঙ্গীকার করিয়া সানন্দচিত্তে প্রত্যাগমন করেন।

যথাসময়ে সুরেশ বাবু মহামান্য সভাপতি মহাশয়ের সহিত সাক্ষাৎ করেন এবং নফর বাবুর প্রস্তাব উত্থাপন করিবার অনুমতি প্রার্থনা করেন। যদিও এই প্রস্তাব বিষয়-নির্ব্বাচন সমিতিতে আলোচিত হয় নাই তথাপি সভাপতি মহাশয় এই প্রস্তাবটীর আলোচনা হওয়া উচিত বলিয়া বিবেচনা করেন এবং প্রকাশ্য সভার এ বিষয়টী আলোচনা করিবার অনুমতি দেন।

সভাগৃহে

নির্দ্দিষ্ট সময়ে বহু সজাতি সভাগৃহে উপস্থিত হন। যাঁহারা বিশেষ কার্য্যানুরোধে পূর্ব্বদিন সভায় যোগদান করিতে পারেন নাই তাঁহারাও আসিয়া উপস্থিত হইয়াছিলেন। সভাপতি মহাশয় সভায় উপস্থিত হইলে সভার কার্য্য আরম্ভ হয়। সর্ব্ব প্রথমে কেদার বাবু বলেন "অদ্যকার কার্য্যারম্ভের পূর্ব্বে আমার একটী বক্তব্য আছে। আপনাদের মধ্যে কেহ কেহ কাল জানিতে চাহিয়াছিলেন যে আমাদের মহাত্মা নফরচন্দ্র পাল চৌধুরী মহাশয়, শ্রীযুক্ত রাজেন্দ্র নাথ সোম, উদ্ভটসাগর পূর্ণচন্দ্র দে মহাশয় এ সভায় যোগদান করেননি কেন ? আপনাদিগের এই ঔৎসুক্য স্বাভাবিক। শ্রীযুক্ত রাজেন্দ্র নাথ সোম এবং শ্রীযুক্ত পূর্ণচন্দ্র দে মহাশয় এ সভার উদ্যোক্তা। তাঁহাদিগের আমন্ত্রণে এই সভাপতি মহাশয় আসিয়াছেন। (অবশ্য অভ্যার্থনা সমিতির যিনি সভাপতি তাঁহার আমন্ত্রণ না গেলে তিনি আসিতে পারেন না।) সমস্ত কারণ আমার মুখ দিয়া প্রকাশ না হইয়া তাঁহারা কেন আসেন নাই তাহার জন্য একটী resolution বা প্রস্তাব পাঠাইয়াছেন। সেটীর আলোচনা কালে আপনারা সমস্তই অবগত হইবেন। সভায় সেই প্রস্তাব উত্থাপিত, সমর্থিত ও গৃহীত হইলে মাননীয় মহাত্মা নফরচন্দ্র পাল চৌধুরী মহাশয় সভায় আসিতে সম্মত আছেন। যখন সভায় এ প্রস্তাবের আলোচনা হইবে তখন সভাপতি মহাশয় যাঁহাকে অনুমতি দিবেন তিনিই সে সম্বন্ধে বলিতে পারিবেন। এ সম্বন্ধে অনেক লোক একসঙ্গে কথা বলিলে সভার নিয়মভঙ্গ হইবে। যাহা হউক, মূল কথা হইতেছে যে নফরবাবু কোন লেখকের লেখায় ব্যথিত হইয়াছেন। সেই লেখাটী যদি আপনারা অনুমোদন করেন তাহা হইলে তিনি আর এ সভায় আসিতে পারেন না। তাঁহার অনাগমন হেতু শ্রীযুক্ত রাজেন্দ্র নাথ সোম এবং উদ্ভটসাগর মহাশয় আসেন নাই। তিনি না আসিলে ইহারা

দুইজনেও আসিতে পারেন না। কাল আমি বলিয়াছিলাম এইটী ব্যক্তিগত বিষয়। এ সভার মধ্যে ব্যক্তিগত কোন জিনিষ থাকা উচিত নহে। আপনারা এ কথা বলিতে পারেন যে যদি আপনার আমার মধ্যে কোন বিবাদ থাকে তাহা বাহিরের, তাহাতে আমি আসিব, আপনি আসিবেন না. একথা বলা যাইতে পারে না। এটা সাধারণের কার্য্য আমাদিগের জাতির কার্য্য। তবে এটা নির্ভর করে প্রত্যেক ব্যক্তির বিবেচনার উপর। আপনারা যদি মনে করেন অমুক ব্যক্তি আসিয়াছেন, সুতরাং আমি যাইব না তাহা হইলে এ মতের পরিবর্ত্তন করা প্রয়োজন। যাহা হউক সভার কার্য্যারম্ভের পূর্ব্বে এ প্রস্তাবটী আপনাদিগের সম্মুখে উপস্থিত করিতে হইবে। যাঁহারা কল্য বা অদ্য প্রাতে তাঁহার নিকট গিয়াছিলেন তাঁহাদিগের মধ্যে একজন এ প্রস্তাব উত্থাপন করিলে ভাল হয়। আমি অবগত হইয়াছি যে রামসৃষ্টি কুণ্ডু মহাশয় আপনাদিগের নিকট এই প্রস্তাব উপস্থিত করিবেন। তিনি অদ্য নফরবাবুর নিকট গিয়াছিলেন।

এই সময়ে রামসৃষ্টি কুণ্ডু মহাশয় নফরবাবুর প্রেরিত প্রস্তাবটী পাঠ করেন। প্রস্তাবটী এই যে "গত ১৩৩৭ সালের আশ্বিন সংখ্যক তাম্বুলি-হিতৈষী পত্রিকায় মাননীয় মহাত্মা নফরচন্দ্র পাল চৌধুরী ট্রাষ্ট ষ্টেট সম্বন্ধে যেরূপ ভাবে লিখিত হইয়াছে তাহা এই সভা অনুমোদন করেন না।"

এই প্রস্তাবটীর অর্থ বুঝাইবার জন্য শ্রীযুক্ত কেদার নাথ আশ মহাশয় সভায় দ্বিজেন্দ্র বাবুর সেই প্রবন্ধটী পাঠ করেন। তাহার পরে বলেন যে "এই প্রবন্ধে দেখিতেছেন যে প্রথম দফায় মহাত্মা নফর চন্দ্র পাল চৌধুরী মহাশয়ের কথা আছে। এই প্রবন্ধটী ইহা অপেক্ষা ভাল ভাষায় লেখা যাইতে পারিত। অবশ্য লেখকের প্রতি আমার যথেষ্ট শ্রদ্ধা আছে, তত্রাচ আমার মনে হয় যে এ কথাগুলি এইরূপে না বলিয়া অন্যরকম ভাবে বলিলেও চলিতে পারিত। সুতরাং

যদি আপনারা মনে করেন যে সত্য কথা লিখিলে—যে ভাবে লিখিয়াছেন (সত্য মিথ্যা সম্বন্ধে আলোচনা করিবার আবশ্যকতা নাই) সেই ভাবটী আপত্তির বিষয়; সে ভাবের আমরা অনুমোদন করি না তাহা হইলে এই প্রস্তাব গ্রহণ করাই প্রয়োজন।" ইহাতে কাহারও কোন ক্ষতি হইবে না। এই প্রবন্ধের লেখক, সম্পাদক প্রভৃতি কাহারও প্রতি কটাক্ষ হইবে না। এই প্রস্তাবটী গ্রহণ করিলে মহাত্মা নফরচন্দ্র পাল চৌধুরী যদি সভায় যোগদান করেন তাহা হইলে ইহা অপেক্ষা সুখের বিষয় আর কিছুই হইতে পারে না। নফরবাবু সজাতির পৃষ্ঠপোষক, তিনি এতকাল ধরিয়া দান করিয়া আসিতেছেন এবং গত পনেরো বৎসরে প্রায় ৬৫ হাজার টাকা দিয়াছেন এবং এখনও দিতেছেন। তাঁহার নিকট হইতে আমরা অনেক আশা করিতে পারি। সেই ব্যক্তিকে পরিত্যাগ করা আমাদিগের কিছুতেই উপযুক্ত নহে। তাহা হইলে আমাদিগের যেরূপ ক্ষতি হইবে তাহা পুরণের সম্ভাবনা থাকিবে না। আমি মনে করি আপনাদিগের ব্যক্তিগত কাহারও কিছু থাকিলেও সেগুলি আপাততঃ চাপিয়া রাখিয়া সজাতির মঙ্গলের জন্য এই প্রস্তাব সকলে অনুমোদন করুন।

(প্রশ্ন হইল—সভা এই প্রস্তাব পাশ করিলে ভবিষ্যতে এরূপভাবে আলোচনার বাধা হইবে কিনা?"

কেদারবাবু উত্তর দেন—"আলোচনা চলিতে পারিবে, বাধা হইবে না।

মালদহের শ্রীযুক্ত পঞ্চানন সিংহ মহাশয় এ প্রস্তাব সমর্থন করেন।

ইহাতে বৈঁচীর শ্রীযুক্ত বাবু নীলমণি সিংহ আপত্তি করিয়া বলেন "এ বিষয়ে আমার বক্তব্য এই যে শ্রীযুক্ত বাবু নফরচন্দ্র পাল চৌধুরী মহাশয় এ সভায় উপস্থিত না থাকায় আমরা সম্পূর্ণ দুঃখিত। কিন্তু

তিনি যে ভাবে সভায় অনুপস্থিত আছেন তাহাতে মনে হয় সত্য, ন্যায় ও ধর্ম্মের কথা বলবার ক্ষমতা বোধ হয় কোন লোকের থাকে না। সত্য জিনিষটা অপ্রিয় হ'লেও সেটা সত্য। শ্রীযুক্ত বাবু দ্বিজেন্দ্র নাথ দত্ত মহাশয় যেটুকু লিখিয়াছেন তাহা একেবারে সত্য জিনিষ; কিন্তু অপ্রিয় সত্য হয়েছে মহাত্মা নফর চন্দ্র পাল চৌধুরীর কাছে। কিন্তু যদি এই নিয়ে, ব্যক্তিগত জিনিষ নিয়ে একটা মহাসম্মেলনের কার্য্যে ব্যাঘাত হয় তা হলে বুঝতে হবে যে ন্যায়, সত্য, ও ধর্ম্ম যার উপর এই জগতের প্রতিষ্ঠা সে জিনিষটা লোপ পেতে বসেছে। তা, হলে কেহ আর ন্যায় কথা বলবে না, সত্য কথা বলবে না, ধর্ম্ম কথা বলবে না। এখন সকলেই বিবেচনা করুন, ন্যায়, সত্য ও ধর্ম্মের দিকে তাকিয়ে যে কোনটা যথার্থ এবং কোনটা অযথার্থ। যেহেতু মহাত্মা নফর চন্দ্র পাল চৌধুরী মহাশয় ক্ষুন্ন হয়েছেন অতএব তাঁহাকে সন্তুষ্ট করবার জন্য লেখককে অপদস্থ করা উচিত কিনা মনে রাখিবেন। সেই সময় কেদার বাবু বলেন—"সে কথা বলা হয়নি, ভাবের কথাই বলা হয়েছে।" বক্তা পুনরায় বলেন "খপরের কাগজে অনেক রকম লেখা হয়। হিতবাদী, বসুমতী, বঙ্গবাসী প্রভৃতির সম্পাদকগণ অনেকের সম্বন্ধে অনেক রকম লেখেন। criticism চিরকাল আছে ও চিরকাল থাকিবে। criticism is the product of wisdom এখন আমরা যে ভাষাটা শুনেছি তাহার মধ্যে এমন কোন বিশেষ অপ্রিয় কথা নাই যাহার জন্য লেখককে লাঞ্ছিত করিতে হইবে।

অতঃপর রামরঞ্জন সিংহ মহাশয় বলেন যে নফর বাবু বিস্তর টাকা দান করিয়াছেন। তিনি হয়ত একটী বিরাট সম্পত্তি দান করিয়াছিলেন কিন্তু কোন কারণ বশতঃ, বিরাগ হেতু বা যে কোন কারণেই হউক তিনি হয়ত সেটা দিতে পাল্লেন না। তাহাতে দাতার বোধ হয় ধর্ম্মসঙ্গত ভাবে কোন অপমান করা যায় না। কারণ তিনি

তাম্বুলি-মহাসম্মেলন

সভামণ্ডপের একাংশের দৃশ্য

দাতা এবং আমরা দান গ্রহণ করিয়াছি। যদি নফর বাবুর মনে লেখকের ভাষার জন্য আঘাত লেগে থাকে তাহা হইলে তাঁহার প্রস্তাব গ্রহণ করিয়া তাঁহাকে সভায় আনা উচিত।

এই সময়ে দ্বিজেন্দ্র বাবু সভাপতি মহাশয়ের অনুমতি লইয়া এই আলোচনায় যোগ দেন। তিনি প্রথমে তাম্বুলি-হিতৈষীর জন্মকথা বর্ণনা করেন। তিনি তাম্বুলি-সম্মিলনী-সভার একজন সদস্য সুতরাং ইহার কর্ম্ম পদ্ধতির বিষয় বিশেষ ভাবে অবগত। সেই সভা জাতির মঙ্গল করা অপেক্ষা ধনী সদস্যগণের মনোরঞ্জন করাই অধিক প্রয়োজন বলিয়া মনে করে। সুতরাং সেখানে সত্য বা স্বাধীন মতের কোন সম্মান নাই। এই জন্য সজাতিগণও সভার প্রতি আকৃষ্ট হন নাই। যুবকগণের সহিত কয়েক জনের এই সকল বিষয়ে নানা মতবিরোধ হয় এবং তাহার ফলে একটী স্বতন্ত্র প্রতিষ্ঠান ও মাসিক পত্রিকা গড়িয়া উঠিয়াছে। সুতরাং এই হিতৈষী কাহারও কাহারও চক্ষুঃশূলও হইয়াছে। এবং ইহাকে হেয় প্রতিপন্ন করিয়া নষ্ট করিবার জন্য সকলের অনুরোধ সত্ত্বেও তিনজন মাত্র ব্যক্তি এই মহাসম্মেলনে যোগদান না করিয়া নানা গণ্ডগোলের সৃষ্টি করিবার চেষ্টা করিতেছেন। তাহা না হইলে তাম্বুলি পত্রিকায় এ পর্য্যন্ত সেই প্রবন্ধের কোন প্রতিবাদ না করিয়া ছয়মাস পরে অকস্মাৎ মহা-সম্মেলনে এই প্রস্তাব তুলিবার কি প্রয়োজন ছিল? এই মহাসম্মেলনের দুইজন উদ্যোগীর হঠাৎ সভায় অনুপস্থিত হইবারই বা কি কারণ ছিল? আলোচ্য প্রস্তাবটী অতি কৌশলের সহিত লিখিত হইয়াছে। লেখা আছে "যেরূপ ভাবে" ইহার অর্থ বেশ স্পষ্ট করিয়া বুঝা যায় না। ভাষার জন্যও দাতার মনঃকষ্ট হইতে পারে বা ভাবের জন্যও হইতে পারে। দ্বিজেন্দ্র বাবু মনে করেন যে প্রস্তাবটীর ভাষা অস্পষ্ট রাখিয়া সত্য গোপনের চেষ্টা হইয়াছে। প্রস্তাবটীর অর্থ ইহাও হইতে পারে যে সমালোচনাটী সত্য নহে, মিথ্যা। তাহার পর তিনি বলেন যে

প্রবন্ধটীর ভাষা অনেক স্থলেই মূল দলিল হইতে গৃহীত হইয়াছে এবং quotation এর মধ্যে দেখান হইয়াছে। প্রবন্ধটীর মধ্যে মাত্র কয়েকটী প্রশ্ন আছে। সমাজে যখন একজনে ট্রাষ্ট করেছেন তখন তাঁহার সেটা দেওয়া হয়ে গেছে। সম্পত্তিটী সমাজের এবং ট্রাষ্টিগণ তাহার রক্ষক মাত্র। এরূপ অবস্থায় প্রত্যেক সজাতিরই ঐ ট্রাষ্ট সম্বন্ধে সমালোচনা করিবার অধিকার আছে সুতরাং কৌশল করিয়া সমালোচনা বন্ধ করা উচিত নহে। এই সময়ে সভাপতি মহাশয় দ্বিজেন্দ্র বাবুকে স্মরণ করাইয়া দেন যে তিনি সভার অত্যধিক সময় লইতেছেন। তখন দ্বিজেন্দ্র বাবু অতি সংক্ষেপে তাঁহার বক্তব্য শেষ করেন এবং বলেন যে স্বাধীন সমালোচনা বন্ধ করিলে এই মহাসভা অনেক স্বাধীনচেতা প্রবীণ ব্যক্তি ও উৎসাহী যুবকদলের শ্রদ্ধা ও সাহায্য হারাইবে এবং জাতিরও যথেষ্ট ক্ষতি হইবে। তিনি উপসংহারে সজাতিগণকে এই সমস্ত বিষয় চিন্তা করিয়া এবং ন্যায় ও সত্যের দিকে দৃষ্টি রাখিয়া প্রস্তাবটী অগ্রাহ্য করিতে পরামর্শ দেন। সেই সময় রাণাঘাটের ডাক্তার শ্রীযুক্ত বাবু গৌরহরি দত্ত (এম, বি) উভয় মতের সামঞ্জস্য করিয়া একটী নূতন প্রস্তাব আনয়ন করেন। তাঁহার প্রস্তাব এই- "এই সম্মেলন প্রস্তাব করিতেছে যে শ্রীযুক্ত বাবু দ্বিজেন্দ্রনাথ দত্ত মহাশয় শ্রীযুক্ত বাবু নফরচন্দ্র পাল চৌধুরী মহাশয়ের দান সম্বন্ধে যে আলোচনা করিয়াছেন তাহার সত্যতা সম্বন্ধে কোন সন্দেহ নাই। তবে তিনি এই প্রবন্ধের জন্য যদি কষ্ট পাইয়া থাকেন তাহা হইলে এই সম্মেলন তজ্জন্য আন্তরিক দুঃখ প্রকাশ করিতেছেন।" শ্রীযুক্ত বাবু চারুচন্দ্র নন্দী এই প্রস্তাব সমর্থন করেন।

মেটিয়ারীর শ্রীযুক্ত বাবু বৈদ্যনাথ দত্ত বলেন "নফর বাবুর দান সম্বন্ধে কথা হচ্ছে যে নফর বাবু অনেক দান করেছেন। আর ট্রাষ্ট সম্বন্ধে তিনি কি দিচ্ছেন না দিচ্ছেন, তাহা আমাদের ততটা দেখবার দরকার নাই। কেননা আমরা প্রার্থী। তিনি তাঁর কর্ত্তব্য করবেন।

কর্ত্তব্যের সম্বন্ধে বিচার করা মানুষের কাজ নয়, ভগবান সেটা করেন।”

হাবড়ার শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ সিংহ বলেন—“সমস্ত সজাতিকে এক করে জাতির উন্নতি করিতে হইবে। আমাদের সমগ্র জাতির ভিতর সৎ, অসৎ, চোর, সাধু, মহাত্মা, নীচ সব রকম আছে। কিন্তু আমরা সব এক জাতি। সেই জাতীয়তার ভিতর বড়লোক গরীব কিছুই নাই, সকলেই আমার ভাই। যদি জাতির উন্নতি করিতে হয় নফর বাবু যতই অপরাধ করে থাকুন না কেন তাঁহাকে ভাই বলে আজ বুকে তুলে নিয়ে আসতে হবে। (আনন্দধ্বনি) কেন নিয়ে আসিতে চাই? যে অসৎ তাহাকে সৎ করিবার জন্য বুকে টানতে চাই।” তিনি আরও বলেন “একদিক দিয়া দেখিলে এ প্রস্তাবের কোন মূল্য নাই। আজ এ প্রস্তাব যদি আপনারা অনুমোদন করেন, কালই যদি আবার তাঁহার দোষ-ত্রুটী দেখেন সম্পূর্ণভাবে আপনারা তাহার আলোচনা কর্ত্তে পার্ব্বেন, তাঁকে সংশোধন কর্ত্তে পার্ব্বেন। অতএব আমি আপনাদিগের নিকট প্রার্থনা করি যে এই প্রস্তাব আপনারা অনুমোদন করুন তার পরে যা কিছু দোষ থাকে, সে সম্বন্ধে আলোচনা কর্ত্তে হয় তা করুন।”

শ্রীযুক্ত বাবু কালীকৃষ্ণ রক্ষিত বলেন—দুইটা বিরুদ্ধভাব চলেছে। একদিকে নফরবাবু, অন্যদিকে দ্বিজেন্দ্র বাবু। আমরা যেমন নফর বাবুকে ত্যাগ কর্ত্তে পারি না, তেমনি দ্বিজেন্দ্র বাবুর মত কর্ম্মীকেও ত্যাগ কর্ত্তে পারি না। যাঁহার চেষ্টায় একটী যুবক-সম্মিলনী গড়ে উঠতে পারে, যাঁহার চেষ্টায় এই দুর্ভিক্ষের দিনেও একখানা কাগজ চলতে পারে, যাঁহার চেষ্টায় শিক্ষিত সজাতিগণের নিকট হইতে উৎকৃষ্ট প্রবন্ধ সংগৃহীত হইতে পারে তাঁহাকে আমরা ত্যাগ করিতে পারি না। আমার মনে হয়, একটী মীমাংসা দরকার—সামঞ্জস্যের প্রয়োজন। এই উভয় মতের সামঞ্জস্য করিয়া যে একটী সংশোধন

প্রস্তাব উত্থাপিত হইয়াছে আমরা সেটার পক্ষপাতী। আমরা নফর বাবুর কাছে মস্তক অবনত কর্বো এবং দ্বিজেন্দ্র বাবুকেও আলিঙ্গন কর্বো, ভাই বলে গ্রহণ কর্বো। সুতরাং আমার মনে হয় সংশোধন প্রস্তাবটী গ্রহণ করাই ভাল। তাহার পর তিনি গৌরহরি বাবুর প্রস্তাবটী পাঠ করেন এবং সেই প্রস্তাবটী গ্রহন করিতে বলেন।

শ্রীযুক্ত বাবু ভূতনাথ সেন মহাশয় বলেন—প্রথমতঃ কথা হচ্ছে যে আমরা নফরবাবুকে এই মহাসম্মেলনে নিমন্ত্রণ করেছি। কিন্তু তিনি সভার নিমন্ত্রণ গ্রহণ করেন নি। তিনি বলেছেন 'এই হ'লে (অর্থাৎ তাঁহার প্রস্তাবটী গৃহীত হইলে) আমি যাইব।" তিনি আমাদের নেতৃস্থানীয়। যাঁহারা দেশের সেবা করেন, দশের সেবা করেন তাঁদের মনে কর্ত্তে হয় যে তাঁহারা দেশের ও দশনারায়ণের সেবক মাত্র। এখন আমরা এটা (তাঁর প্রস্তাবটী) পাশ করলে তিনি আসবেন, তাঁহার মনের মত না হইলে পর তাঁহার আসার স্থিরতা নাই। এই সম্মিলনী-সভার সভাপতি হয়ে এবং তাহার পর সমগ্র সজাতির নিমন্ত্রণ গ্রহণ না করে তিনি কি সমগ্র জাতির প্রতি অশ্রদ্ধা দেখান নি? আমি চাই আপনারা সংশোধিত প্রস্তাবটী গ্রহণ করুন। আমরা প্রার্থনা করি নফরবাবু আসুন। আমরা কাহাকেও ছাড়তে চাই না। আমরা এসেছি সবাই মিলে যুক্তি করে জাতির উন্নতির উপায় নির্দ্ধারণ কর্ত্তে। তিনি যদি অভিমান করে বসে থাকেন তা হ'লে ভাল হয় না।

ইহার পর সভার রীতি অনুসারে প্রথমে সংশোধন প্রস্তাবের পক্ষে ভোট লওয়া হইল। তাহাতে দেখা গেল যে প্রায় সকলেই ইহার পক্ষপাতী। পরে নফরবাবুর মূল প্রস্তাবের পক্ষে ভোট লইয়া দেখা গেল মাত্র চারিজন ব্যক্তি ইহার পক্ষে হস্ত উত্তোলন করিলেন। এইরূপে মূল প্রস্তাবটী অগ্রাহ্য হইয়া মহাসভায় সংশোধন প্রস্তাবটী গৃহীত হইল।

এই প্রস্তাবের আলোচনায় প্রায় এক ঘণ্টা পঁয়তাল্লিশ মিনিট সময় লাগিয়াছিল।

বেলা পাঁচ ঘটীকার সময় বিষয়-নির্ব্বাচনসমিতির প্রস্তাবগুলির আলোচনা আরম্ভ হইল।এবং নিম্ন লিখিত প্রস্তাব গুলি গৃহীত হয়।

শ্রদ্ধাঞ্জলি।

১। যে সকল সজ্জাতি প্রথমে সর্ব্বথাক-মিলনের পথ প্রশস্ত করিয়া দিয়াছেন, এই মহাসম্মেলন তাঁহাদের উদ্দেশ্যে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করিতেছে।

প্রস্তাবক--শ্রীশৈলেন্দ্রনাথ কুণ্ডু, সমর্থক—শ্রীবৈদ্যনাথ রক্ষিত ;

থাকভাঙ্গা বিবাহের অধিক প্রচলন।

২। যে তাম্বুলি-জাতির সকল থাকের মধ্যে থাকভাঙ্গা-বিবাহ আরও বেশী প্রচলিত করিবার জন্য চেষ্টা করা হউক।

প্রস্তাবক —শ্রীকিশোরীমোহন রক্ষিত, সমর্থক --শ্রীনরেন্দ্রনাথ দে ;

আচার-ব্যবহারের সামঞ্জস্য।

৩। যে হেতু সর্ব্বথাকের মিলন একান্ত প্রয়োজন সেই হেতু ভিন্ন ভিন্ন থাকের ভিন্ন ভিন্ন আচার ব্যবহারের একটা তালিকা প্রস্তুত করিয়া তাহার মধ্যে সামঞ্জস্য রক্ষা করিবার জন্য একটা কমিটি গঠন করা হউক।

প্রস্তাবক—শ্রীহরিধন কুণ্ডু, সমর্থক--শ্রীনরেন্দ্রনাথ দে।

কমিটির সভ্যগণের নাম।

রায় নলিনাক্ষ দত্ত বাহাদুর, শ্রীদ্বিজেন্দ্র নাথ দত্ত, শ্রীসতীশচন্দ্র সিংহ, শ্রীবিহারীলাল মল্লিক, শ্রীআশুতোষ সেন, শ্রীশ্রীরামচন্দ্র কর, শ্রীকালীপ্রসন্ন রক্ষিত, শ্রীহরিপদ দাঁ, শ্রীসরলকুমার কুণ্ডু, শ্রীনিমাইচরণ পাল, শ্রীকিশোরীমোহন রক্ষিত, শ্রীচারুচন্দ্র নন্দী, শ্রীসত্যপদ কুণ্ডু,

শ্রীকালীকৃষ্ণ রক্ষিত, শ্রীশৈলেন্দ্র নাথ কুণ্ডু, শ্রীযতীন্দ্রনাথ পাল, শ্রীচণ্ডীচরণ দত্ত এবং শ্রীহরিধন কুণ্ডু। (গৃহীত হইল)

পণপ্রথা।

৪। থাক্-ভাঙ্গা বিবাহের সুবিধার জন্য পণপ্রথা সম্পূর্ণ রহিত করা আবশ্যক।

প্রস্তাবক—শ্রীগৌরীশঙ্কর দাস; সমর্থক—শ্রীযতীন্দ্রনাথ কর ও শ্রীদুর্গাচরণ দাস।

শ্রীযুক্ত বাবু চণ্ডীচরণ দত্ত মহাশয় ইহার একটী সংশোধন প্রস্তাব আনয়ন করেন। তিনি বলেন—"সর্ব্বথাকের বিবাহের সুবিধার জন্য পণপ্রথা সম্পূর্ণরূপে রহিত করা আবশ্যক তবে কন্যার পিতা তাঁহার অবস্থানুসারে—স্বেচ্ছাপ্রনোদিত হইয়া যাহা দিবেন তাহাতেই পুত্রের পিতাকে সন্তুষ্ট হইতে হইবে"

ডাক্তার কৃষ্ণ প্রসাদ দে ইহা সমর্থন করেন; অধিকাংশের মতে চণ্ডীবাবুর এই সংশোধন প্রস্তাব গৃহীত হয়।

ডাইরেক্টারী।

৫। যে সমগ্র তাম্বুলী-জাতির ডাইরেক্টারী প্রস্তুত করিবার জন্য একটী কমিটি গঠন করা হউক।

প্রস্তাবক—শ্রীসতীশচন্দ্র সিংহ, সমর্থক—কালীচরণ গুঁই।

(গৃহীত হইল)

কো-অপারেটিভ ব্যাঙ্ক।

৬। যে মহাসভা হইতে একটী তাম্বুলী কো-অপারেটিভ ব্যাঙ্ক স্থাপিত করিবার চেষ্টা করা হউক।

প্রস্তাবক—শ্রীসুরেন্দ্রনাথ সরকার, সমর্থক—শ্রীমনোহর রক্ষিত ও মোহিনী মোহন দত্ত। (গৃহীত হইল)

প্রাচীন কীর্ত্তি রক্ষা।

৭। যে তাম্বুলি-জাতির প্রাচীন কীর্ত্তি রক্ষার জন্য প্রাচীন ভগ্ন মন্দিরাদির সংস্কারকল্পে একটি কমিটি গঠন করা হউক।

প্রস্তাবক—শ্রীসুরেন্দ্রনাথ সিংহ, সমর্থক—শ্রীসুরেশচন্দ্র পাল।

(গৃহীত হইল)

কার্য্য-নির্ব্বাহক সমিতি।

৮। যে এই মহাসম্মেলনে উপস্থিত প্রতিনিধি, অভ্যর্থনা সমিতির সদস্যগণের মধ্য হইতে নির্দ্ধারণ করিয়া একটি কার্য্য-নির্ব্বাহক সমিতির উপর উহার সম্পাদক ও সহকারী সম্পাদক নির্ব্বাচন করিবার ক্ষমতা দেওয়া হউক।

নামের তালিকা—রায় শ্রীনলিনাক্ষ দত্ত বাহাদুর (সভাপতি) শ্রীনফরচন্দ্র পাল চৌধুরী, শ্রীকেদারনাথ আশ, শ্রীবিহারীলাল মল্লিক, শ্রীহরিপদ দাঁ, রায় মন্মথনাথ দেব বাহাদুর, রায় শ্রীযোগেন্দ্রনাথ সিংহ বাহাদুর, শ্রীরামগোপাল দত্ত, শ্রীরাজেন্দ্রনাথ সোম, শ্রীবৈদ্যনাথ দত্ত, শ্রীযোগেন্দ্রনাথ সিংহ, শ্রীকিশোরীমোহন রক্ষিত, শ্রীসুরেশচন্দ্র পাল, শ্রীখগেন্দ্রনাথ পাল, শ্রীহরিধন কুণ্ডু, শ্রীপঞ্চানন সিংহ, শ্রীদ্বিজেন্দ্রনাথ দত্ত, শ্রীকালীকৃষ্ণ রক্ষিত, শ্রীনরেন্দ্রনাথ নন্দী, শ্রীচারুচন্দ্র নন্দী, শ্রীবিপিনবিহারী দত্ত (বাঁকুড়া), শ্রীশ্রীরামচন্দ্র কর। শ্রীরামরঞ্জন সিংহ, শ্রীসুরেন্দ্রনাথ কুণ্ডু (বাঁকুড়া) শ্রীনীলমণি সিংহ (বৈঁচি), শ্রীপশুপতি দে (ডুমকা), শ্রীকৃষ্ণপ্রসাদ দে (গড়বেতা), শ্রীহর্ষগোপাল কুণ্ডু (রাজগ্রাম), শ্রীজগবন্ধু লাহা (কৃষ্ণনগর) শ্রীপ্রভাতরঞ্জন সোম, শ্রীবৈদ্যনাথ রক্ষিত, শ্রীনিশানাথ দত্ত (সাঁওতাল পরগণা) শ্রীনবগোপাল দে (বীরভূম) শ্রীনরেন্দ্রনাথ লাহা (সাঁওতাল পরগণা), শ্রীগৌরীশঙ্কর দাস (মেদিনীপুর), শ্রীকানাইলাল কর (মেদিনীপুর) শ্রীনিতাইহরি দে, রায় সাহেব বিপিনবিহারী দে বালেশ্বর, শ্রীরামকৃষ্ণ

দে. (বালেশ্বর) শ্রীনগেন্দ্রনাথ দত্ত (বাঁকুড়া) শ্রীচণ্ডীচরণ দত্ত। পরে সদস্য সংখ্যা বৰ্দ্ধিত করা যাইতে পারিবে।

প্রস্তাবক—শ্রীচণ্ডীচরণ দত্ত, সমর্থক—শ্রীদ্বিজেন্দ্রনাথ দত্ত।

(গৃহীত হইল)

নিয়মাবলী প্রস্তুতকারী কমিটি।

৯। যে এই মহাসম্মেলনের কার্য্য পরিচালনের জন্য নিম্নলিখিত ভদ্রমহোদয়গণকে লইয়া একটী constitution committee (নিয়মাবলী প্রস্তুতকারী কমিটী) গঠিত করা হউক। উক্ত কমিটি অদ্য হইতে তিন মাসের মধ্যে নিয়মাবলী লিখিয়া কার্য্য-নির্ব্বাহক সমিতিতে দাখিল করিবেন।

ভদ্রমহোদয়গণের নাম। রায় নলিনাক্ষ দত্ত বাহাদুর, শ্রীকেদারনাথ আশ, শ্রীকিশোরীমোহন রক্ষিত, শ্রীশৈলেন্দ্রনাথ কুণ্ডু, শ্রীবৈদ্যনাথ দত্ত, শ্রীরামগোপাল দত্ত, শ্রীরাজেন্দ্রনাথ সোম, শ্রীদ্বিজেন্দ্রনাথ দত্ত, শ্রীসুরেন্দ্রনাথ কুণ্ডু, শ্রীচণ্ডীচরন দত্ত, শ্রীজগবন্ধু লাহা, শ্রীবিহারী লাল মল্লিক, শ্রীহরিপদ দাঁ, শ্রীকালীপ্রসন্ন রক্ষিত।

প্রস্তাবক—শ্রীজগবন্ধু লাহা, সমর্থক শ্রীঅনুকূল চন্দ্র লাহা।

(গৃহীত হইল)

জাতীয় ভাণ্ডার।

১০। যে স্বজাতীয় দরিদ্রগণের সাহায্যের জন্য এবং শিক্ষা বিস্তারের জন্য একটী জাতীয় ফণ্ড করা হউক। উক্ত ফণ্ডে অভ্যর্থনা সমিতির সভ্যগণ প্রত্যেকে ॥০ হিসাবে এবং দর্শকগণের যাঁহার যাহা ইচ্ছা এই ফণ্ডে দান করুন এবং কলিকাতার মধ্যে সজাতি ব্যবসায়ীগণ তাঁহাদের দোকানে এক একটী বাক্স রাখিয়া তাহার মধ্যে দৈনিক এক পয়সা, আইন ব্যবসায়ীগণ ও ডাক্তারগণ মাসিক ॥০ করিয়া এবং কার্য্য-নির্ব্বাহক সমিতির সভ্যগণ মাসিক ১৲ টাকা করিয়া দান করুন। ফণ্ডের টাকা ব্যাঙ্কে গচ্ছিত থাকিবে।

প্রস্তাবক—শ্রীঅনুকূল চন্দ্র লাহা। সমর্থক—শ্রীদুর্গাচরণ দাস।

সেই সময়ে দর্শকগণের মধ্যে একজন বলেন "মফঃস্বলের টাকা যা আদায় হবে সেটা কি audit হবে?" শ্রীযুক্ত বাবু বিহারীলাল মল্লিক মহাশয় বলেন "আজ জাতীয় সম্মেলনে অনেক স্বজাতি মহোদয় ভিন্ন ভিন্ন দেশ থেকে এসেছেন। তাঁহারা যদি কিছু দিতে ইচ্ছা করেন আজ তাহা সাদরে গ্রহন কর্ব্বো এবং যে পাবার উপযুক্ত তাঁকে দান করা হবে।"

এই সময়ে শ্রীযুক্তবাবু হরিপদ দাঁ মহাশয় জিজ্ঞাসা করেন "এই যে টাকা তোলা হচ্চে এটা তাম্বুলি-হিতৈষীর হাতে দিয়ে দান হবে না পত্রিকার যে দরিদ্রভাণ্ডার আছে তার হাত দিয়ে হবে?"

কেদার বাবু উত্তর দেন টাকা আদায় হলে তা ঠিক হবে; দরিদ্রের জন্য তা দেওয়া হবে; আপনি আমি তা পাব না!"

এই সময় অর্থ সংগৃহীত হয় এবং মহাসম্মেলনের সভাপতির নিকট উক্ত টাকা জমা রাখা হয়।

প্রস্তাবটী সভায় গ্রাহ্য হইলে সভাপতি মহাশয় সাধারণের ইচ্ছা অনুসারে ঐ ফণ্ডের টাকা ব্যাঙ্কে গচ্ছিত রাখিতে আদেশ দেন।

চতুঃসাগরী সভা।

একাদশ প্রস্তাবটী এই যে "রাজহাটী থাকের সজাতিগণকে পুনরায় একটি চতুঃসাগরী সভা আহ্বান করিয়া সর্ব্বথাক মিলনের বিষয়ে মত দিতে অনুরোধ করা হউক।" শৈলেন্দ্রবাবু এই প্রস্তাবের আলোচনা প্রসঙ্গে রাজহাটী থাকের রাজকৃষ্ণবাবু, সুরেন্দ্রবাবু, প্রভৃতিকে এ বিষয়ে সাহায্য করিতে বিশেষভাবে অনুরোধ করেন।

শ্রীযুক্ত প্রথমনাথ কুণ্ডু মহাশয় ও শ্রীযুক্ত গোলগোবিন্দ দে মহাশয় ইহা সমর্থন করেন। ইহা যথানিয়মে গৃহীত হয়।

শিক্ষা বিস্তার কমিটি।

১২। যে জাতির শিক্ষা-বিস্তারের উপায় উদ্ভাবন করিবার জন্য নিম্নলিখিত ভদ্র মহোদয়গণকে লইয়া একটী কমিটী গঠন করা

হউক। নাম—শ্রীনফরচন্দ্র পাল চৌধুরী, শ্রীকেদার নাথ আশ, শ্রীবৈদ্যনাথ দত্ত, শ্রীরাজেন্দ্র নাথ সোম, শ্রীহরিপদ দাঁ, শ্রীসুরেশচন্দ্র পাল, শ্রীকিশোরী মোহন রক্ষিত, শ্রীদ্বিজেন্দ্র নাথ দত্ত।

প্রস্তাবক—শ্রীশৈলেন্দ্রনাথ কুণ্ডু, সমর্থক—শ্রীচণ্ডীচরণ দত্ত।

(গৃহীত হইল)

বৈশ্যাচার।

দ্বাদশ প্রস্তাব গ্রাহ্য হইবার পর শ্রীযুক্তবাবু তারিণীশঙ্কর সিংহ মহাশয় বৈশ্যাচার গ্রহণের প্রস্তাব আনয়ন করেন। তাঁহার প্রস্তাব এই যে "সকল থাকেরই বৈশ্যাচিত বর্ণাশ্রম ধর্ম্ম পালন করা কর্ত্তব্য এবং বৈশ্য জাতির অনুরূপ পনেরো দিনে অশৌচাদি আচার পালন বিধির বিশেষভাবে বিচার প্রয়োজন"। শ্রীযুক্তবাবু আশুতোষ দত্ত ইহা সমর্থন করেন। এ বিষয়ে নানা আলোচনা হয়। শেষে শ্রীযুক্তবাবু যজ্ঞেশ্বর কর বলেন "এটা বিশেষ গুরুতর জিনিষ ; অন্ততঃ এক বৎসর সময় দেওয়া হউক" পরে অধিকাংশের ভোটে ইহা এক বৎসরের জন্য স্থগিত রাখা হইল।

সজাতির পৃষ্ঠপোষকতা।

১৪। যে এই মহাসম্মেলন সজাতিগণকে সজাতির দোকান হইতে সমস্ত জিনিষ পত্র ক্রয় করিতে এবং উপযুক্ত সজাতি থাকিলে তাঁহাকে কর্ম্মচারিরূপে নিয়োগ করিতে অনুরোধ করিতেছে।

প্রস্তাবক—শ্রীসতীশচন্দ্র রক্ষিত, সমর্থক—শ্রীচারুচন্দ্র রক্ষিত।

(গৃহীত হইল)

নূতন পত্রিকা।

১৫। যে দুই পত্রিকা বাহির হইতেছে তাহারা পরস্পর কাহাকেও নিন্দাবাদ করিতে পারিবেন না। যদি এই দুই পত্রিকার মধ্যে পরস্পরের নিন্দাবাদ হয় তাহা হইলে এই মহাসম্মেলনের পক্ষ

হইতে একটী নূতন পত্রিকা বাহির হইবে এবং তাহাই জাতীয় পত্রিকা বলিয়া গণ্য হইবে।

প্রস্তাবক—শ্রীরজনীকান্ত মল্লিক, সমর্থক—শ্রীবিহারীলাল মল্লিক।

(গৃহীত হইল)

প্রেসের টাকা।

১৬। যে শ্রীযুক্ত কালাচাঁদ শীল মহাশয় জাতীয় পত্রিকার প্রেসের জন্য যে ৮০০৲ টাকা দান করিয়াছেন তাহা লইয়া একটী প্রেস স্থাপনের জন্য একটী কমিটি গঠিত করা হউক এবং উক্ত কমিটির উপর প্রেস স্থাপনের ভার দেওয়া হউক।

প্রস্তাবক—শ্রীশৈলেন্দ্রনাথ কুণ্ডু, সমর্থক—শ্রীচণ্ডীচরণ দত্ত।

(গৃহীত হইল)

সেই সময়ে শ্রীযুক্তবাবু যোগেন্দ্র নাথ সিংহ মহাশয় বিধবা-বিবাহের প্রস্তাব আনয়ন করিবার জন্য সভাপতি মহাশয়ের অনুমতি প্রার্থনা করেন। কিন্তু সেই বিষয়টী বিষয়-নির্ব্বাচন কমিটির দ্বারা প্রস্তাবিত হয় নাই বলিয়া সভাপতি মহাশয় আপত্তি করেন। অতঃপর যোগেন্দ্রবাবু বিধবা-বিবাহের উপকারিতা সম্বন্ধে একটি নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। অতঃপর মেদিনীপুরের প্রতিনিধিবর্গ আগামী-বর্ষে মেদিনীপুরে মহাসম্মেলনকে আহ্বান করেন। সভার কার্য্য শেষ হইলে শ্রীযুক্তবাবু কেদারনাথ আশ এবং শ্রীযুক্তবাবু শৈলেন্দ্রনাথ কুণ্ডু অভ্যর্থনা সমিতির পক্ষ হইতে সভাপতি মহাশয়, উপস্থিত ভদ্রমণ্ডলী, স্বেচ্ছাসেবকগণ, সজাতি-সেবক শ্রীযুক্ত বিহারীলাল মল্লিক, শ্রীযুক্ত কুঞ্জলাল মল্লিক, শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ সোম, শ্রীযুক্ত নিতাই হরি দে, বরাহনগরের সজাতি যুবকগণের ঐক্যতান-বাদন-সম্প্রদায় প্রভৃতিকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

অতঃপর সভাপতি মহাশয় সকলকে আশীর্ব্বাদ করিবার পর মহানন্দের মধ্যে সভাভঙ্গ হয়।

মহাসম্মেলনের হিসাব।

শ্রীহরিপদ গুঁই ১৲, শ্রীকৃষ্ণচরণ গুঁই ৫৲, শ্রীনীলরতন সেন ২৲, শ্রীআশুতোষ পাল ২৲, শ্রীগোবর্দ্ধন গিরী ৪৲, শ্রীবঙ্কিমচন্দ্র সেন ১৲, শ্রীসত্যচরণ দে ১৲, শ্রীমন্মথনাথ পাল ২৲, শ্রীতিতুরাম কর ১৲ চৌধুরাণী সৌদামিনী দাসী ৫৲, শ্রীআশুতোষ সেন ১৲, শ্রীমোহিনী মোহন মল্লিক ১৲, শ্রীহেমচন্দ্র মল্লিক, ১৲, শ্রীপ্রফুল্লকুমার দে ১৲, শ্রীদুর্গাচরণ দাস ১৲, শ্রীঈশানচন্দ্র দে ১৲, শ্রীরাধাগোবিন্দ কর ১৲, শ্রীরাজকৃষ্ণ কর ১৲, শ্রীযজ্ঞেশ্বর কর ২৲, শ্রীমানিকেশ্বর কুণ্ডু ১৲, শ্রীগোপালচন্দ্র মাল ১৲, শ্রীবিপিনবিহারী দাস বি-এল (উকীল) ২৲, শ্রীহারাধন মল্লিক ১৲, শ্রীগোষ্ঠবিহারী দে ॥০ শ্রীহেমচন্দ্র দত্ত ২৲, শ্রীবিপিনবিহারী দে ১৲, শ্রীঅনন্তচন্দ্র লাহা ১৲, শ্রীঅখিলচন্দ্র কুণ্ডু ১৲ শ্রীরামদাস কর॥০, শ্রীরাধাগোবিন্দ কুণ্ডু ॥০, শ্রীদেবেন্দ্রনাথ লাহা ॥০, শ্রীরাধাগোবিন্দ দত্ত ॥০, শ্রীযতীন্দ্রনাথ দে ।০, শ্রীশৈলেন্দ্রনাথ দে ।০, শ্রীমনীন্দ্র নাথ দে ॥০, শ্রীআশুতোষ লাহা ॥০ শ্রীকৃষ্ণপ্রসাদ দে ১৲, শ্রীরাধাপদ কুণ্ডু ৵০, শ্রীযতীন্দ্রনাথ দে ১৲, শ্রীউপেন্দ্রনাথ লাহা ৩৲, শ্রীগোপাললাল দত্ত ২৲, শ্রীগোপালচন্দ্র সরকার ২৲, শ্রীনগেন্দ্রনাথ লাহা ২৲, শ্রীচুনীলাল দে ৩৲, শ্রীনরেন্দ্রনাথ দত্ত ২৲, শ্রীসুরেন্দ্রকুমার আশ ১০৲, শ্রীহরিপদ পাল ৩৲, শ্রীফকিরচন্দ্র রক্ষিত ১৲, শ্রীসুসারময় সেন ॥০, শ্রীহরিপ্রসন্ন রক্ষিত ১৲, এম, দত্ত (ফটোগ্রাফার) ২৲, শ্রীসহায়রাম রক্ষিত ২৲, শ্রীসত্যপদ কুণ্ডু ।০, শ্রীবিজয়কৃষ্ণ রক্ষিত ৪৲, শ্রীগিরীশচন্দ্র নন্দী ২৲, শ্রীনিতাইহরি দে ২৲, শ্রীফকিরচন্দ্র সেন ১২৲, শ্রীঅনিলবিহারী নন্দী, ৫৲, শ্রীকালীকৃষ্ণ রক্ষিত বি-এ, ২৲, শ্রীললিতমোহন রক্ষিত ২৲, শ্রীলালগোপাল দত্ত ৫৲, শ্রীপূর্ণচন্দ্র দে উল্টাসাগর ২৲, শ্রীননীগোপাল দত্ত ২৲,

শ্রীঅপূর্ব্বকৃষ্ণ দত্ত ২৲, শ্রীসুধীরকুমার রক্ষিত ২৲, শ্রীজগবন্ধু দত্ত ২৲, শ্রীনিমাইচরণ পাল ৪৲, শ্রীপ্রমথনাথ পাল ৫৲, শ্রীখগেন্দ্র নাথ পাল ৫৲, শ্রীহারাধন দে ২৫৲, শ্রীনবকৃষ্ণ বর্দ্ধন ১৲, শ্রীদেবেন্দ্রনাথ দে ১৲, শ্রীরামরঞ্জন সিংহ ১০৲, শ্রীমতিলাল নন্দী ৩৲, শ্রীমনোহর রক্ষিত ৪৲, শ্রীফকির চন্দ্র দে ২৲, শ্রীধর্ম্মদাস নাগ বি, এল (উকিল) ২৲, শ্রীযতীন্দ্রনাথ কোঁচ ২৲ শ্রীউষাকান্ত দাস ২৲, শ্রীলালবিহারী মল্লিক ২০৲. শ্রীপ্রভাতচন্দ্র রক্ষিত ১৲, শ্রীপুরুষোত্তম দত্ত ২৲, শ্রীগোষ্ঠবিহারী কর ২৲, শ্রীমহাদেবচন্দ্র রক্ষিত ১৲, শ্রীপ্রাণকৃষ্ণ কুণ্ডু ১৲, শ্রীকানাইলাল সিংহ ২৲, শ্রীহরিদাস দে ৩৲, শ্রীদেবেন্দ্র নাথ লাহা ২৲, শ্রীঅটলবিহারী দাস ১৲, শ্রীপুলিনবিহারী দাস ১৲, ৺বিপিনবিহারী দাস ১৲, শ্রীভূধরনাথ সিংহ ২৲, শ্রীমতিলাল দাস ২৲, শ্রীসিধুগোপাল দত্ত ১০৲, শ্রীবিজয়কেশব সেন ৫৲, শ্রীধর্ম্মদাস সেন ১৲, শ্রীকমলাকান্ত দে ২৲, শ্রীহরিপদ দত্ত ১০৲, শ্রীশ্রীপতিচরণ কুণ্ড ৫৲, শ্রীআশুতোষ গুঁই ১৲, শ্রীফণীভূষণ পাল ২৭৲, শ্রীযুগোল কিশোর সেন ৫৲, শ্রীযতীন্দ্রনাথ রক্ষিত ২৲, শ্রীতুলসী চরণ আশ ২৲, শ্রীসতীশচন্দ্র সিংহ ২৲, শ্রীবেণীমাধব দাস ১৲ ১৲, শ্রীকড়িচরণ সার ১৲, শ্রীসুরেন্দ্রনাথ সরকার ২৲, শ্রীদ্বিজেন্দ্রনাথ দত্ত এম এ, বি-এল, (উকিল) ২৲, শ্রীসুরেন্দ্র মোহন দাস ১৲, শ্রীউপেন্দ্রনাথ সেন ২৲, শ্রীরাধিকাপ্রসাদ কুণ্ডু ২৲, শ্রীযোগেন্দ্রনাথ দরিপা ॥০, শ্রীবিনোদবিহারী দাস ২৲, ঝালদা তাম্বুলি-সমিতি ১০৲, (মারফত শ্রীযুক্ত উমাকান্ত পাল), শ্রীসারদা-প্রসাদ দে ১৲, শ্রীহরিনারায়ন সেন ১৲, রাখহরি দত্ত ১৲, শ্রীরাম-নারায়ণ কুণ্ডু ১৲, শ্রীদুর্লভচন্দ্র কুণ্ডু (ছোট) ॥০, শ্রীকৃত্তিবাসী সেন ১৲, শ্রীবনবিহারী দে ১৲, শ্রীফকিরচন্দ্র কুণ্ডু ১৲, শ্রীদুল ভচন্দ্র কুণ্ডু (বড়),২৲ শ্রীসুরেন্দ্রনাথ দত্ত ॥০, শ্রীহরিপদ দাঁ ৩৲, শ্রীআশুতোষ পাল ২৲,

শ্রীরাখালচন্দ্র কুণ্ডু ১৲, শ্রীহেমচন্দ্র কর ৪৲. শ্রীবৈকুণ্ঠ নাথ কর ১৲, শ্রীশ্রীধর চৌধুরী ৪৲, শ্রীভুবনেশ্বর কর ২৲, শ্রীকালীপদ সেন ১৲, শ্রীবেনীমাধব সেন ৫৲, শ্রীশ্যামাচরণ রক্ষিত ২৲, শ্রীগোপীনাথ দত্ত ১০০৲, শ্রীসূর্য্যনারায়ণ রক্ষিত ১৲, শ্রীগোপীনাথ দরিপা ১০৲, শ্রীনেপালচন্দ্র নন্দী ১৲, শ্রীপূর্ণচন্দ্র রক্ষিত ১৲, শ্রীরামময় কর ২৲, শ্রীরামপদ কুণ্ডু ১৲, শ্রীনারায়ণচন্দ্র কুণ্ডু ১৲, শ্রীজন্মেঞ্জয় নন্দী ১৲, শ্রীরামলাল কুণ্ডু ২৲, শ্রীজয়নারায়ণ কর ২৲, শ্রীপ্রবোধচন্দ্র দত্ত (মোক্তার) ৫৲, শ্রীনরেন্দ্রনাথ দত্ত ১১৲. শ্রীকালীপদ চৌধুরী ৫৲, শ্রীবরদাকান্ত বর্দ্ধন ১৲, শ্রীহৃদয়চাঁদ কর (ডাক্তার) ৷৷০, শ্রীভাগবৎচন্দ্র দে ১৲, শ্রীরামকৃষ্ণ কর ১৲, শ্রীকানাইলাল কর ১৲, রায় সাহেব বিপিনবিহারী দে ১৲, শ্রীগিরীশচন্দ্র কর ১৲ শ্রীবিনোদবিহারী কর (ডাক্তার) ১৲, শ্রীগগনবিহারী কর ৷৷০, শ্রীসুরেন্দ্রকুমার কুণ্ডু ৫৲, শ্রীবক্রনাথ দত্ত ৫৲, মেসার্স বামাচরণ দত্ত ও গোপীনাথ দত্ত ১৫৲, শ্রীরাজেন্দ্রনাথ সোম বি-এল ২৲, শ্রীরঘুনাথ নন্দী ২৷৷০, শ্রীপৃথ্বীনাথ দে ২৷৷০, শ্রীসীতানাথ দত্ত ২৷৷০, শ্রীভগবান মহাপাত্র ২৷৷০, শ্রীঈশ্বরচন্দ্র পিরী ২৷০, শ্রীঅর্জ্জুনচন্দ্র মহাপাত্র ৷৷০, শ্রীমোহন ভদ্র ২৷৷০, শ্রীমদন-মোহন দে ২৷৷০, শ্রীক্ষীরনারায়ণ পিরী ২৷৷০ শ্রীদুর্গাচরণ দে ২৷৷০ শ্রীবৈকুণ্ঠ-নাথ পিরী ৷৷০, শ্রীবনমালী ভদ্র ৷৷০, শ্রীক্ষেত্রমোহন ভদ্র ৷৷০, শ্রীচিন্তা-মণি দত্ত ৷৷০, শ্রীরাধাবল্লভ দে ২৷৷০, শ্রীসুরেশচন্দ্র দত্ত ৷৷০, শ্রীরঘুনাথ পিরি ৷৷০, শ্রীপরীক্ষিৎ দত্ত ৷৷০, শ্রীপূর্ণচন্দ্র দে ৷০, শ্রীক্ষেত্রমোহন দত্ত ১৲, শ্রীধ্বজাধারী বর্দ্ধন ২৲, শ্রীঅমৃতলাল দত্ত ২৲, শ্রীনরেন্দ্রনাথ লাহা এম-এ, বি-এল, ২৲, শ্রীনরেন্দ্রনাথ দে ২৲, শ্রীরজনীকান্ত পাল ২৲, শ্রীনিশানাথ দত্ত এম-এ ২৲, শ্রীজ্যোতিষচন্দ্র মণ্ডল ২৲, শ্রীচণ্ডীচরণ দত্ত ২৲, শ্রীকিশোরীমোহন রক্ষিত ৪৲, শ্রীকেদারনাথ আশ বি-এল ৫০৲, শ্রীরাজেন্দ্রনাথ গুঁই ২৲, শ্রীসতীশচন্দ্র রক্ষিত ২৲, শ্রীহরিপদ দাঁ

ও যতীন্দ্রনাথ দাঁ ৭৲, শ্রীহরিদাস রক্ষিত ১৲, শ্রীমতী ক্ষীরোদকুমারী দাসী ২৲, শ্রীবিমলচন্দ্র পাল ১৲, শ্রীসুরেশচন্দ্র পাল ২৲, শ্রীকালীদাস রক্ষিত ৫৲, শ্রীইন্দুভূষণ আশ ২৲, শ্রীদুর্লভচন্দ্র সোম ২৲, শ্রীপশুপতি দাস ৮৲, শ্রীশৈলেন্দ্রনাথ রক্ষিত ২৲, শ্রীমহামূল্য আশ ৭৲, শ্রীগণেশচন্দ্র পাল ১৲, শ্রীঅবিনাশচন্দ্র দত্ত এণ্ড কোং ৪৲, শ্রীরাধাচরণ দত্ত ২৲, শ্রীরাইচরণ চেল ৫৲, শ্রীকালীচরণ রক্ষিত ২৲, শ্রীশৈলেন্দ্রনাথ পাল ১৲, শ্রীসুরেন্দ্রনাথ পাল ২৲, শ্রীসুবলচন্দ্র সেন ১৲, শ্রীমন্মথনাথ দাস ১৲, শ্রীগৌরীশঙ্কর দাস ১৲, শ্রীভূতনাথ সেন ২৲, শ্রীসত্যেন্দ্রনাথ রক্ষিত ২৲, শ্রীপতিচরণ আশ ১৲, শ্রীশ্রীরামচন্দ্র কর ২৲, শ্রীপরেশচন্দ্র পাল ৫৲, শ্রীখগেন্দ্রনাথ পাল ২৭৲, শ্রীগোপালচন্দ্র দে ২৲, শ্রীযোগজীবন কোঁচ ২৲, শ্রীরাখালচন্দ্র পাল ২৲, শ্রীমাণিকচন্দ্র লাহা ॥০, শ্রীঅধরচন্দ্র রক্ষিত ২৲, শ্রীআশুতোষ রক্ষিত ১৲, শ্রীউপেন্দ্রনাথ দত্ত ১৲, শ্রীচারুচন্দ্র নন্দী বি-এল ২৲, শ্রীহরেন্দ্রনাথ দত্ত ২৲, শ্রীবিনোদবিহারী নন্দী ২৲, শ্রীনারায়ণচন্দ্র দাস ৫৲, শ্রীসাগরচন্দ্র রক্ষিত ৪৲, শ্রীনফরচন্দ্র সিংহ ১৲, শ্রীমৃত্যুঞ্জয় পাল ১৲, শ্রীবৈদ্যনাথ রক্ষিত ৩৲, শ্রীসুরেশচন্দ্র দে ১৲, শ্রীনীলোৎপল দত্ত ১৲, শ্রীযুগোলকিশোর দরিপা ও লক্ষ্মীনারায়ণ পাল ৭৶০, রাজহাটী থাকের তাম্বুলী মহোদয়গণ (মারফত শ্রীরাখালচন্দ্র সেন) ১৬৲, মারফত শ্রীরামস্বষ্টি কুণ্ডু ১০৲, শ্রীঈশানচন্দ্র কুণ্ডু ২৲, শ্রীরজনীকান্ত হালদার ৫৲, শ্রীগোষ্ঠবিহারী দে ২৲, শ্রীনিবারণচন্দ্র রক্ষিত ২৲, শ্রীঈশ্বরচন্দ্র দত্ত ॥০, শ্রীসর্বেশ্বর ভদ্র ।০, শ্রীবেণীমাধব দে ১৲, শ্রীঅক্ষয়কুমার দে ॥০ মোট আদায় আটশত পঁচিশ টাকা চারি আনা মাত্র ৮২৫।০

—খরচ—

১। বাঁকুড়া, পুরুলিয়া, বালেশ্বর, মেদিনীপুর ইত্যাদি যাতায়াতের খরচ— ৪৩৶১০,

২। মেদিনীপুর যাতায়াতের খরচ— ১০৲

৩।	বোলপুর কৃষ্ণনগব ও বৰ্দ্ধমান যাতায়াতের খরচ—	১১৶০
৪।	মনিহারি দ্রব্য খরিদ—	৫৲
৫।	তুলা, কাপড়, গঁদ ইত্যাদি খরিদ—	৩।০
৬।	কাগজ ও খাম খরিদ—	১০৵০
৭।	প্রেস খরচ—	৬৮৸৶৫
৮।	ডাক টিকিট খরিদ—	৩৪৲
৯।	ট্যাক্সিভাড়া—	১৬৵০
১০।	ট্রাম, বাস, গাড়ী ও রিক্সাভাড়া—	৩১৸১৫
১১।	মহেশ্বরী ভবনের ভাড়া—	৪০৲
১২।	মনিঅর্ডার ফিঃ রেজিষ্ট্রেশন ফিঃ	॥৵০
১৩।	টেলিগ্রাফ খরচ—	২৲
১৪।	জলখাবার ইত্যাদি খরচ—	১৪১/০
১৫।	চা সরঞ্জাম ও চা, দুগ্ধ, চিনি ইত্যাদি খরচ—	১৮৲
১৬।	ফুলের মালা, তোড়া ইত্যাদি—	১১৵০
১৭।	পান খরিদ—	১৫॥৶০
১৮।	খুচরা খরচ—	১৲
১৯।	কমড খরিদ—	৭৸০
২০।	মাটির ডিস খরিদ—	১২৸০
২১।	কনসার্ট পার্টির গাড়ী ভাড়া—	১২৲
২২।	প্ল্যাট- ফরম টিকিট খরিদ—	১॥৵০
২৩।	চেয়ার, পর্দ্দা ইত্যাদি ভাড়া—	৩০৲
২৪।	ব্যাজ খরিদ—	১১।০
২৫।	কাষ্ঠ ও কয়লা খরিদ—	১।০
২৬।	চাকরের বেতন—	৯॥০
২৭।	চাকরের বকশিষ—	২৲
২৮।	জমাদারের বকশিষ—	৩৲

২৯। দফে প্রেস খরচ— ৪৷৷০

৩০। চেয়ার ভাড়া ইত্যাদি দঃ ১খানি চেয়ারের কমতার জন্য মূল্য দেওয়া হয়— ১৷৷০

মোট খরচ—পাঁচশত ষাট টাকা চারি আনা দুই পয়সা মাত্র— ৫৬০।১০

আয় ও ব্যয়ের হিসাব

মোট জমা—৮২৫।০

মোট খরচ—৫৬০।১০

মজুত—২৬৪৮৵১০

Calcutta
9th April
1931

Examined and found correct
Nilmoni Singha
Kali Krishna Rakshit
Auditors.

জাতীয় ভাণ্ডার

রায় নলিনাক্ষ দত্ত বাহাদুর ৫৲, শ্রীরামনিধি দে ১৲, শ্রীযোগেন্দ্র নাথ সিংহ ১৲, শ্রীগৌরগোপাল সিংহ ১৲, শ্রীপ্রাণকৃষ্ণ দে ১৲, শ্রীতুলসী চরণ সেন ১৲, শ্রীবিপ্রচরণ রক্ষিত ১৲, শ্রীচন্দ্র মোহন সেন (মাজি) ৷৷০. শ্রীঅধর চন্দ্র রক্ষিত ১৲, শ্রীনিবারণ চন্দ্র রক্ষিত ১৲, শ্রীপ্রিয়নাথ নাগ ১৲, শ্রীবিদ্যাধর আশ ১৲, শ্রীরাজেন্দ্র নাথ গুঁই ১৲ শ্রীকালীপ্রসন্ন রক্ষিত ১৲, শ্রীমতিলাল কুণ্ডু ১৲, শ্রীদুর্গাচরণ দাস ২৲ শ্রীরজনী কান্ত মল্লিক ১৲, শ্রীগোষ্ঠ বিহারী সিংহ ১৲, শ্রীঅনাদি চরণ নন্দী ২৲, শ্রীতুলসী চরণ আশ ১৲, শ্রীগঙ্গাহরি নন্দী ১৲, শ্রীভবতারণ গুঁই ১৲, শ্রীনগেন্দ্র নাথ নাগ ১৲, শ্রীউমাচরণ কর ৷৷০, শ্রীযজ্ঞেশ্বর কর ১৲, শ্রীআশুতোষ সেন ১৲, শ্রীসুধন্য চরণ কর ৷৷০, শ্রীবটকৃষ্ণ দে ১৲, শ্রীশরৎ চন্দ্র কর ১৲, শ্রীবৈদ্যনাথ হালদার ১৲,

শ্রীনবকিশোর বর্দ্ধন ১৲, শ্রীহরিনারায়ণ রক্ষিত ১৲, শ্রীগৌরহরি রক্ষিত ১৲, শ্রীপ্রমথ নাথ কুণ্ডু ২৲, শ্রীকালীচরণ গুঁই ১৲, শ্রীসত্য কিঙ্কর দত্ত ১৲, শ্রীশম্ভুনাথ রক্ষিত ১৲, শ্রীদ্বিজপদ কুণ্ডু ১৲, শ্রীদোলগোবিন্দ দে ১৲, শ্রীগোষ্ঠবিহারী দে ১৲, শ্রীবিজয়কৃষ্ণ কুণ্ডু ।০, শ্রীদুর্গাচরণ রক্ষিত ১৲, শ্রীশ্রীপতিচরণ কুণ্ডু ১৲, শ্রীরামকৃষ্ণ কর ১৲, শ্রীনারায়ণ চন্দ্র পাল ১৲, শ্রীমাণিকেশ্বর কুণ্ডু ॥০, শ্রীখগেশ চন্দ্র দত্ত॥০ শ্রীহরিপদ সেন ॥০, শ্রীযতীন্দ্র নাথ দে ১৲, শ্রীঅভয় চরণ নন্দী ॥০, শ্রীরামেশ্বর মল্লিক ১৲, শ্রীগোষ্ঠবিহারী লাহা ১৲, শ্রীতিনকড়ি গুঁই ১৲, শ্রীতারিণী শঙ্কর সিংহ ২৲, শ্রীভূতনাথ সেন, ১৲ শ্রীতুষার-ময় সেন ১৲ শ্রীকৃষ্ণ প্রসাদ সেন ১৲, শ্রীখগেন্দ্র নাথ সিংহ ১৲ শ্রীমোহিনী মোহন দত্ত ১৲, শ্রীসতীশচন্দ্র রক্ষিত ১৲, শ্রীশশিভূষণ দাস ১৲, শ্রীসুরেন্দ্র নাথ দত্ত ১৲, শ্রীপ্রমথনাথ আশ ১৲, শ্রীপ্রহ্লাদ চন্দ্র পাল ১৲, শ্রীনিরঞ্জন পদ সেন ১৲, শ্রীবিশ্বনাথ দত্ত ১৲ শ্রীপ্রভাশ চন্দ্র আশ ১৲, শ্রীগোবর্দ্ধনধারী লাহা ১৲, শ্রীকিশোরী মোহন রক্ষিত ৪৲।

মোট ... ৭৬৸০

মহাসম্মেলনের পর

প্রথম সভা।

তারিখ—১৫ই চৈত্র, ১৩৩৭ সাল, স্থান—ট্রেনিং একাডেমি স্কুল।

আলোচ্য বিষয়—কার্য্য নির্ব্বাহক সমিতি গঠন।

সভাপতি—**শ্রীযুক্ত রাজেন্দ্রনাথ সোম বি, এল,**

নানা আলোচনার পর সর্ব্ববাদিসম্মতিক্রমে কার্য্য-নির্ব্বাহক **সমিতি গঠিত হয়।**

মহাসম্মেলনের পর।

সভাপতি—রায় নলিনাক্ষ দত্ত বাহাদুর।

সহঃ সভাপতি—শ্রীকেদার নাথ আশ বি, এল্।
শ্রীরাজেন্দ্র নাথ সোম বি, এল্।
শ্রীবিহারীলাল মল্লিক।
শ্রীরামরঞ্জন সিংহ।

সম্পাদকদ্বয়—শ্রীকিশোরী মোহন রক্ষিত এম, এ, বি, এল্।
শ্রীশৈলেন্দ্র নাথ কুণ্ডু বি, এ।

সহঃ সম্পাদক—শ্রীনিমাইচরণ পাল।
শ্রীবৈদ্যনাথ রক্ষিত।
শ্রীচণ্ডীচরণ দত্ত।

কোষাধ্যক্ষ—শ্রীহরিপদ দাঁ।
শ্রীহরিধন কুণ্ডু।

হিঃ পরীক্ষক—শ্রীকালীকৃষ্ণ রক্ষিত বি, এ, বি,টি।
শ্রীনীলমণি সিংহ।

সভ্যগণ।

শ্রীনরেন্দ্র নাথ নন্দী এম, বি, বি, এস্ সি,।
শ্রীদ্বিজেন্দ্র নাথ দত্ত এম, এ, বি, এল্,।
শ্রীশ্রীরামচন্দ্র কর।
শ্রীচারুচন্দ্র নন্দী—বি, এল।
শ্রীশৈলেন্দ্র নাথ রক্ষিত।
শ্রীঅনুকূল চন্দ্র লাহা।
শ্রীভূতনাথ সেন।

শ্রীরাজেন্দ্র নাথ কুণ্ডু এম, বি, ডি, টি, এম্।

শ্রীহরিদাস মল্লিক।

শ্রীচারুচন্দ্র মল্লিক।

উপরি উল্লিখিত ব্যক্তিগণকে লইয়া তাম্বুলি মহাসম্মেলনের কার্য্য-করী সমিতি গঠিত হইল।

এই সভায়—নিম্নলিখিত ভদ্রলোকগণ সাধারণ সভ্যনির্ব্বাচিত হন।

শ্রীনরেন্দ্র নাথ দে (ডুমকা) শ্রীপ্রমথ নাথ সিংহ (বৈঁচী), শ্রীহরি নারায়ণ সেন, (মেটিয়ারি), শ্রীনৃসিংহ প্রসাদ সেন (মেটিয়ারি) শ্রীরাধাগোবিন্দ সেন (মেটিয়ারি) শ্রীগৌরীশঙ্কর দাস (তমলুক), শ্রীযতীন্দ্র নাথ কর (বালেশ্বর), শ্রীলালগোপাল দত্ত (হবিবপুর) শ্রীরাখালদাস সিংহ (কলিকাতা) শ্রীশশিভূষণ সিংহ, শ্রীতারাপদ দত্ত, শ্রীবীরেন্দ্র নাথ দত্ত, শ্রীযুগোল কিশোর সেন, শ্রীপূর্ণচন্দ্র দে উদ্ভটসাগর, শ্রীগোবর্দ্ধন দাস, শ্রীহরিদাস মল্লিক।

কার্য্যকরী সমিতির দ্বিতীয় সভা।

তারিখ—১৮চৈত্র স্থান—২১০ হ্যারিসন রোড

সভাপতি—শ্রীরামরঞ্জন সিংহ

রাজেন্দ্রবাবুর প্রেরিত তালিকা হইতে নিম্নলিখিত ব্যক্তিগণকে নিম্নলিখিত হারে মাসিক সাহায্যের ব্যবস্থা হইল।

শ্রীমতী কালীদাসী—২৲

খানাকুল

শ্রীমতী উত্তমমণী দাসী—২৲

মেদিনীপুর

শ্রীমতী প্রসন্নময়ী দাসী—২৲

মেদিনীপুর

শ্রীমতী তারা দাসী—২৲
বালেশ্বর

শ্রীপাঁচকড়ি মল্লিক—৩৲
ঘাঁটাল

শ্রীসুরেন্দ্রনাথ রক্ষিত—২৲
মেদিনীপুর

শ্রীমতী কাদম্বিনী দাসী—২৲
বাঁকুড়া

২। রাজেন্দ্রবাবু সহকারী সভাপতির কার্য্য করিতে অক্ষম এই মর্ম্মে একখানি পত্র দিয়াছিলেন তাহা সভায় পঠিত হয়।

৩। হরিপদ দাঁ মহাশয়কে কোষাধ্যক্ষের কার্য্য করিতে অনুরোধ করিয়া পত্রলেখা হয়।

কার্য্যকরী সমিতির তৃতীয় সভা

তারিখ ২৭ বৈশাখ—স্থান ২১০নং হ্যারিসন রোড

সভাপতি—শ্রীবিহারীলাল মল্লিক

নানাস্থানের ছাত্রগণের প্রেরিত পত্রগুলি পঠিত হয়।

হঠাৎ ছাত্রগণের দান বন্ধের কথা শুনিয়া সভাস্থ সকলেই দুঃখিত হইলেন এবং যাহাতে দান পুনরায় প্রতিষ্ঠিত হয় সে বিষয়ে সভাস্থ সকলেই চেষ্টান্বিত হইলেন।

স্থির হইল শ্রীযুক্ত বিহারীলাল মল্লিক, শ্রীযুক্ত রামরঞ্জন সিংহ, রায় নলিনাক্ষ দত্ত বাহাদুর, শ্রীযুক্তশ্রীরাম চন্দ্র কর, শ্রীযুক্তশৈলেন্দ্রনাথ কুণ্ডু, শ্রীযুক্ত কেদার নাথ আশ, ডাঃ রাজেন্দ্র নাথ কুণ্ডুকে লইয়া একটী কমিটি গঠিত হইবে। তাঁহারা নফরবাবুর সহিত সাক্ষাৎ করিয়া সমিচীন মীমাংসার জন্য চেষ্টা করিবেন।

এই সভায় মেহেরপুরের কয়েকটি ছাত্রের দুরবস্থার কথা শুনিয়া শ্রীযুক্ত বাবু চারু চন্দ্র নন্দী তাহাদিগের একজনকে ১২ মাসের (১৯৩১ সালের) মাহিনা দিয়া সাহায্য করিতে স্বীকৃত হইলেন।

ইহাও স্থির হয় যে গত মহাসম্মেলনে সিদ্ধান্ত হয় যে তাম্বুলি-পত্রিকা অথবা তাম্বুলি-হিতৈষী এই পত্রিকা দ্বয়ের মধ্যে যদি পরস্পরের নিন্দাবাদ হয় তবে মহাসম্মেলনের পক্ষ হইতে একটী নূতন পত্রিকা বাহির হইবে এবং তাহাই জাতীয় পত্রিকা বলিয়া 'গৃহীত হইবে। উক্ত সিদ্ধান্তের ব্যতিক্রমে তাম্বূলি-পত্রিকায় মাঘ, ফাল্গুন সংখ্যায় (১০ ও ১১ দশ) ১৩৩৭, কতিপয় অত্যন্ত আপত্তিকার উক্তি মহাসম্মেলনের বিরুদ্ধে লিখিত হওয়ায় ইহা স্থিরীকৃত হইল যে তাম্বুলি-মহাসম্মেলন তাম্বুলি-হিতৈষী' পত্রিকাকে তাঁহাদের মুখপত্র হিসাবে গ্রহণ করিবেন। এবং উপস্থিত এই মহাসম্মেলনের যাবতীয় কার্য্যবিবরনী উক্ত পত্রিকায় প্রকাশিত হইবে। যুবক-সম্মিলনীর সম্পাদক মহাশয়কে এবিষয় জ্ঞাপন করা হউক।

এই সভায় শ্রীযুক্ত উমাকান্ত দত্ত, শ্রীযুক্ত প্রমথ নাথ পাল, শ্রীযুক্ত সুধাংশু কুমার রক্ষিত এবং শ্রীযুক্ত মহামূল্য আশ সদস্য নির্ব্বাচিত হইলেন।

পূর্ব্বমাসের ন্যায় এমাসেও দরিদ্রদিগকে দানকরিবার প্রস্তাব গৃহীত হইল। শ্রীমতী চঞ্চলা দাসীকে এমাসের জন্য ২৲ টাকা দেওয়া হইল।

কার্য্যনির্ব্বাহক সমিতির চতুর্থ সভা।

তারিখ—১৩ আষাঢ় ২১০ হ্যারিসন্ রোড।

সভাপতি—শ্রীরামরঞ্জন সিংহ।

সভার নির্ব্বাচিত সভ্যগণের নিকট চাঁদা আদায়ের জন্য নিম্নলিখিত ব্যক্তিগণের উপর ভার দেওয়া হইল।

শ্রীদ্বিজেন্দ্র নাথ দত্ত, শ্রীবৈদ্যনাথ রক্ষিত, শ্রীসতীশচন্দ্র রক্ষিত শ্রীহরিধন কুণ্ডু, শ্রীশৈলেন্দ্র নাথ রক্ষিত, শ্রীচণ্ডীচরণ দত্ত। পত্র ছাপাইবার প্রস্তাব গৃহীত হয়।

রাজেন্দ্র বাবু তাম্বুলি-হিতৈষী গ্রহনের প্রস্তাব পুনরায় আলোচনার জন্য প্রার্থনা করেন। কিন্তু অধিকাংশের মতে তাহা অগ্রাহ্য হয়।

দ্বিজেন্দ্র বাবু নফর চন্দ্র ট্রাষ্টফণ্ডের সম্বন্ধে আলোচনা করিলে নানা মত বিরোধ হয়। অবশেষে তিনি তাঁহার প্রস্তাব প্রত্যাহার করেন।

কার্য্যকরী সমিতির পঞ্চম সভা।

তারিখ—৩রা শ্রাবণ স্থান ২১০ হ্যারিসন রোড।

সভাপতি—শ্রীরামরঞ্জন সিংহ।

১। চাঁদা আদায় কারিগণ বিল বহি লইলেন।

২। মহাসম্মেলনের কার্য্য বিবরণী ছাপাইবার জন্য ১০০৲ টাকা মঞ্জুর হয়।

৩। বালেশ্বরের শ্রীমতী তারা দাসীর মৃত্যুসংবাদ পাইয়া তাহার স্থানে যাদববাটীর শ্রীমতী আতরমণী দাসীকে মাসিক ২৲ টাকা দিবার ব্যবস্থা হয়।

৪। গড়বেতার ছাত্র শ্রীমান্ সুধীর চন্দ্র পিরিকে সাহায্য করিবার জন্য সভাতেই সভ্যগণের নিকট হইতে ১২৲ টাকা নগদ এবং ১৩৲ টাকার অঙ্গীকার পাওয়া গেল!

জাতীয় ভাণ্ডারের হিসাব

সন ১৩৩৭ সালের ফাল্গুন মাসের জের——

মোট জমা-- ৭৬৸০ ৬০৸৶০

চৈত্র মাসের দান—১৫৲

মনিঅর্ডার খরচ— ৸৶০

৬০৸৶০

শ্রীযুক্ত বাবু সত্যচরণ কর	৩৲
শ্রীযুক্ত বাবু উমাকান্ত দত্ত	৩৲
শ্রীযুক্ত বাবু সুরেন্দ্র নাথ দে	৩৲

শ্রীযুক্ত বাবু মহানন্দ দত্ত	১৫৲
শ্রীযুক্ত বাবু জানকী নাথ লাহা	১৲
শ্রীযুক্ত বাবু বিহারী লাল মল্লিক	২৲
শ্রীযুক্ত বাবু গোষ্ঠ বিহারী দে	॥০
শ্রীযুক্ত বাবু শ্রীপতিচরণ কুণ্ডু	২৲
শ্রীযুক্ত বাবু হরিপদ দত্ত	১৲
মেসার্স জয়হরি দত্ত এণ্ড সন্সস্	১৲
শ্রীযুক্ত বাবু বিজয় কেশব সেন	॥০
শ্রীযুক্ত বাবু চারুচন্দ্র নন্দী (একটী দরিদ্র সজাতি শিক্ষার্থী বালকের জন্য)	২০৲
শ্রীযুক্ত বাবু অনিল বিহারী নন্দী	১০৲
শ্রীযুক্ত বাবু রামরঞ্জন সিংহ	৫৲
শ্রীযুক্ত বাবু চণ্ডীচরণ দত্ত	১৲
শ্রীযুক্ত বাবু রামগোপাল দত্ত	১৲
শ্রীযুক্ত বাবু কিশোরী মোহন রক্ষিত	৩৲
শ্রীযুক্ত বাবু বৈদ্যনাথ রক্ষিত	১৲
শ্রীযুক্ত বাবু কালীকৃষ্ণ বক্ষিত	১৲
শ্রীযুক্ত বাবু এককড়ী চেল	১৲
শ্রীযুক্ত বাবু অনুকূল চন্দ্র লাহা	১৲
শ্রীযুক্ত বাবু নীলমনি সিংহ	১৲
	৭৭৲ ৭৭৲

মোট জমা	১৩৭৮৵০
বাদ খরচ	৯৫॥০
মজুত	৪২।৶০

	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ		একুনে
শ্রীমতী কালীদাসী	২৲	২৲	২৲	„	=	৬৲
শ্রীমতী উত্তমমণি দাসী	২৲	২৲	২৲	„	=	৬৲
শ্রীমতী প্রসন্নময়ী দাসী	২৲	২৲	২৲	„	=	৬৲
শ্রীমতী তারামণি দাসী	২৲	০	০	„	=	২৲
শ্রীমতী কাদম্বিনী দাসী	২৲	২৲	২৲	„	=	৬৲
শ্রীযুক্ত পাঁচকড়ি মল্লিক	৩৲	৩৲	৩৲	„	=	৯৲
শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ রক্ষিত	২৲	২৲	২৲	„	=	৬৲
শ্রীমতী চঞ্চলা দাসী	২৲	২৲	২৲	„	=	৬৲
শ্রীমান্ দ্বিজেন্দ্র নাথ দত্ত (ছাত্র)	০	০	২০৲	„	=	২০৲
শ্রীসুধীরচন্দ্র গিরি (ঐ)	০	০	০	২১৲	=	২১৲
জনৈক সজাতি (এককালীন দান)				২৲	=	২৲
শ্রীমতী আতরবালা দাসী	০	০	২৲	০	=	২৲
	১৭৲	১৫৲	৩৭৲	২৩৲	=	৯২৲
মনি অর্ডার খরচ						৩।০
মোট খরচ						৯৫।০

বিশেষ দ্রষ্টব্যঃ—

বরাহনগরের সজাতি ফটোগ্রাফার এম, দত্ত মহাশয় বিনা পারিশ্রমিকে মহাসম্মেলনের ফটো তুলিয়া দিয়া আমাদিগকে সাহায্য করিয়াছেন। তজ্জন্য আমরা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। যদি কেহ মহাসম্মেলনের ফটো বা তাহার এনলার্জ্জমেণ্ট ক্রয় করিতে ইচ্ছা করেন তাহা হইলে নিম্নলিখিত ঠিকানায় তাঁহাকে পত্র লিখিতে পারেন।

এম, দত্ত
ফটোগ্রাফার
পালপাড়া, বরাহনগর,
পোঃ বরাহনগর, জেলা ২৪ পরগনা।

শুদ্ধিপত্র

অশুদ্ধ	শুদ্ধ	পৃঃ	পৃষ্ঠা
সাহাষ্য	সাহায্য	১৭	১
কোনই	কোন	৬	৪
ফল	ফল হয়	৭	৪
সম্বীয়	স্বর্গীয়	১৪	৫
মহাশর	মহাশয়	২	৬
মফস্বলের ও	মফঃস্বলেরও	৪	৬
করিয়াছিহেন	করিয়াছিলেন	১০	৬
বেণুকা বালা	রেণুকা বালা	১৭	৬
হইল	হইলেন	৩৩	৬
কুলচী	কুলজী	৭	৭
বিবাহ ও	বিবাহও	১৬	৭
যহাশয়	মহাশয়	১৮	৭
পর্য্যন্ত	পর্য্যন্ত	২	৮
লধিকার	অধিকার	২৩	৮
প্রতীক্ষা	প্রতিজ্ঞা	১৫	১০
আগ্রহ ও	আগ্রহও	৪	১৬
যাহ	যাহা	৩	১৮
সভায়	সভার	৪	১৮
সংস্কাব কল্পে	সংস্কার কল্পে	৯	২৩
সভার	সভায়	২৫	২৬
উৎসুকা	ঔৎসুকা	৯	২৭
ইহারা	ইঁহারা	২৬	২৭
করেন	করে	১৯	২৮
ছইতে	হইতে	২৩	৩৩

তাম্বূলি মহাসম্মেলনের স্মারকপত্র

ও

নিয়মাবলী

(১৮৬০ সালের ২১ আইন মতে রেজেষ্টারী কৃত)

সম্পাদক, তাম্বূলি মহাসম্মেলন
৭৭, সুরেন্দ্র ব্যানার্জ্জি রোড,
কলিকাতা।

Memorandum of Association

(সম্মেলনের স্মারক পত্র)

১) এই সমিতির নাম তাম্বুলি মহাসম্মেলন (অতঃপর) ইহা মহাসম্মেলন নামে অভিহিত হইবে।

২) মহাসম্মেলনের সরকার অনুমোদিত (Registered) কার্য্যালয় কলিকাতা সহরেই থাকিবে—বর্ত্তমান কার্য্যালয় ৪৭, সুরেন্দ্র ব্যানার্জ্জী রোডে অবস্থিত।

৩) নিম্নলিখিত উদ্দেশ্যগুলি লইয়া মহাসম্মেলন গঠিত হইয়াছে :—

(ক) দুস্থ তাম্বুলি জাতি ও তাহাদের পরিবারবর্গের দুঃখ মোচনার্থ দানের ব্যবস্থা করা—

(খ) তাম্বুলি জাতির নৈতিক, শারীরিক, সামাজিক, আর্থিক, ধর্ম্ম ও শিক্ষার সুবিধা ও উন্নতি বিধান করা—

(গ) সমগ্র তাম্বুলি জাতির ও ছাত্রসম্প্রদায়ের মধ্যে আবশ্যকীয় জ্ঞানের প্রচার করা—

(ঘ) মধ্যে মধ্যে বক্তৃতাদি এবং সামাজিক সভাদির অনুষ্ঠান দ্বারা সংঘবদ্ধ জীবনের সুবিধা ও উপকারিতা বিষয়ক জ্ঞানের পুষ্টি সাধন করা—

(ঙ) তাম্বুলি জাতির হিতার্থে গৃহাদি নির্ম্মাণ, আশ্রম, হাসপাতাল, পুস্তকাগার, পাঠাগার, বান্ধব সমিতি, নৈশ বিদ্যালয়, শিল্প, ধর্ম্ম এবং সাধারণ বিদ্যালয় স্থাপন, ক্রীড়া কৌতুকাদির ব্যবস্থা করা—

(চ) বঙ্গদেশীয় ও ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তাম্বুলি সম্প্রদায়ের মিলন সংঘটন করা এবং যাহাতে পরস্পরের মধ্যে সহযোগীতা ও সাহার্য্যের মনোভাব পরিস্ফুট হয় তাহার বিধান করা—

(ছ) যাহাতে ভারতের বিভিন্ন প্রদেশস্থ সকল থাকের তাম্বুলিগণের মধ্যে মিলন আরও গভীরতরভাবে হইতে পারে এবং যাহাতে তাহাদিগকে আরও ঘনিষ্ঠ ভাবে একত্রিত (মিলিত) করা যায় তাহার ব্যবস্থা করা—

(জ) বঙ্গদেশে বা ভারতবর্ষের অন্যান্য প্রদেশস্থ অন্যান্য জাতির সহিত যাহাতে সদ্ভাব বর্দ্ধিত হয় তাহার ব্যবস্থা করা—

(ঝ) নিরাশ্রয় তাম্বুলি জাতির নরনারী এবং শিশুদের জীবন এবং ধন সম্পত্তির রক্ষার ব্যবস্থা করা—

(ঞ) মহাসম্মেলনের হিতার্থে ইহার বিষয় সম্পত্তি ক্রয়, অধিকার, বিক্রয়, ভাড়া দেওয়া, বন্ধক রাখা এবং পাট্টাবিলির অধিকার থাকিবে ; ইহার সুদ দিবার অঙ্গীকার পত্র (Debenture) দান করিবার, কোন ব্যবসায়ের অংশীদার নিযুক্ত হইবার, সম্পত্তি বন্ধক দেওয়ার এবং অন্য উপায়ে টাকা খাটাইবার ক্ষমতা থাকিবে দান গ্রহণ, চাঁদা আদায় করিবার অধিকার থাকিবে, যে কোন সম্পত্তির বা ইহা অছি নিযুক্ত হইবার ও ইহার ক্ষমতা থাকিবে।

(ট) সময়ে সময়ে যেরূপ স্থিরীকৃত হইবে সেইরূপ ভাবে মহাসম্মেলনের তহবিলে চাঁদা ইত্যাদি সংগ্রহের জন্য ব্যক্তিগতভাবে বা অন্যরূপে চেষ্টা করিতে পারিবে বা লিখিত আবেদন পত্র বাহির করিতে পারিবে।

(ঠ) উল্লিখিত উদ্দেশ্য সমূহের যে কোনটীর অনুরূপ কর্ম্ম-পন্থা কোন সমিতি বা সংঘ গ্রহণ করিলে ইহা তাহাদিগকে সাহায্য করিতে পারিবে।

(ড) সময়ে সময়ে যেরূপ স্থিরীকৃত হইবে সেইরূপ ভাবে ইহা ইহার সঞ্চিত অর্থ খাটাইতে পারিবে।

(ঢ) যে কোন সভা বা সমিতি একই উদ্দেশ্যে গঠিত ইহা তাহাদিগকে ইহার সহিত একত্রিত করিতে পারিবে।

(ণ) ইহা অন্যান্য যে কোন কার্য্য করিতে পারিবে যাহা আকস্মিক বলিয়া অথবা যাহা ইহার সমুদয় বা কোন একটীর উদ্দেশ্যের উপযোগী বলিয়া বিবেচিত হইবে।

৪। মহাসম্মেলনের সম্পত্তি বা আয় ইহার গৃহীত কর্ম্মপন্থার প্রসার এবং উদ্দেশ্য সিদ্ধির জন্য সম্পূর্ণ ভাবে নিয়োজিত হইবে—ইহার লভ্যাংশ কখনও সভ্যগণের মধ্যে বিতরিত বা বণ্টিত হইতে পারিবে না।

(ক) তবে ইহা প্রকাশ থাকে যে কর্ম্মচারী বা ভৃত্যগণের বেতন অথবা সভা বা অন্য কাহারও ইহার জন্য কৃত কোন কর্ম্মের বিনিময়ে পারিতোষিক বা দর্শনীরূপে দিবার ইহার অধিকার থাকিবে।

(খ) ইহার কোনও একজন সভ্যের বা অন্য কোন সভ্যের সহিত একত্রিত ভাবে বা অপর কাহারও প্রদত্ত ঋণের সুদ পরিশোধ অথবা আইনতঃ অন্য কোনরূপ পাওনার টাকা পরিশোধ দিতে পারিবে।

(গ) মহাসম্মেলনের সাময়িক বিধানানুযায়ী চাঁদার টাকা সভ্যগণকে ফেরৎ দস্তুরী, অনুগ্রহ স্বরূপ অন্য কোনরূপ বাদ বা ধরাট (rebate) দিবার ইহার অধিকার থাকিবে।

(ঘ) মহাসম্মেলনের প্রকাশিত কোন পুস্তক বা অন্য কোন প্রচার পত্র ইহা বিনামূল্যে সভ্যগণের মধ্যে বিতরণ বা দাম কমাইয়া বিক্রয় করিতে পারিবে বা ইহার উদ্দেশ্য সিদ্ধির জন্য অনাবশ্যক বাজার পাওনা ছাড়িয়া দিতে পারিবে কিন্তু প্রকাশ থাকে যেন ইহা ইহার কার্য্যকরী সমিতির কোনও সভ্যকে মাহিনা বা, দর্শনীযুক্তপদে বাহাল করিতে পারিবে না—তাঁহারা কেবল মহাসম্মেলনের কোন কার্য্যের জন্য যদি কিছু নিজের তহবিল হইতে ব্যয় করিয়া থাকেন তাহা ফিরাইয়া পাইবেন অথবা যদি কিছু কর্জ্জ দিয়া থাকেন—তাহার সুদ দিবার কিম্বা ইহার ব্যবহৃত গৃহের ভাড়া দিবার অধিকার ইহার থাকিবে।

৬। নিম্নে যে সকল সভ্যের উপর মহাসম্মেলনের কার্য্যকরী সমিতির ভার ন্যস্ত হইয়াছে তাহাদের নাম ঠিকানা এবং পেশার বিবরণ দেওয়া হইল।

	নাম, ঠিকানা	পেশা	
১।	শ্রীবসন্তকুমার সিংহ ৬, মার্কাস স্কোয়ার, কলিকাতা	ব্যবসায়	সভাপতি
২।	শ্রীবিহারীলাল মল্লিক ৭, রতন সরকার গার্ডেন ষ্ট্রীট, কলিকাতা	ঐ	সহকারী ঐ
৩।	রায় সাহেব তারাপদ দত্ত বি, ই ১।১, রূপচাঁদ মুখার্জ্জি লেন, ভবানীপুর	চাকরী	ঐ
৪।	শ্রীচারুচন্দ্র নন্দী বি, এল ৪৭, সুরেন্দ্র ব্যানার্জ্জি রোড, কলিকাতা	ব্যবসায়	সম্পাদক
৫।	অনুকুলচন্দ্র লাহা ৬।১, বিন্দু পালিত লেন, জোড়াসাঁকো, কলিকাতা	ঐ	যুগ্ম সম্পাদক
৬।	শ্রীজীবনকুমার দত্ত ২২, নীয়োগীপাড়া লেন, তালতলা, কলিকাতা	ঐ	সহ সভাপতি
৭।	শ্রীধনকুবের নাগ ৬৭ এ, সুরেন্দ্র ব্যানার্জ্জি রোড, তালতলা, কলিকাতা	চাকরী	ঐ
৮।	শ্রীবিভূতিভূষণ রক্ষিত বি, কম, জি, ডি, এ ২৩৩, অপার সার্কুলার রোড, কলিকাতা	ঐ	হিসাব রক্ষক ও কোষাধ্যক্ষ

৯। শ্রীরামহরি দে, এম, এ ঐ হিসাব পরীক্ষক
৩।১ এ, রামরতন ব্যানার্জ্জি লেন, শ্যামবাজার,
কলিকাতা

১০। শ্রীনলিনাক্ষ সিংহ চিকিৎসক পত্রিকা সম্পাদক
৩৫।১।এ, শঙ্কর হালদার লেন, কলিকাতা

১১। শ্রীরবীন্দ্রনাথ পাল জমীদার ঐ সহ সম্পাদক
৩২, বাগবাজার, কলিকাতা

১২। শ্রীসত্যব্রত সিংহ ব্যবসায় ঐ
১৮৭, রাজা দীনেন্দ্র ষ্ট্রীট, কলিকাতা

১৩। শ্রীভূপতিভূষণ সিংহ এম, এ, বি, এল, ৩৫।১, হরিঘোষের ষ্ট্রিট, কলিকাতা সবিসিটার, 'ল' অফিসার। ১৪। শ্রীকালীকৃষ্ণ রক্ষিত বি, এ, বি টি, শিক্ষক প্রচার সম্পাদক, ১৫। শ্রীফণীভূষণ পাল, ৯, রমানাথ পাল রোড, খিদিরপুর, ব্যবসায় সভ্য। ১৬। শ্রীচারুচন্দ্র পাল, ১১।১, গোলক দত্ত লেন, আহিরীটোলা, সভ্য। ১৭। শ্রীশৈলেন্দ্রনাথ রক্ষিত, ধারসা সাঁতরাগাছি, হাওড়া, সভ্য। ১৮। শ্রীফকিরচন্দ্র পাল ব্যবসায়, ৪৭ এ, গঙ্গাধর ব্যানার্জ্জি লেন, খিদিরপুর, সভ্য। ১৯। শ্রীবামনদাস লাহা, ব্যবসায়, ১০৭ সুরেন্দ্র ব্যানার্জ্জি রোড কলিকাতা, সভ্য। ২০। শ্রীপরেশচন্দ্র রক্ষিত ব্যবসায়, টোবিন রোড, বরাহনগর, ২৪ পরগণা, সভ্য। ২১। শ্রীতারকদাস দত্ত, চাকরী ১১৫, বলরাম দে ষ্ট্রীট, কলিকাতা, সভ্য। ২২। শ্রীতুলসীচরণ দে চাকরী, ৩১, গোপীকৃষ্ণ লেন, কলিকাতা, সভ্য। ২৩। শ্রীনবকৃষ্ণ বর্দ্ধন ব্যবসায়, ৮৪, কাশী ঘোষ লেন, জোড়াসাঁকো, কলিকাতা, সভ্য। ২৪। শ্রীতারাপ্রসাদ সেন, ব্যবসায়, ৬৪, ক্লাইভ ষ্ট্রীট, সভ্য। ২৫। শ্রীকানাইলাল সেন, ব্যবসায়, বাগনান হাওড়া, সভ্য। ২৫। শ্রীকানাইলাল দত্ত, জমীদার ৩৬, শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা, সভ্য।

৬। আমরা নিম্নলিখিত কয়জন সভ্য সমবেত হইয়া এই স্মারক পত্রানুযায়ী কার্য্য করিতে অঙ্গিকার করিয়া এই সম্মেলন গঠিত করিলাম।

স্বাক্ষর, ঠিকানা এবং পেশা।

১। শ্রীতারাপদ দত্ত, এক্সামিনর অফ পেটেন্টস্, ১।১, রূপচাঁদ মুখার্জ্জি লেন, ভবানীপুর। ২। শ্রীবিহারীলাল মল্লিক, ব্যবসায়, ৭, রতন্ সরকার

গার্ডেন ষ্ট্রীট, কলিকাতা। ৩। শ্রীফণীভূষণ পাল, জুয়েলার ও ব্যবসায়, ৯, রমানাথ পাল রোড, খিদিরপুর] ৪। শ্রীনলিনাক্ষ সিংহ, চিকিৎসক, ৩৫।১।৪, শঙ্কর হালদার লেন, কলিকাতা। ৫। শ্রীঅনুকূলচন্দ্র লাহা, ব্যবসায়, ১১৩, মনোহর দাসের চক্, কলিকাতা। ৬। বিভূতিভূষণ রক্ষিত, চাকরী, ২৩৩ ১এ, অপর সার্কুলার রোড, কলিকাতা। ৭। রামহরি দে, ব্যবসায়, ৩।১এ, রামরতন বোস লেন, কলিকাতা।

তারিখ ৬।১২।৪০

সাক্ষীর সহি, ঠিকানা এবং পেশা :—

শ্রীকালীকৃষ্ণ রক্ষিত, ৬।১।১, রমানাথ মজুমদার ষ্ট্রীট, কলিকাতা, শিক্ষক।

তাম্বূলি মহাসম্মেলনের নিয়মাবলী।

সাধারণ নিয়ম :—

১। সভ্য হইবার নিয়ম :—তাম্বূলি সম্প্রদায় (জাতি) ভুক্ত স্ত্রী পুরুষ যে কেহ আঠার বৎসর অতিক্রম করিলেই এবং মহাসম্মেলনের নিয়মাবলী মানিয়া লইলেই ইহার সভ্য হইতে পারিবেন।

২। সভ্যের শ্রেণী বিভাগ :—(১) সাধারণ, (২) অসাধারণ বা বিশিষ্ট (৩) আজীবন (৪) প্রতিপোষক বা পৃষ্ঠপোষক এবং (৫) সম্মানিত বিশিষ্ট সভ্য ভেদেসভ্যগণ পাঁচ শ্রেণীতে বিভক্ত।

(ক) সাধারণ সভ্য :—তাম্বূলি-জাতীয় যে কেহ বার্ষিক ১৲ টাকা চাঁদা দিয়া সাধারণ সভ্য হইতে পারিবেন।

(খ) অসাধারণ বা বিশিষ্ট সভ্য :—যে কোন সজাতি কোন নির্দ্দিষ্ট স্থানের প্রতিনিধিরূপে মহাসম্মেলনে যোগদান করিবেন তিনি ইহার অসাধারণ বা বিশিষ্ট সভ্য বলিয়া গৃহীত হইবেন—তাহাকে বাৎসরিক ৩৲ টাকা চাঁদা দিতে হইবে।

পরিপোষক বা পৃষ্ঠপোষক সভ্য :—(গ) যে কোন সজাতি বাৎসরিক ১২৲ টাকা চাঁদা দিয়া ইঁহার পৃষ্ঠপোষক সভ্য হইতে পারিবেন।

(ঘ) আজীবন সভ্য :—যে কোন সজাতি মহাসম্মেলনের ধন ভাণ্ডারে এককালীন অন্ততঃ একশত টাকা চাঁদা দিবেন কিম্বা একশত টাকা মূল্যের কোন সম্পত্তি ইহাকে দান করিবেন তিনি ইহার আজীবন সভ্য বলিয়া গণ্য হইবেন। তাঁহাকে আর চাঁদা দিতে হইবেনা।

(ঙ) সম্মানিত বিশিষ্ট সভ্য :—যাঁহারা প্রথমোক্ত নিয়মানুসারে সভ্য শ্রেণীভুক্ত হইতে পারো না অথচ তাঁহাদের মহাসম্মেলনের কার্য্য কলাপে এবং

ইহার মতে সহানুভূতি আছে এবং মহাসম্মেলনের কল্যাণে কোনও সভা সমিতি গঠনকালে যাঁহাদের সাহায্যের প্রয়োজন হইবে তাঁহাদিগকে কার্য্যকরী সমিতির কোনও অধিবেশনে সম্মানিত বিশিষ্ট সভ্যরূপে নির্ব্বাচিত করা যাইতে পারিবে তাঁহারা ইচ্ছা করিলে মহাসম্মেলনের ধনভাণ্ডারে যে কোনরূপ দান করিতে পারিবেন।

৩। সভ্য নির্ব্বাচনের নিয়ম :—যাঁহারা সভ্যপ্রার্থী হইবেন তাঁহাদিগের নাম যে কোন সভ্য কার্য্যকরী সমিতির কোন অধিবেশনে প্রস্তাব করিলে এবং অপর একজন সভ্য উহা সমর্থন করিলে উপস্থিত সভ্যগণের অধিকাংশের সম্মতিতে তাঁহারা যথা নিয়মে নির্ব্বাচিত হইবেন। (নিয়মাবলীর শেষভাগে সাধারণ সভ্য শ্রেণীভুক্ত হইবার আবেদন পত্রের নমুনা দেওয়া হইল)

৪। ভোট বা মত প্রকাশের নিয়ম :—উক্ত সম্মানিত বিশিষ্ট সভ্যভিন্ন অন্য সকল শ্রেণীর সভ্যের ভোট দিবার বা সভ্য নির্ব্বাচন বিষয়ে মত প্রকাশের ক্ষমতা আছে। কোন সভ্য সভাস্থলে স্বয়ং উপস্থিত থাকিয়া হাত তুলিয়া সম্মতি জ্ঞাপন করিতে অথবা লিখিত মত প্রকাশ করিতে পারিবেন ইহা সেই সভায় যেরূপ স্থির হইবে সেইভাবেই গ্রহণ করা হইবে এবং এই নিয়ম ভবিষ্যতে পরিবর্ত্তিত না হইলে এইভাবেই চলিতে থাকিবে। সভ্য হিসাবে সভাপতির একটী ভোট বা মত প্রকাশের ক্ষমতা এবং একটী অতিরিক্ত ভোটও থাকিবে।

৫। কি কি কারণে সদস্য পদ লোপ পাইবে :—কোনও সদস্যের মৃত্যুতে, পাগল হইয়া যাইলে অথবা তিনি ধর্ম্মান্তর গ্রহণ করিলে তিনি মহাসম্মেলনের সদস্য থাকিতে পারিবেন না।

৬। পদ ত্যাগ :—কোনও সদস্য আবেদন করিয়া সদস্য পদ ত্যাগ করিতে পারিবেন কিন্তু সদস্য পদ ত্যাগ করিলেও তাঁহার নিকট মহাসম্মেলনের প্রাপ্য টাকাকড়ির জন্য তাঁহাকে দায়ী থাকিতে হইবে এবং উহা আদায় দিতে হইবে।

চাঁদা দেওয়ার ক্রটী :—কোনও সদস্য যদি বার মাসের অধিক কাল চাঁদা আদায় না দেন বা দিতে না পারেন তাহা হইলে তিনি আর সদস্য থাকিতে পারিবেন না কিন্তু তিনি সমস্ত প্রাপ্য চাঁদা মিটাইয়া দিলেই আবার সদস্য হইতে পারিবেন।

উল্লিখিত ৭ নং নিয়মানুসারে কোনও সদস্য পদ ত্যাগ করিলেও মহাসম্মেলনের সভাদিতে যোগদান করিতে পারিবেন কিন্তু ভোট দিতে পারিবেন না।

৮। নির্দ্দিষ্ট ঠিকানা :—(ক) প্রত্যেক সদস্যকে তাঁহার একটী ঠিকানা নির্দ্দিষ্ট করিয়া লিখাইয়া দিতে হইবে। সেই ঠিকানায় তাঁহাকে সংবাদাদি প্রেরণ করা হইবে। এই নির্দ্দিষ্ট ঠিকানার পরিবর্ত্তন ঘটিলে তাহাও সম্পাদককে জানাইতে হইবে। কোনও সদস্যকে তাঁহার নির্দ্দিষ্ট ঠিকানায় ডাকযোগে বিজ্ঞাপন ইত্যাদি (ইস্তাহার) প্রেরিত হইলে তিনি উক্ত ঠিকানায় অনুপস্থিতির জন্য বা অন্য কোন কারণে প্রকৃতপক্ষে উহা না পাইলেও উক্ত বিজ্ঞাপন বা সংবাদাদি তাঁহাকে বিলি করা এবং জানান হইয়াছে বলিয়া বিবেচিত হইবে। সংবাদাদি ডাকযোগে প্রেরিত হইলে যদি ঠিকানা ঠিকভাবে লেখা হইয়া থাকে তাহাতে উপযুক্ত ডাকটিকিট দেওয়া হইয়া থাকে এবং তাহা যথাসময়ে ডাকে দেওয়া হইয়া থাকে তাহা হইলে তাহা নিয়মিত ভাবে পাঠান হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(খ) কোনও সদস্য সভাসমিতির সংবাদাদি না পাইলেও উক্ত সভার কার্য্য বাতিল হইবে না।

৯। সদস্যের বিশেষ অধিকার :—(ক) সদস্যগণ বাৎসরিক সভায় যোগদান করিতে এবং ভোট দিতে পারিবেন এবং সাধারণ সমিতি (General Assembly) এবং কার্য্যকরী সমিতির সদস্যের জন্য নির্ব্বাচন প্রার্থী হইতে পারিবেন।

(খ) সদস্যগণ ইচ্ছা করিলে মধ্যে মধ্যে কার্য্যকরী সমিতি কার্য্য করিবার সময় যেরূপ নির্দ্ধারিত করিবেন সেই সময়ের মধ্যে মহাসম্মেলনের কার্য্যালয়ে উপস্থিত হইয়া ইহার কাগজপত্র, পুস্তক বা দলিলপত্র পরীক্ষা করিতে পারিবেন।

(গ) মহাসম্মেলনের পুস্তকাগার এবং পাঠাগারে সদস্যগণের প্রবেশাধিকার থাকিবে এবং মহাসম্মেলন যে সকল বক্তৃতাদির ব্যবস্থা করিবেন তাঁহারা তাহাতেও যোগদান করিতে পারিবেন।

(ঘ) মহাসম্মেলন যদি কোন সাময়িক পত্রাদি বাহির করেন সদস্যগণ তাহা বিনামূল্যে পাইবেন।

১০। সম্মানিত বিশিষ্ট সদস্যগণ পূর্ব্বোক্ত সকল সুবিধাই পাইবেন কেবল তাঁহারা কার্য্যকরী সমিতি কিংবা সাধারণ সমিতির সদস্য নির্ব্বাচন ব্যাপারে যোগদান করিতে পারিবেন না এবং কোন সভাতেই ভোট দিতে পারিবেন না।

১১। সদস্যশ্রেণী হইতে বহিস্করণের নিয়ম :—যদি কোন সদস্য মিথ্যা প্রচার দ্বারা মহাসম্মেলনকে প্রতারিত করেন কিংবা ইচ্ছাপূর্ব্বক এরূপ কোন কার্য্য করেন যাহাতে ইহার ক্ষতি বা অপযশ হয় তাহা হইলে কার্য্যকরী সমিতি

রীতিমত তদন্তের পর উক্ত সদস্য দোষী সাব্যস্থ হইলে তাঁহাকে বিতাড়িত করিতে পারিবেন। কার্য্যকরী সমিতিকে এই ব্যাপার বাৎসরিক সভায় তুলিয়া ইহার অনুমোদন গ্রহণ করিতে হইবে। অধিকাংশ সদস্য উপস্থিত হইয়া যে মত দিবেন তাহাই চূড়ান্ত এবং সম্পূর্ণ বলিয়া গৃহীত হইবে।

তাম্বুলি মহাসম্মেলনের কার্য্যপ্রণালী

১২। সাধারণ সমিতি ও কার্যাকরী সমিতি দ্বারা তাম্বুলি মহাসম্মেলনের যাবতীয় কার্য্য চালিত, নিয়মিত ও শাসিত হইবে।

সাধারণ সমিতি

১৩। যে সকল সদস্য ভিন্ন ভিন্ন জেলায় প্রতিনিধিরূপে যোগ দিবেন এই-রূপ এক শতের অনধিক সদস্য লইয়া সাধারণ সমিতি গঠিত হইবে। এই সকল সদস্যের নির্ব্বাচন কার্য্যকরী সমিতিতে শেষ নিষ্পত্তি হইবে।

১৪। সাধারণ সমিতির সদস্যগণ এক বৎসরের জন্য নির্ব্বাচিত হইবেন কিন্তু বাৎসরিক অধিবেশনের সময় পর্য্যন্ত তাঁহাদের কার্য্যকাল থাকিবে।

১৫। সাধারণ সমিতির অধিবেশন অন্ততঃ বৎসরে একবার হইবে। কার্য্যকরী সমিতি ইহার তারিখ সময় এবং স্থান নির্দ্দেশ করিয়া দিবে। এই সমিতি আগামী বৎসরের জন্য আয় ব্যয়ের পরিমাণ নির্দ্ধারণ, করিতে পারিবে এবং কার্য্যকরী সমিতি অন্যান্য যে সকল ব্যাপার ইহার অধিবেশনে উপস্থাপিত করিবে তাহার তর্ক বিতর্ক করিয়া মীমাংসা করিয়া দিবে। এই সমিতির অধি-বেশনের সংবাদ ঠিক চৌদ্দ দিন পূর্ব্বে সদস্যগণকে দিতে হইবে।

১৬। এই সমিতির নির্দ্দিষ্ট সাধারণ অধিবেশন ভিন্ন অতিরিক্ত সাধারণ অধিবেশন এবং আকস্মিক সাধারণ অধিবেশন হইতে পারিবে এবং এই অধি-বেশনগুলিতে কার্য্যকরী সমিতি যে সকল ব্যাপার মীমাংসার জন্য উপস্থাপিত করিবে তাহা তর্কবিতর্কের দ্বারা বিবেচিত এবং মীমাংসিত হইবে। অতিরিক্ত সাধারণ অধিবেশনর ৭ দিন পূর্ব্বে সংবাদ প্রেরণ করিতে হইবে এবং আকস্মিক সাধারণ অধিবেশনের তিন দিন পূর্ব্বে সংবাদ প্রেরণ করিলেই চলিবে।

১৭। পনরজন সদস্যের উপস্থিতি সাধারণ সমিতির অধিবেশনের কার্য্য সম্পাদনের নির্দ্দিষ্ট সংখ্যা বলিয়া বিবেচিত হইবে।

১৮। সম্পাদক নিজে ইচ্ছা করিলে যে কোন সময়ে সাধারণ সমিতির অধিবেশন আহ্বানের প্রস্তাব করিতে পারিবেন এবং যদি অন্ততঃ ত্রিশজন সদস্য সভা আহ্বানের উদ্দেশ্য বর্ণনা করিয়া কোন সাধারণ সভা আহ্বানের জন্য লিখিত আদেশ দেন তাহা পাইবার পনের দিনের মধ্যে সম্পাদককে এই সভা আহ্বান করিতে হইবে, সাধারণ সমিতির এই অধিবেশন এক মাসের মধ্যে হওয়া আবশ্যক। যদি সম্পাদক উক্ত সদস্যগণের আদেশমত সভা আহ্বান না করেন তাহা হইলে তাঁহারা—এই বিষয় সভাপতির গোচর করিবার পর আপনারাই পনের দিন পরে সভা আহ্বান করিতে পারিবেন।

কার্য্যকরী সমিতি

১৯। মহাসম্মেলনের কার্য্যকরী সমিতি ২৬ জনের অনধিক সদস্য লইয়া গঠিত হইবে। ইহাদের মধ্যে (ক) ১৬ জন পৃষ্ঠপোষক সদস্য শ্রেণী হইতে (খ) ৭ জন বিশিষ্ট সদস্য শ্রেণী হইতে নির্ব্বাচিত হইবেন বাকী ৩ জন সদস্য কার্য্যকরী সমিতির সদস্যগণের দ্বারা সাধারণ সভ্য আজীবন সভ্য, কিম্বা সম্মানিত বিশিষ্ট সভ্য শ্রেণী হইতে নির্ব্বাচিত হইবেন।

চলতি বৎসরের কার্য্যকরী সমিতি উক্ত সদস্যগণের নাম পরবর্ত্তী বৎসরের জন্য প্রস্তাব করিবেন কিন্তু তাঁহারা বাৎসরিক সভার অধিবেশনে শেষ নির্ব্বাচিত হইবেন।

২০। কার্য্যকরী সমিতির সদস্যগণ এক বৎসরেব জন্য নির্ব্বাচিত হইবেন কিন্তু পরবর্ত্তী বার্ষিক সভার অধিবেশন না হওয়া পর্য্যন্ত তাঁহাদের কার্য্যকাল থাকিতে পারিবে।

২১। কার্য্যকরী সমিতির সদস্যগণ সাধারণ সমিতির সহকারী সদস্য হইতে পারিবেন।

২২। অন্ততঃ দুইমাসের মধ্যে একবার কার্য্যকরী সমিতির অধিবেশন হওয়া আবশ্যক। সম্পাদক ইহার তারিখ, সময় এবং স্থান নির্দ্দেশ করিয়া দিবেন। ৭ দিন পূর্ব্বে এই অধিবেশনের সংবাদ প্রচার করিতে হইবে।

কার্য্যকরী সমিতির গঠন প্রণালী

২৩। (ক) কার্য্যকরী সমিতি নিম্নলিখিত রূপে গঠিত হইবে :—

১। সভাপতি
২। দুইজন সহকারী সভাপতি
৩। সাধারণ সম্পাদক
৪। যুগ্ম সম্পাদক
৫। দুইজন সহকারী সম্পাদক
৬। একজন কোষাধ্যক্ষ ও হিসাব রক্ষক
৭। একজন হিসাব পরীক্ষক
৮। একজন পত্রিকা সম্পাদক
৯। দুইজন সহকারী সম্পাদক
১০। একজন অইন বিষয়ে পরামর্শ দাতা
১১। একজন প্রচার ব্যবস্থা কর্ত্তা
১২। ১২ জন অন্যান্য সদস্য

(খ) নিম্ন লিখিত ব্যক্তিগণকে লইয়া সহাসম্মেলনের প্রথম কার্য্যকরী সমিতি গঠিত হইয়াছে :—

	নাম—	পদ বিবরণ	কোন শ্রেণীর সদস্য
১।	শ্রীযুক্ত বসন্ত কুমার সিংহ	সভাপতি	পৃষ্টপোষক
২।	„ বিহারী লাল মল্লিক	সহঃ সভাপতি	„
৩।	রায় সাহেব তারাপদ দত্ত বি, ই,	ঐ	„
৪।	শ্রীযুক্ত চারু চন্দ্র নন্দী, বি, এল,	সম্পাদক	„
৫।	„ অনুকূল চন্দ্র লাহা	যুগ্ম সম্পাদক	„
৬।	„ বিভূতি ভূষণ রক্ষিত, বি, এস, সি, জি, ডি, এ,	কোষাধ্যক্ষ ও হিসাব রক্ষক	„
৭	„ সত্যব্রত সিংহ	সহ সম্পাদক	„
৮।	„ ভূপতি ভূষণ সিংহ, এম, এ, বি, এল,	আইন সংক্রান্ত পরামর্শ দাতা	„

৯।	শ্রীযুক্ত কালী কৃষ্ণ রক্ষিত, বি এ, বি, টি	প্রচার কর্ত্তা	পৃষ্টপোষক
১০।	" ফণী ভূষণ পাল	সদস্য	"
১১।	" চারু চন্দ্র পাল	ঐ	"
১২।	" বামন দাস লাহা	ঐ	"
১৩।.	" নব কৃষ্ণ বর্দ্ধন	ঐ	"
১৪।	তারা পদ সেন	ঐ	"
১৫।	কানাই লাল সেন	ঐ	"
১৬।	" কানাই লাল দত্ত	ঐ	"
১৭।	" ধনকুমার নাগ	সভার সহ সম্পাদক	বিশিষ্ট
১৮।	" রাম হরি দে এম, এ	হিসাবপরীক্ষক	"
১৯।	" নলিনাক্ষ সিংহ	পত্রিকা সম্পাদক	"
২০।	" রবীন্দ্র নাথ পাল	ঐ সহ সম্পাদক	"
২১।	,, উপেন্দ্র নাথ রক্ষিত	সদস্য	,,
২২।	,, ফকির চন্দ্র পাল	,,	,,
২৩।	,, তুলসী চরণ দে	,,	,,

২৪। শ্রীযুক্ত জীবন কুমার দত্ত, সহ সম্পাদক, সাধারণ সভ্য

২৫। ;, পরেশচন্দ্র রক্ষিত সদস্য ঐ

২৬। ,, তারক দাস দত্ত ঐ ঐ

(গ) তাম্বুলি মহাসম্মেলনের সদস্যগণ ইহা সরকারের অনুমোদন লাভ করিবার দুইমাসের মধ্যে নিম্নলিখিত ভাবে সম্পাদকের নিকট লিখিত প্রতিশ্রুতি দিলে ইহার প্রথমকার সদস্য বলিয়া বিবেচিত হইবেন।

তাম্বুলি মহাসম্মেলনের কার্য্যকারী সমিতি সমীপেষু—

মহোদয়গণ—

(আমি নিম্নে আমার সই দিলাম) তাম্বুলি মহাসম্মেলনের সভ্য শ্রেণীভুক্ত হইয়া এতদ্বারা অনুরোধ করিতেছি যে ২১ আইন মতে রেজেষ্টারীকৃত তাম্বুলি মহাসম্মেলনের খাতায় সাধারণ—বিশিষ্ট—পৃষ্ঠপোষক—আজীবন সদস্যরূপে আমার নাম লিখিয়া লওয়া হউক। আমি তাম্বুলি মহাসম্মেলনের স্মারক পত্র এবং

নিয়মাবলী এখন যেরূপ আছে বা ভবিষ্যতে আইন অনুযায়ী ইহার যেরূপ পরিবর্ত্তন হইবে যে সকল মানিয়া লইতে স্বীকৃত হইতেছি।

বশংবদ—

স্বাক্ষর—

তারিখ—

পুরানাম—

পদবী ইত্যাদি—

পেশার বিবরণ—

পিতার নাম—

নির্দ্দিষ্ট-ঠিকানা—

বাটীর ঠিকানা—

(ঘ) যাঁহারা মহাসম্মেলন রেজেষ্টারী করিবার পর এই নিয়মাবলী মতে নির্ব্বাচিত হইবেন তাঁহারাই পশ্চাদ্বর্ত্তী সদস্য বলিয়া গণ্য হইবেন।

২৪। কার্য্যকরী সমিতির সাধারণ অধিবেশন ভিন্নও একদিন পূর্ব্বে সংবাদ দিয়া আকস্মিক অধিবেশন আহ্বান করা যাইতে পারিবে।

২৫। পাঁচজন সদস্যের উপস্থিতিই কার্য্যকরী সমিতির কার্য্য সম্পাদনের নির্দ্দিষ্ট সংখ্যা বলিয়া ধার্য্য হইবে।

২৬। ৪, ৫ এবং ৬নং নিয়মানুযায়ী সদস্যের পদ শূন্য হইলে তাহা কার্য্যকরী সমিতির সদস্যগণ নূতন সদস্য দ্বারা পূরণ করিতে পারিবেন।

২৭। কার্য্যকরী সমিতির কোন সদস্য অসুস্থতা এবং অনুপস্থিতি এই দুইটি কারণ ভিন্ন অন্য কারণে যদি উপর্য্যুপরি ছয়টী অধিবেশনে যোগদান না করেন তহা হইলে তাহার পদ শূন্য হইয়াছে বলিয়া প্রচার করা হইবে এবং তাঁহার স্থানে কার্য্যকরী সমিতির সদস্যগণ নূতন সদস্য গ্রহণ করিতে পারিবেন।

সম্পাদক ইচ্ছা করিলে যে কোন সময়ে নিজেই কার্য্যকরী সমিতির অধিবেশন আহ্বান করিতে পারিবেন এবং যদি অন্ততঃ সাতজন সদস্য সভা আহ্বানের কারণ দর্শাইয়া লিখিত (স্বাক্ষরিত করিয়া) আদেশ দেন তবে সম্পাদককে ইহা প্রাপ্তির সাতদিনের মধ্যে কার্য্যকরী সমিতির সভা আহ্বান করিতে হইবে। কার্য্যকরী সমিতির এই অধিবেশন লিখিত আদেশ পাইবার পরে দিনের মধ্যে হওয়া

আবশ্যক ।যদি সম্পাদক এইরূপ সভা অহ্বান করিতে অবহেলা করেন (বা না করেন) তাহা হইলে আদেশকারী সদস্যগণ এই ব্যাপার সভাপতির গোচরে আনিয়া আপনারাই সাত দিন পরে সভা আহ্বান করিতে পারিবেন।

২৯। কার্য্যকরী সমিতির কর্ত্তব্য

(ক) কার্য্যকরী সমিতিকে মহাসম্মেলনের উন্নতি ও কার্য্য কলাপের বিবরণ এবং আয় ব্যয়ের হিসাব বাৎসরিক সভায় দাখিল করিতে হইবে।

(খ) সময়ে সময়ে স্থানে স্থানে সভা সমিতির অধিবেশন এবং সমাজ হিতকর জনসভাদির আহ্বান করিতে হইবে।

(গ) মহাসম্মেলনের কাজ চলাইবার জন্যে কার্য্যচারী নিয়োগ, তাহাদের বেতনের ও কাজ-কর্ম্মের ব্যবস্থা করিতে হইবে।

(ঘ) চলতি বৎসরে কার্য্যকরী সমিতিতে ইহা সদস্যের বা কর্ম্মীবৃন্দের পদ শূন্য হইলে তাহা পূরণ করিতে পারিবে তবে এই নিয়োগ পরবর্ত্তী বাৎসরিক সভায় অধিবেশন হওয়া পর্য্যন্ত বলবৎ থাকিবে।

(ঙ) মহাসম্মেলনের উদ্দেশ্য সিদ্ধির এবং ইহার অভ্যন্তরিক কার্য্য নির্ব্বাহের জন্য ইহা বিধি ব্যবস্থা করিতে পারিবে।

(চ) কার্য্যকরী সমিতির কিম্বা ইহার অধীন নিম্ন সমিতির কার্য্য নির্ব্বাহের জন্য উপবিধির ব্যবস্থা করিতে পারিবে।

(ছ) উপবিধি ইত্যাদিতে যে সকল ব্যাপারে কোন ব্যবস্থা পাওয়া যায় না কার্য্যকরী সমিতিকে তাহার ব্যবস্থা করিয়া দিতে হইবে।

(জ) ইহা মহাসম্মেলনের সঞ্চিত অর্থের সদ্ব্যবহারের ব্যবস্থা করিতে পারিবে।

(ঝ) কোন বিষয়ের বিবেচনা বা মীমাংসার জন্য মহাসম্মেলনের সদস্যগণের মধ্য হইতে যাঁহাদের আবশ্যক হইবে ইহা তাঁহাদের লইয়া নিম্ন সভা নিযুক্ত করিতে পারিবে। এই সকল সভার কার্য্যাবলী কার্য্যকরী সমিতির অনুমোদিত হওয়া আবশ্যক।

৩০। যাহাতে মহাসম্মেলনের মূলধনের এবং আয় ব্যয়ের এরূপ উপযুক্তভাবে

হিসাব থাকে যে যে কোন সময়ে তাহা পরীক্ষা করিলে ইহার আর্থিক অবস্থার সঠিক সংবাদ পাওয়া যাইতে পারিবে কার্য্যকরী সমিতিকে সেইরূপ ব্যবস্থা করিতে হইবে।

১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র মহাসম্মেলনের (রাজস্ব) বর্ষ গণনা করা হইবে। প্রত্যেক বৎসরে মহাসম্মেলনের হিসাব এই ভাবেই প্রস্তুত করিতে হইবে—কার্য্যকরী সমিতি অনুমোদন করিলে এই হিসাব পত্র কোন একজন বা ততোধিক হিসাব পরীক্ষকের দ্বারা পরীক্ষিত এবং নির্ভুল বলিয়া বিবেচিত হইলে পরবর্ত্তী বৎসরের বার্ষিক সভায় তাহা পেশ (উপস্থাপিত) করা হইবে।

৩১। প্রচার কার্য্য

মহাসম্মেলনের অভিষ্ট সিদ্ধির জন্য যে ভাবে যে কোনরূপ সাময়িক পত্র নথি পত্র এবং প্রচার পত্র ইহা প্রকাশ করা উচিত মনে করে সেইভাবে ব্যবস্থা করিতে পারিবে। এই সমস্ত কাগজ পত্র, নথি পত্র এবং প্রচার পত্র অগ্রাহ্য না হইলে তাহা মহাসম্মেলনের সম্পত্তিরূপে গণ্য হইবে। কার্য্যকরী সমিতি সময়ে সময়ে যেরূপ ব্যবস্থা করিবেন সেই সর্ত্তে এই সকল প্রচার পত্রের নকল সকল সদস্যই পাইবেন কেবল মাসিক পত্রের ব্যবস্থা ৯ (ঘ) বিধি অনুযায়ী হইবে।

৩২। মামলা মোকদ্দমা

মহাসম্মেলনের সাধারণ সম্পাদক নালিশ করিতে এবং ইহার পক্ষে এবং ইহার বিপক্ষে মামলা মোকদ্দমা চালাইতে পারিবেন।

৩৩ কার্য্যকরী সমিতির ক্ষমতা

ক) মহাসম্মেলনের অভিষ্ট সিদ্ধির জন্য কার্য্যকরী সমিতি ভিন্ন ভিন্ন জেলায় ইহার শাখা স্থাপন করিতে পারিবে।

খ) এই সমিতি নিম্ন সভা সমিতি আহ্বান বা তাহার বিলোপ সাধন করিতে পারিবে।

গ) ইহা মহাসম্মেলনের অভিষ্ট-সিদ্ধির অনুকূল যে কোন কার্য্যে সহযোগীতা করিতে পারিবে।

ঘ) ইহার টাকা কড়ি তুলিবার, গ্রহণ করিবার, রাখিবার, বন্দোবস্ত

করিবার, বন্টন করিবার এবং ব্যয় করিবার ক্ষমতা থাকিবে, স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জ্জন, ক্রয়, ভাড়া করিবার, জামীন, হস্তান্তরিত করিবার, বন্ধক দিবার এবং অবরুদ্ধ করিবার এবং অন্য প্রকারে বিন্যস্ত করিবার ইহার ক্ষমতা থাকিবে ইহার সম্মিলিত কারবারের অংশ নির্দ্ধারিত করিবার, অংশের ক্রয় বিক্রয় এবং সুদ দিবার অঙ্গীকার পত্র (Debenture) বাহির করিবার ক্ষমতা থাকিবে। ইহার টাকা খাটাইবার এবং তাহার নিষ্পত্তি করিবার ক্ষমতা থাকিবে। কোনরূপ দান বা বৃত্তি বিনা সর্ত্তে বা ইহা যে কোনরূপ সর্ত্ত উচিত মনে করে সেইরূপে গ্রহণ করিতে পারিবে। ইহা কোন টাকা কড়ির বা সম্পত্তির বন্দোবস্তের অছি (Trust) নিয়োগ করিতে পারিবে এবং মহাসম্মেলনের অভিষ্ট সিদ্ধির জন্য টাকা ধার করিতে কোন রূপ দায়িত্ব গ্রহণ করিতে পারিবে।

ঙ) এই সমিতি কর্ম্মীগণের কর্ম্মের ব্যবস্থা তাহাদের ক্ষমতা, কর্ত্তব্য এবং কর্ম্মপন্থার নির্দ্দেশ করিতে পারিবে। ইহা প্রচারক নিয়োগ কিছু দিনের জন্য তাঁহাদিগকে কর্ম্মচ্যুত করা, জবাব দেওয়া এবং তাড়াইয়া দিতে পারিবে ইহার কার্য্যের সুবিধার জন্য প্রচার কার্য্য চালাইতে, পুস্তক পত্রিকা ক্ষুদ্র পত্র সাময়িক পত্র, সংবাদ পত্রাদি প্রকাশ করিতে পারিবে। ইহা হাসপাতাল, আশ্রম, অনাথা ও শিশুদের আশ্রয় ও প্রসূতি আগার, সজাতীয়গণের প্রচারক ও কর্ম্মীগণের জন্য বাসস্থান নির্ম্মাণ করিতে, বিদ্যালয়, উচ্চ বিদ্যালয়, ধর্ম্ম শিল্প-কলা বিদ্যালয় স্থাপন করিতে পারিবে। ইহা নৈতিক, স্বাস্থ্য, ধর্ম্ম, পার্থিব এবং আধ্যাত্মিক বিষয়ে উপদেশ দিবার ব্যবস্থা করিতে পারিবে এবং যে কার্য্য মহাসম্মেলনের যে কোন উদ্দেশ্য সিদ্ধি বিষয়ে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পর্কিত তাহা নিষ্পন্ন করিতে ইহার ক্ষমতা থাকিবে।

চ) কোন সদস্যের বাকী চাঁদায় সমস্ত টাকা বা কিয়দংশ আবশ্যক মনে করিলে ছাড়িয়া দিতে পারিবে।

মহাসম্মেলনের অছি (Trustee)গণ

৩৪। মহাসম্মেলনের পাঁচজন অছি থাকিবেন তাঁহাদের উপর সমস্ত সম্পত্তির ভার থাকিবে। এই অছিগণ সাধারণ সমিতির কোন এক অধিবেশনে নির্ব্বাচিত হইয়া তিন বৎসরের জন্য কার্য্য চালাইতে পারিবেন কিন্তু সাধারণ সমিতির পরবর্ত্তী অধিবেশন না হওয়া পর্যন্ত তাঁহাদের কার্য্যকাল সমাপ্ত

হইবে না, কোন অছির মৃত্যু ঘটিলে, পদ ত্যাগ করিলে, তাঁহার অযোগ্যতা প্রকাশ পাইলে বা কোন কারণে তিনি অপসৃত হইলে কার্য্যকরী সমিতি তাঁহার পদে অন্য কোন সদস্যকে অছি নিযুক্ত করিতে পারিবেন। পাঁচজনের মধ্যে কোন তিন জন অছি সমস্ত বা কতকগুলি ক্ষমতা এবং কর্ত্তব্য পাইবেন।

৩৫। নিম্নলিখিত পাঁচজন সদস্য মহাসম্মেলনের প্রথমকার অছি নিযুক্ত হইয়াছেন।

১। রায় সাহেব তারাপদ দত্ত, বি, ই,

২। শ্রীযুক্ত আনুকুল চন্দ্র লাহা

৩। ,, ফণিভূষণ পাল

৪। ,, কালীকৃষ্ণ রক্ষিত, বি, এ, বি,টি

৫। শৈলেন্দ্র নাথ রক্ষিত

বাৎসরিক সাধারণ সভা

৩৬। সাধারণতঃ মহাসম্মেলনের আয় ব্যয়ের (রাজস্ব) বর্ষ সমাপ্ত হইবার তিন মাসের মধ্যে বাৎসরিক সভার অধিবেশন হইবে।

ক) কার্য্যকরী সমিতির কার্য্যকলাপের বিবরণী, মহাসম্মেলনের আয় ব্যয়ের হিসাব পরীক্ষিত হইবার এবং পূর্ব্ববর্ত্তী কার্য্যকরী বা সাধারণ সমিতির মনোনীত হইবার পর বাৎসরিক সভায় বিবেচিত হইবে।

খ) মহাসম্মেলনের গত বৎসরের কার্য্যকলাপের সমালোচনা

গ) আগামী বৎসরের জন্য কার্য্যকরী সমিতির সদস্য নির্ব্বাচন

ঘ) যে কোন কারণে মহাসম্মেলনের আর্থিক অবস্থার অনর্থ ঘটিলে বাৎসরিক সভায় তাহার বিষয় আন্দোলন ও বিশ্লেষণ করা হইবে এবং ইহার নিবারণকল্পে মন্তব্য প্রকাশ করা হইবে।

ঙ) আরও অন্যান্য বিষয় এই সভার গোচর করিলে তাহারও নিষ্পত্তি করা হইবে।

৩৭। কার্য্যকরী সমিতি আবশ্যক বোধ করিলে এমন কি বার্ষিক সভায় সদস্য ভিন্ন অন্য ব্যক্তিকেও আহ্বান করিতে পারিবে কিন্তু ইহাদের ভোট দিবার ক্ষমতা থাকিবে না।

৩৮। ১৪ দিন পূর্ব্বে বিজ্ঞাপন দিয়া বাৎসরিক সভা আহ্বান করা যাইবে।

৩৯। ২০ জন সদস্যের উপস্থিতি সভার কার্য্যসম্পাদনে নির্দ্দিষ্ট সংখ্যা বলিয়া বিবেচিত হইবে।

৪০। মহাসভা Conference

ক) বাৎসরিক সভা, অতিরিক্ত সাধারণ সভা, সাধারণ সভা এবং আকস্মিক সাধারণ সভা ভিন্নও কার্য্যকরী সমিতি বৎসরে একবার কিংবা দুই বা তিন বৎসরে একবার করিয়া জনসভা আহ্বান করিতে পারিবেন ইহা তাম্বুলি জাতীয় মহাসম্মেলন নামে অভিহিত হইবে।

খ) কার্য্যকরী সমিতি অভ্যর্থনা সমিতি গঠন করিয়া সকল স্থানের তাম্বুলি জাতিকে সামাজিক ব্যবহারের আন্দোলন এবং আর্থিক ও সামাজিক উন্নতি কল্পে উপায় উদ্ভাবন করিতে আমন্ত্রণ করিতে পারিবে।

গ) তাম্বুলি জাতীয় যে কেহ তিনি ইহার সদস্য হউন আর নাই হউন এই মহাসম্মেলনে যোগদান করিতে এবং মন্তব্য প্রকাশ করিতে পারিবেন।

ঘ) মহাসম্মেলনের নিয়মাবলী এই মহাসম্মেলনের মানিবার আবশ্যক নাই।

ঙ) এই মহাসম্মেলনের সভাপতি সদস্য ভিন্ন অন্য যে কেহ হইতে পারিবেন।

চ) এই মহাসম্মেলনের ব্যয়ের জন্য টাকা কড়ি সমগ্র তাম্বুলি জাতির নিকট হইতে তুলিতে হইবে। কার্য্যকরী সমিতির সম্মতিতে মহাসম্মেলন এই ব্যয়ের কিয়দংশ বহন করিতে পারিবে।

৪১। বিলোপ সাধন

ক) যদি কোন সময়ে মহাসম্মেলনের বিলোপ সাধনের আবশ্যক বোধ হয় বা ইচ্ছা হয় তাহা হইলে এই মর্ম্মে একটি সাধারণ সমিতির অধিবেশন আহ্বান করিতে হইবে এবং উপস্থিত সদস্যগণের চারিভাগের তিনভাগ সদস্য মহাসম্মেলন উঠাইয়া দেওয়া স্থির করিলে ইহা কার্য্যে পরিণত হইবে।

খ) মহাসম্মেলন উঠিয়া গেলে ইহার ঋণ এবং দায়িত্ব ইত্যাদি নিষ্পত্তি

হইবার পর যদি কোন সম্পত্তি অবশিষ্ট থাকে তাহা হইলে তাহা কার্য্যকরী সমিতির সম্মতি ক্রমে এবং সাধারণ সমিতি অনুমোদন করিলে ইহা যে কোন সভা সমিতি মহাসম্মেলনের গৃহীত সকল উদ্দেশ্য বা ইহার কতকগুলি বা কোন একটী উদ্দেশ্য লইয়া স্থাপিত হইয়াছে সেই সভা সমিতিকে দেওয়া যাইবে।

৪২। আমরা কার্য্যকরী সমিতির নিম্ন স্বাক্ষরিত সদস্যগণ এতদ্বারা জানাইতেছি যে এই তাম্বূলি মহাসম্মেলনের প্রকৃত ও নির্দ্দোষ নিয়মাবলী।

নাম ও ঠিকানা	পেশা	স্বাক্ষীর স্বাক্ষর
১। শ্রীতারাপদ দত্ত ১।১ রূপচাঁদ মুখার্জ্জি লেন ভবানীপুর।	এক্সামিনার অফ পেটেণ্টস্	শ্রীকালী কৃষ্ণ রক্ষিত শিক্ষক ৬।১।১, রমানাথ মজুমদার ষ্ট্রীট্ কলিকাতা
২। শ্রীনলিনাক্ষ সিংহ ৩৫।১।৪, শঙ্কর হালদার লেন, কলিকাতা	চিকিৎসক	
৩। বিভূতি ভূষণ রক্ষিত ২৩০।১এ, আপার সার্কুলার রোড শ্যামবাজার, কলিকাতা	চাকুরী	

তাম্বুলি মহাসম্মেলনের নিয়মাবলীর
—ঃ পরিবর্ত্তন ও সংশোধন ঃ—

মহাসম্মেলনের নিয়মানুযায়ী এক বৎসরের কিছু অধিক কাল কার্য্য করার অভিজ্ঞতার ফলে কতকগুলি বিধি, উপবিধির পরিবর্ত্তন ও সংশোধন আবশ্যক দেখা গিয়াছে। তন্মধ্যে কতকগুলি বিশেষ প্রয়োজন। অন্যান্যগুলি সম্বন্ধে আরও অভিজ্ঞতা লাভ দরকার। কলিকাতার পরিস্থিতির জন্য এ সকলের বিশেষভাবে আলোচনার সুযোগ ঘটে নাই। আশা করা যায় আগামী বৎসর পুনরায় এ বিষয় বিস্তারিতভাবে উত্থাপিত করা হইবে। নিম্নলিখিত কয়েকটী অত্যাবশ্যক নিয়মাবলী কার্য্যকরী সমিতির মাসিক সভায় উপস্থাপিত, বিবেচিত ও গৃহীত হইয়াছে। এক্ষণে এই সকল সাধারণের অনুমোদন ও গ্রহণের জন্য বার্ষিক সাধারণ সভায় উত্থাপিত হইবে।

শ্রীচারু চন্দ্র নন্দী।
সাধারণ সম্পাদক।

—ঃ পরিবর্ত্তিত ও সংশোধিত নিয়মাবলী ঃ—

১। ১১ নং —কার্য্যকরী সমিতি, **কার্য্য নির্ব্বাহক সমিতি** ও সাধারণ সমিতি দ্বারা তাম্বুলি মহাসম্মেলনের যাবতীয় কার্য্য চালিত. নিয়মিত ও শাসিত হইবে।

২। ১৯ নং —মহাসম্মেলনের কার্য্যাবলী পরিচালনার জন্য

(ক) সকল আজীবন ও পৃষ্ঠপোষক সদস্য,

(খ) বিশিষ্ট সদস্য শ্রেণী হইতে ১০ জন সদস্য ও

(গ) সাধারণ সদস্য শ্রেণী হইতে ১২ জন সদস্য

লইয়া কার্য্যকরী সমিতি গঠিত হইবে।

বহির্গামী (বিদায়ী) কার্য্যকরী সমিতি পরের বৎসরের জন্য উল্লিখিত সদস্যগণের নাম প্রস্তাব করিবেন, কিন্তু তাঁহারা বাৎসরিক সভার অধিবেশনে শেষ নির্ব্বাচিত হইবেন।

৩। নূতন ২৩ (ক) নং —মহাসম্মেলনের বাৎসরিক সাধারণ সভার অধিবেশনের পর কার্য্যকরী সমিতি ইহার প্রথম সভাতে স্বীয় সদস্যগণের মধ্য হইতে একটী সমিতি নির্ব্বাচন করিবে, উহাকে এই নিয়মাবলীতে "কার্য্য নির্ব্বাহক সমিতি" বলা হইবে এবং উহা নিম্নলিখিতরূপে গঠিত হইবেঃ—

১। সভাপতি। (বহির্গামী কার্য্যকরী সমিতির দ্বারা নির্ব্বাচিত)
২। সহকারী সভাপতি
৩। " "
৪। সাধারণ সম্পাদক।
৫। যুগ্ম সম্পাদক।
৬। সহকারী সম্পাদক } সাধারণ সম্পাদক দ্বারা মনোনীত হইবে।
৭। " "
৮। কোষাধ্যক্ষ।
৯। হিসাব রক্ষক। কোষাধ্যক্ষ দ্বারা মনোনীত হইবে।
১০। হিসাব পরীক্ষক।
১১। সাময়িক পত্রের সম্পাদক।
১২। সাময়িক পত্রের সহকারী সম্পাদক } সাময়িক পত্রের সম্পাদক দ্বারা মনোনীত হইবে।
১৩। " " " "
১৪। আইন পরামর্শদাতা।
১৫। প্রচারকর্ত্তা।
১৬। সহকারী প্রচারকর্ত্তা } প্রচারকর্ত্তা দ্বারা মনোনীত হইবে।
১৭। " "
১৮। " "
১৯। বহির্গামী সভাপতি।
২০। " সাধারণ সম্পাদক।

৪। নূতন ২৩ (ক ক) নং —কার্য্যনির্ব্বাহক সমিতিই মহাসম্মেলনের কার্য্যাদি নিয়মিত করিবে এবং কার্য্যকরী সমিতির হইয়া যাবতীয় কার্য্য করিবে ও সকল ব্যাপারে কার্য্য পরিচালনোপযোগী সমস্ত ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে, কিন্তু কার্য্যকরী সমিতির অনুশাসন ও নির্দ্দেশ সাপেক্ষ যাবতীয় কার্য্যাদি হইবে।

৫। নূতন ২৩ (কখ) নং —সাধারণতঃ কার্য্য নির্ব্বাহক সমিতির সভার প্রত্যেক দুই মাসে অন্তত একবার অধিবেশন হইবে। এই সভার তারিখ, সময় ও স্থান সাধারণ সম্পাদক নির্দ্দেশ করিয়া জানাইবেন। সভার দুই দিন পূর্ব্বে বিজ্ঞাপন দিতে হইবে। চারিজন সদস্যের উপস্থিতি এই সভার কার্য্য সম্পাদনের নির্দ্দিষ্ট সংখ্যা বলিয়া বিবেচিত হইবে।

৬। উপরোক্ত নিয়মাবলীর পরিবর্ত্তনের সঙ্গে নিম্নলিখিত নিয়মাবলীর সংশোধন আবশ্যক।

নিয়ম সংখ্যা

১৫। "চৌদ্দ" দিনের স্থানে "আট" দিন।

১৬। "সাত" দিনের স্থানে "চার" দিন।

২২। "দুই" মাসের স্থানে "তিন" মাস।

২৩। (গ) সদস্যের আবেদন পত্র।

২৭। "ছয়টী" স্থানে "তিনটী"
ও "সভাপতি ব্যতীত" কথাটীর সন্নিবেশ।

৩৮। "চৌদ্দ" দিনের স্থানে "আট" দিন।

যদি কোনও সদস্যের এ বিষয় কোনরূপ অভিমত প্রকাশ করিবার থাকে, অনুগ্রহপূর্ব্বক ১৩৪৯ সালের ৯ই আষাঢ়ের মধ্যে তাহা লিখিয়া ৪৭নং সুরেন্দ্র ব্যানার্জ্জি রোডস্থ কার্য্যালয়ে মহাসম্মেলনের সম্পাদকের নিকট পাঠাইয়া বাধিত করিবেন। আরও বিশেষ অনুরোধ যে এই সঙ্গে যে সদস্য হইবার আবেদন পত্রখানি পাঠান গেল, উহা লইয়া সকল সদস্যই একজন নূতন সদস্য করাইয়া প্রতিষ্ঠানের কলেবর বৃদ্ধি করিবেন।

দ্রষ্টব্য :—পরিবর্ত্তিত ও সংশোধিত অংশ যথাক্রমে "নূতন" ও ও "বড় অক্ষরে" দিয়া জানান হইয়াছে।

দি নিউ রয়েল আর্ট প্রেস, ৬২।৫।১বি বিডন ষ্ট্রীট, কলিকাতা।

পাত্র পাত্রী সংবাদ

প্রত্যেক স্বজাতি-ভদ্রমহোদয়কে ও বিশেষভাবে প্রত্যেক সদস্যকে অনুরোধ করা হইতেছে যে তাঁহারা সকলেই একটু সচেষ্ট হইয়া নিম্নলিখিত সংবাদাদি সংগ্রহ করিয়া তাম্বূলি মহাসম্মেলনের কার্য্যালয়ে পাঠাইয়া জাতীয় প্রতিষ্ঠানের প্রকৃত কার্য্য সম্পাদনে সহায়তা করুন।

আরও এক অনুরোধ যে প্রত্যেক বিবাহাদি সামাজিক ব্যাপারের নিমন্ত্রণ পত্র এক খণ্ড সম্পাদকের নামে কার্য্যালয়ের ঠিকানায় (৪৭নং, সুরেন্দ্র নাথ ব্যানার্জ্জী রোড, কলিকাতা) পাঠাইয়া দিয়া সামাজিক সংবাদ তাম্বূলি মহাসম্মেলনের ত্রৈমাসিক মুখপত্র "তাম্বূলি হিতৈষী" মারফৎ সর্ব্বসমক্ষে নীত করিবার ব্যবস্থা করুন।

সর্ব্বশেষে এই সূত্রে বিশেষ আবেদন যে বিবাহাদি সামাজিক সকল উৎসব উপলক্ষে মহাসম্মেলনের ভাণ্ডারে অর্থ সাহায্য করিয়া উহাকে কার্য্য করিবার সুযোগ দান করুন।

১। পাত্রের বা পাত্রীর নাম :—
২। জন্ম :—সাল মাস তারিখ বার সময়
৩। থাক ও গোত্র :—
৪। শিক্ষার বিবরণ :—
৫। স্বাস্থ্যের বিবরণ :—
৬। আর্থিক অবস্থা :—
৭। বিশেষ কোন বিবরণ :—
৮। দেশের ঠিকানা :—
৯। পিতার বয়স পেশা
১০। মাতা জীবিতা কি না
১১। বিবাহিত ও অবিবাহিত ভ্রাতা ও ভগ্নী :—
১২। যৌতুক { পাত্রপক্ষের দাবী / পাত্রীপক্ষের সাধ্য
১৩। পিতার (বা অভিভাবকের) নাম :—
১৪। তাঁহার ঠিকানা :—
১৫। সংবাদ প্রেরকের স্বাক্ষর (পুরা নাম)
১৬। তাঁহার ঠিকানা :—
১৭। তারিখ :—

তাম্বূলি মহাসম্মেলন

(১৮৬০ সালের ২১ আইন মতে রেজেষ্টারী কৃত

সন ১৩৪৭ সালের কার্য্য বিবরণী।

শ্রী চারু চন্দ্র নন্দী, বি, এল,
সম্পাদক।

তাম্বুলি-মহাসম্মেলনের ১৩৪৭ সালের বার্ষিক কার্য্য বিবরণী

মাননীয় সভাপতি মহাশয়, সদস্যগণ ও সমবেত ভদ্র মণ্ডলী! আজ বাৎসরিক সভার দিনে আপনাদের শুভাগমন কেবল আমাদিগকে উৎসাহিত করিয়াছে তাহা নহে, আমাদিগকে প্রভূত শক্তিশালীও করিয়াছে মহাসম্মেলনের নির্ব্বাচিত প্রতিনিধিদের পক্ষ হইতে আমি আপনাদিগকে যথাবিহিত সাদর সম্ভাষণ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

প্রকৃতির নিয়মানুসারে দিনের পর দিন চলিয়া যাইবে ও নববর্ষ শুভাগমন করিয়া জাতির প্রাণে নূতন আশার সঞ্চার করিবে, আমরাও মহাপুরুষদের পদাঙ্ক অনুসরণ করিয়া দিনের পর দিন নূতনের সন্ধানে অগ্রসর হইতে থাকিব। এখন আলোচ্য এই যে, গতবর্ষের পূর্ব্বে আমরা কোথায় ছিলাম এখন কতদূর অগ্রসর হইয়াছি বা আদৌ অগ্রসর হইতে পারিয়াছি কি না? আমি বলি অনেক অগ্রসর হইয়াছি ও আপনাদের সহানুভূতি ও সহযোগিতাই আমাদিগকে আগাইয়া লইয়া গিয়াছে। সমষ্টির অগ্রগতি ব্যষ্টির আগ্রহ ও চেষ্টার উপর নির্ভর করে আমি আশা করি আপনাদের ব্যক্তিগত ও সমবেত চেষ্টা আপনাদিগকে ও জাতিকে আরও বহুদূর অগ্রসর করিয়া দিবে। আশাকরি আপনাদের এক জনেরও সহানুভূতি ও সর্ব্বপ্রকার সাহায্য হইতে আমরা বঞ্চিত হইবনা, আমি উদ্বোধনী বক্তৃতায় পুনরুল্লেখ করিতে ইচ্ছা করি না যে মহাসম্মেলন গণতন্ত্রের ভিত্তির উপর প্রতিষ্ঠিত, ইহা এরূপ সত্য যে আপনারা সকলেই তাহা অনুভব করিতে পারিতেছেন।

এমনই এক বাৎসরিক উৎসবের দিন হুগলীতে যাঁহার গুরু গম্ভীর বাণী সভাপতির আসন হইতে আমাদিগকে অনুপ্রাণিত করিয়াছিল - আজ তাহা নীরব —আজ সেই মহাপুরুষ চুয়াডাঙ্গার বিখ্যাত উকিল রায়বাহাদুর যোগেন্দ্র নাথ সিংহ মহাশয় অনন্ত ধামে বিরাজ করিতেছেন। তাঁহার প্রতিভা বহুধা ছিল ও তিনি দীর্ঘ পঞ্চাশ বৎসর জাতি ও সমাজের সেবা করিয়াছেন এবং বহুক্ষেত্রে খুব বিচক্ষনতার পরিচয় দিয়াছেন। তাঁহার শোক কাটাইয়া উঠিতে না উঠিতেই কয়েক দিনের মধ্যে জাতির আর এক জন বিশিষ্ট ব্যক্তি রায় বাহাদুর চুনীলাল দত্ত মহাশয় মহাপ্রস্থান

করেন। রায়বাহাদুর দত্ত মহাশয় সামান্য কেরাণীর পদ হইতে দক্ষতা বলে সরকারী চাকুরীর অতি উচ্চশিখরে আরোহণ করিয়াছিলেন। তিনি অতি অমায়িক ও স্বল্পভাষী হইলেও মহাসম্মেলনের বহু সভায় উপস্থিত হইয়া আমাদিগকে বহু সৎযুক্তি দিয়া সাহায্য করিতেন।

কয়েক দিনের মধ্যে জাতির এক বিশিষ্ট ব্যবসায়ী ফকির দাস নন্দী ৺কাশী ধামে পরলোক গমন করেন। ইনি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা করিয়া স্বল্পমাত্র মূলধন লইয়া স্বীয় দক্ষতা ও কর্ম্মকুশলতায় প্রভূত অর্থ উপার্জ্জন করিয়াছিলেন। এবং শেষ বয়সে বহু কীর্ত্তি কলাপ করিয়া গিয়াছেন। মহাসম্মেলনের এক বিশেষ সভায় ইহাদের মহাপ্রয়ানে শোক প্রকাশ করা হয়।

বর্ত্তমান ইউরোপীয় যুদ্ধ আমাদের কাজ কর্ম্মে ও ব্যবসায়ে এক বিষম প্রতিক্রিয়া উপস্থিত করিয়াছে আমরা ব্যবসায়ী জাতি, ব্যবসায়ে ব্যাঘাত ঘটিলে অন্নসংস্থানে গণ্ডগোল উপস্থিত হয় ও আমাদের আর্থিক মেরুদণ্ড অনেকটা পঙ্গু হইয়া পড়ে, আবার প্রদেশিক স্বায়ত্ত শাসনে আমাদের উন্নতি হওয়া দূরে থাক আমাদিগকে নানা ভাবে বিপন্ন করিয়া তুলিয়াছে ; প্রবাদ আছে জোর যার মুল্লুক তার—এহেন অবস্থায় আমরা স্বল্প সংখ্যক, আমরা দিন দিন নিঃস্ব হইতে চলিয়াছি, এই ধ্বংসের মুখ হইতে কিরূপে বাঁচাইয়া চলিতে হইবে তাহার উপায় এখন আমাদিগকে আবিস্কার করিতে হইবে। ব্যবসায় ব্যতীত আর কি বৃত্তি অবলম্বন করা যায় তাহাই চিন্তা করা বিশেষ প্রয়োজন। ব্যবসায় প্রতিষ্ঠান অসম্প্রদায়িক প্রতিষ্ঠান—ইহা সকল জাতির ও সকল ধর্ম্মের ও সকল সমাজের লোকের অগাধ মেলা মেশায় উন্নতির পথে অগ্রসর হয়—কিন্তু আজ সাম্প্রদায়িকতা ব্যাধি ইহাকে আক্রমণ করিতে সুরু করিতেছে এবং অসহযোগ আন্দোলন ব্যবসায়ের উপর মহাসঙ্কট অনয়ন করিতেছে——এ বিপদে আমাদের সঙ্ঘবদ্ধ হওয়া বিশেষ প্রয়োজন। হয়ত কিছু দিনের মধ্যে আমরা উপলব্ধি করিব যে সমিতি ছাড়া আমাদিগকে আর কেহই রক্ষা করিতে পারিবে না অতএব এখন হইতেই তাহার উদ্যোগ করা আমার মনে হয় বিশেষ প্রয়োজন। অতএব আমি জাতির প্রত্যেক ব্যক্তির নিকট

তাম্বুলি-মহাসম্মেলনের ১৩৪৭ সালের
বার্ষিক কার্য্য বিবরণী

আবেদন করিতেছি যে আপনারা অতি সত্বর মহাসম্মেলনের সদস্য হইয়া মহাসম্মেলনকে শক্তিশালী করুন।

মহাসম্মেলন আজ একাদশ বর্ষে পদার্পণ করিবে। ইহা ব্যক্তি বিশেষের প্রতিষ্ঠান নয়, আপনাদের সাধারণ প্রতিষ্ঠান। জাতির গণ্য মান্য ব্যক্তি ইহার সভাপতির আসন অলঙ্কৃত করিয়াছেন ও করিতেছেন, ইহার কর্ম্ম প্রচেষ্টা আজ সকলের সুবিদিত। সমস্ত মতভেদ দূর করিবার জন্যই মহাসম্মেলনের আবির্ভাব। স্বর্গীয় রায় বাহাদুর নলিনাক্ষ দত্ত মহাশয় মহাসম্মেলনের প্রথম সভাপতিত্ব করেন. বাঁকুড়ার উকিল স্বর্গীয় সুরেন্দ্র নাথ কুণ্ডু মহাশয় ও স্বর্গীয় রায় বাহাদুর যোগেন্দ্র নাথ সিংহ মহাশয় ইহার সভাপতিত্ব করিয়াছেন।

এক বিশেষ সভায় স্থির হয় যে মহাসম্মেলন জাতির মতভেদ দূর করিবার জন্য তিন বৎসরের জন্য কর্ম্ম প্রচেষ্টা স্থগিত রাখিবে. তাহাই করা হয়----পরে সন ১৩৪৪ সালে কর্ম্মবীর স্বর্গীয় রাম রঞ্জন সিংহ, রায়সাহেব তারাপদ দত্ত, শ্রীযুক্ত বিহারী লাল মল্লিক, শ্রীযুক্ত কালিকৃষ্ণ রক্ষিত, শ্রীযুত সুরেশ চন্দ্র পাল, শ্রীযুত শৈলেন্দ্র নাথ রক্ষিত ও শ্রীযুত ফণি ভূষণ পাল ও শ্রীযুত কিশোরী মোহন রক্ষিত প্রভৃতি চেষ্টা করিয়া এক বিশেষ সভা করিয়া স্থির করেন যে মহাসম্মেলনই এক মাত্র প্রতিষ্ঠান ইহাই জাতিকে অগ্রগতির পথে লইয়া যাইবে। সুতরাং ত্রৈমাসিক হিতৈষীর আবির্ভাব হইল ও নানা ভাবে মহাসম্মেলন জাতির সেবা আরম্ভ করিল। এখন সেবার পরিক্রমা অনেক বৃদ্ধি হইয়াছে।

রেজিষ্ট্রেশন

মহাসম্মেলন সরকারী সমিতি তালিকাভুক্ত হইয়াছে। ইং ১৯৪১ সাল হইতে ইহার এক নব অধ্যায়ের সূচনা হইয়াছে। ইহার সুবিধা ও উপকারীতা শীঘ্রই সকলে অনুভব করিতে পারিবেন। ইহার নিয়মাবলি এখন আর কাগজে লেখা থাকিয়া যাইবেনা, কার্য্যে পরিণত হইবে, ইহার তহবিলের প্রত্যেক পয়সাটিরই হিসাব সরকার অনুমোদিত হিসাব পরীক্ষক কর্তৃক পরীক্ষা করাইয়া লইতে হইবে। ইহাতে ব্যক্তি বিশেষের

প্রাধান্য কোন দিন ছিলনা ও হইবারও পথ বন্ধ হইয়া গেল। এখন হইতে সব বিষয়ে শৃঙ্খলা করিয়া চলিতেই হইবে।

গত বৎসরেরও বিবরণীতে আমি বলিয়া ছিলাম, যে মহাসম্মেলনের জন্য তহবিল হইতে খরচ করিয়া রেজিষ্ট্রেশনের ব্যয় নির্ব্বাহ করিতে কার্য্যকরী সমিতির কোন সদস্য সম্মত নন, অতএব কার্য্যকরী সমিতির সদস্যগণ আপনাদের মধ্যে চাঁদা করিয়া ৪৯৲ টাকা উঠাইয়া দিয়া আমাদের ধন্যবাদ অর্জ্জন করিয়াছেন, আর রায় সাহেব তারাপদ দত্ত, শ্রীযুক্ত বিভুতি ভূষণ রক্ষিত ও শ্রীযুক্ত নলিনাক্ষ সিংহ মহাশয়গণ নিয়মাবলী প্রস্তুত, বিনা ব্যয়ে টাইপ, বঙ্গানুবাদ ইত্যাদি করিয়া বিশেষ উপকার করিয়াছেন।

গত সন ১৩৪৭ সালের পৌষ হইতে চৈত্র মাস পর্য্যন্ত ষোলজন পৃষ্ঠপোষক সদস্য, আটজন বিশিষ্ট সদস্য ও তিন জন সাধারণ সদস্য কার্য্য-করী সমিতিতে ছিলেন। নূতন সদস্যের আবেদন প্রত্যহ আসিতেছে। মহাসম্মেলনের এখন সদস্য হওয়া সকলেই গৌরব-জনক বলিয়া মনে করিতেছেন। কর্ম্মীদের মধ্যে নূতন কর্ম্মের প্রেরণা আসিয়াছে। ইহা একটা জাতির মধ্যে নব যুগের সূচনা বলিতে হইবে।

কর্ম্মচারী

বর্ত্তমান সময়ে মহাসম্মেলনের কর্ম্মীদের উপর যে গুরু দায়িত্ব ন্যস্ত হইয়াছে, তাহাতে কর্ম্মচারী না রাখিলে কার্য্য পরিচালনা একেবারেই অসম্ভব এই কারণে অল্প বেতনে সম্প্রতি একজন ম্যাট্রিক পাশ করা কর্ম্মচারী রাখা হইয়াছে।

শ্রদ্ধেয় শ্রীযুক্ত কালিকৃষ্ণ রক্ষিত আজ চারি বৎসর ধরিয়া জেলার পর জেলার তাম্বুলি অধিবাসিগণের এক চমৎকার তালিকা সংকলন করিতেছেন, তাহা আমাদের গঠন মূলক কার্য্যে বিশেষ সহায়তা করিতেছে। যে কোন গঠন-মূলক কার্য্য প্রণালী প্রস্তুত করা হউক না কেন, ডাইরেক্টরী সেই সব কর্ম্ম প্রণালী পরিচালনায় বিশেষ সহায়তা করিবে।

গত চারি বৎসর ধরিয়া ত্রৈমাসিক তাম্বুলি হিতৈষী যথানিয়মে প্রকাশিত হইয়া স্বজাতির দ্বারে দ্বারে বিনা মূল্যে বিতরিত হইয়াছে। হিতৈষীতে বহু জাতীয় উন্নতি-কর সার-গর্ভ প্রবন্ধ ও সম্পাদকের মূল্য

বান উপদেশ এবং ছাত্রদের পরীক্ষার ফল, বিবাহ-যোগ্য পাত্রের সংবাদ সরবরাহ করা হইয়াছে। বিনা মূল্যে বহু বিবাহ সম্বন্ধীয় বিজ্ঞাপন ছাপান হইয়াছে। বিশেষ প্রয়োজনীয় জাতীয় সংবাদ সমূহ সংকলিত করিয়া প্রচার করা হইয়াছে। হিতৈষী মহাসম্মেলনের এবং জাতির মুখপত্র। প্রবাসী স্বজাতির নিকট ইহা এক মল্যবান সম্পদ বলিলেও অত্যুক্তি হয় না। ইহাতে অম্বিকাচরণ ট্রাষ্ট এষ্টেটের দানের হিসাব এবং মহা-সম্মেলনের আয় ব্যয়ের হিসাব দেওয়া হয়। অনেকেই হিতৈষীর মাসিক প্রকাশের জন্য ইচ্ছা প্রকাশ করিতেছেন কিন্তু আমার মতে সভার আর্থিক ভিত্তি যত দিন না দৃঢ় হয়, তত দিন সে চেষ্টা না করাই ভাল।

মহাসম্মেলনের এখনও শৈশব কাল অতীত না হইলেও ইহা সেবার দিক দিয়া কোন অংশে ত্রুটি করে নাই। সর্ব্বথাক সমন্বয় সভার এক বিরাট পরিকল্পনা। ইহা নানা থাকের মধ্যে অবাধ মিলনের পথ প্রসস্ত করিয়া দিয়াছে। যে দিন স্বর্গীয় রায় বাহাদুর নলিনাক্ষ দত্ত মহাশয় 'মহেশ্বরী ভবনে' মিলন ব্যাপারে সর্ব্বদিক দিয়া সম্মতি দান করিয়া আচার ব্যবহার সমন্বয়ের জন্য একটা সাব-কমিটি স্থাপন করেন, সেই দিন হইতে গোঁড়া দলের মত পরিবর্ত্তন হয় ও বিবাহ ভোজানাদি ব্যাপারে কোনরূপ আপত্তি শুনা যায় নাই। আজ কাল থাকের প্রশ্ন অতি গৌণ হইয়া গিয়াছে। সভা পণ প্রথার বিরুদ্ধে বরাবরই মত প্রকাশ করিয়া আসিতেছে এবং বর পক্ষ যাহাতে কন্যা পক্ষের উপর অন্যায় আর্থিক চাপ না দেন সেই জন্য সকলকেই বিশেষ অনুরোধ করা হইতেছে। সকল সমাজের পক্ষ হইতেই পণপ্রথার এরূপ তীব্র নিন্দা করা হইয়াছে যে, সে বিষয়ে অধিক বলা বাহুল্য মাত্র।

আলোচ্য বর্ষে আমাদের ছাত্রদের মধ্যে বিশেষ কোন উদ্যম পরিলক্ষিত হয় নাই। তাহাদের উদ্যোগ আয়োজন একেবারেই নিষ্প্রভ হইয়া গিয়াছে ইহা বড়ই পরিতাপের বিষয়, কারণ ছাত্রগণ জাতির ভবিষ্যৎ আশা ভরসার স্থল। তাহাদের আন্দোলন জাতির মধ্যে প্রাণের সাড়া আনিয়া দেয়। আশা করি বর্ত্তমান বর্ষে আমাদের সজাতীয় ছাত্রগণের সাড়া পাওয়া যাইবে।

বেকার সমস্যা সমাধানের জন্য এই সভা বহু দিন হইতে চেষ্টা

করিতেছে কিন্তু ইহা এক মহা জটীল ও কঠিন প্রশ্ন। জাতির এবং রাষ্ট্রের মুখ্য সমস্যা বলিয়া পরিগণিত হইয়াছে।

এই প্রশ্নের মীমাংসার জন্য একটী সাব-কমিটি বহু দিন হইতে গঠিত হইয়াছে এবং অনেক গণ্যমান্য ব্যবসায়ী ঐ সমিতির সদস্য। সজাতিদের স্ব স্ব কারবারে সম্ভবপর চাকুরী দান ও একটী যৌথ কারবার স্থাপন প্রভৃতি অনেক পরিকল্পনা করা যাইতে পারে, কিন্তু ইহার সাফল্য নির্ভর করে জাতির তরুণদের আন্তরিক আকাঙ্খা এবং ধনীদের আর্থিক সাহায্যের উপর আমাদের জাতির তরুণেরা দিন দিন যেরূপ শ্রম-বিমুখ হইয়া আসিতেছে, তাহাতে যথেষ্ট শঙ্কার কারণ হইয়াছে সন্দেহ নাই। আমরা দুই একটী বেকার যাহাতে কাজ পায় তাহার জন্য যথেষ্ট চেষ্টা করিতেছি কিন্তু দুঃখের সহিত বলিতে হইতেছে যে লব্ধ প্রতিষ্ঠ ব্যবসায়ীদের সন্তানেরা শ্রম কাতর হইয়া পৈত্রিক ব্যবসায় নষ্ট করিয়া বেকার হইয়া পড়িতেছে—ইহা জাতির পক্ষে মোটেই শুভ লক্ষণ নহে। ইহাই বোধ হয় আমাদিগকে আরও পতনের পথে লইয়া যাইবে।

সভাব মারফতে ম্যাট্রিকুলেশনে কৃতি ছাত্রকে রামরঞ্জন বৃত্তি নামে মাসিক একটা বৃত্তি দেওয়ার প্রস্তাব হইয়াছিল কিন্তু কোন আবেদন না পাওয়ায় দাতা দরিদ্র ছাত্রদের পুস্তক ক্রয় করিয়া দিয়াছেন। আলোচ্য বর্ষে শ্রীযুক্ত কালিপদ দত্ত নামক একটী অন্ধ ছাত্রকে পরীক্ষার ফি বাবদ আংশিক সাহায্য দান করা হইয়াছে আরও দুই একটি দরিদ্র বিধবার পুত্রের শিক্ষার্থে কিছু কিছু সাহায্য দান করা হইয়াছে। সভার দান করিবার আকাঙ্খা থাকিলেও অর্থের অভাবে ইহা বিশেষ কিছু করিতে পারিতেছে না। আপনারা অর্থ সাহায্য করিয়া সভাকে শক্তিশালী ও জাতির মুখোজ্জ্বল করুন।

আমরা দুই এক স্থান হইতে বৈশ্যাচার গ্রহণের সংবাদ পাইয়া হিতৈষীতে প্রকাশ করিয়াছি। বৈশ্যাচার বলিতে প্রধানতঃ ১৫ দিবসে অশৌচান্ত হওয়ার কথা বুঝায়। বহু স্থানে এরূপ করিবার চেষ্টা চলিতেছে কিন্তু এবিষয়ে প্রধান অন্তরায় হইয়াছে আমাদের পূজক ব্রাহ্মণ লইয়া— কারণ আমাদের পুরোহিত ব্রাহ্মণ প্রত্যেক সৎশূদ্র কায়স্থাদির ব্রাহ্মণ আর নবশাকের অন্য সম্প্রদায়েরা বৈশ্যাচার গ্রহণ করিতেছে না, কাজেই এই

জায়গায়ই এক প্রধান বাধা উপস্থিত হইয়াছে।

গত মার্চ্চের আদমসুমারীতে আমাদের পৃথক গণনার চেষ্টা করা হইয়াছিল কিন্তু শেষ ফল কিরূপ হইয়াছে আদমসুমারীর সম্পূর্ণ রিপোর্ট প্রকাশ না হইলে বলা কঠিন।

আমাদের সবচেয়ে বড় অভাব আমাদের সভার নিজস্ব কোন গৃহ নাই। এই বিষয়ে অনেক স্বজাতি বিশেষ উদ্যোগী হইয়াছেন। কার্য্য করী সমিতির চেষ্টায় একটী গৃহ নির্ম্মাণ তহবিল গঠন করা হইয়াছে। শ্রীচারু চন্দ্র নন্দী, শ্রীযুত কালিকৃষ্ণ রক্ষিত, শ্রীযুত সত্যব্রত সিংহ মহাশয় প্রত্যেকে এক শত টাকা দান করিয়া এবিষয়ে অগ্রণী হইয়াছেন। উক্ত টাকাগুলি ব্যাঙ্কে স্থায়ী আমানত হিসাবে জমা আছে। অদ্য বাৎসরিক সভার দিনে অনেকেই উক্ত ফণ্ডে অর্থ দান করিয়া আমাদের ধন্যবাদার্হ হউন। সভার একটী গৃহের যে প্রয়োজন সে বিষয়ে কোন দ্বিমত থাকিতে পারে না। এ বিষয়ে সাহায্য করিবায় জন্য আমরা প্রত্যেকরই কাছে আবেদন জানাই য়াছি, জানাইতেছি ও জানাইতে থাকিব।

উপসংহারে আমি এই কথাই বলিতে চাই যে আপনাদের সহানুভূতি ও সাহায্য পাইলে সভার কার্য্য যথানিয়মে চলিতে থাকিবে। যাঁহারা সভাকে বিশেষভাবে সাহায্য করিয়াছেন তাঁহাদিগকে ধন্যবাদ না দিয়া থাকিতে পারিনা। যাঁহারা সভায় অর্থ দান করিয়া সভার পুষ্টিসাধন করিয়াছেন তাঁহারা আমাদের ধন্যবাদার্হ। রায় সাহেব তারাপদ দত্ত শ্রীযুক্ত কালিকৃষ্ণ রক্ষিত, শ্রীযুক্ত নলিনাক্ষ সিংহ, শ্রীযুক্ত বিভূতি ভূষণ রক্ষিত শ্রীযুক্ত রবীন্দ্র নাথ পাল ও শ্রীযুক্ত শৈলেন্দ্র নাথ রক্ষিত এবং আরও অনেক সদস্য শুধু যে তাঁহাদের কর্ত্তব্য পালন করিয়াছেন তাহা নহে সভার কার্য্যালয়ে আসিয়া নানারূপ কার্য্য করিয়া আমাদিগকে সাহায্য করিয়াছেন। শ্রীযুক্ত কালিকৃষ্ণ রক্ষিত মহাশয় মহাসম্মেলনের সহিত ওতঃপ্রথ ভাবে জড়িত - তাহার ঐকান্তিক চেষ্টাই আজ আমাদের এতদূর আগাইয়া দিয়াছি। তিনি সমস্ত জাতিরই ধন্যবাদার্হ। আমাদের শ্রদ্ধেয় বিদায়ী সভাপতি মাননীয় শ্রীযুক্ত বসন্ত কুমার সিংহ মহাশয় সারা বৎসরই নানা কঠিন ব্যাধিতে ভুগিয়াছেন সেই জন্য তিনি আমাদের আশানুরূপ সাহায্য করিতে পারেন নাই বটে কিন্তু

তিনি শয্যাশায়ী অবস্থাতেও আমাদিগকে ও সভাকে ভুলেন নাই। তাঁহার সারগর্ভ উপদেশ ও যুক্তি দ্বারা অনেক সাহায্য করিয়াছেন—সেই জন্য তিনি আমাদের ধন্যবাদার্হ।

সর্ব্বশেষে আমারা মেসার্স এন, সরকার এণ্ড কোং পাবলিক অডিটারকে বিনা পারিশ্রমিকে আমাদের হিসাব পরীক্ষা করিয়া দেওয়ায় আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

শ্রীচারু চন্দ্র নন্দী বি, এল,
সম্পাদক।

১লা বৈশাখ হইতে ৩০শে অগ্রহায়ণ সন ১৩৪৭ সালের আয় ব্যয়ের হিসাব

জমা		খরচ	
সদস্যের চাঁদা আদায় মোট জমা	১০৭৲	কার্য্যনির্ব্বাহক সমিতি বাবদ খরচ	৭৶০
পৃষ্ঠ পোষক	৭২৲	তাম্বুলি হিতৈষী বাবদ খরচ	৭৫।৵০
বিশিষ্ট	২৩৲	রেজেষ্ট্রেশন বাবদ খরচ	৫৭৵০
সাধারণ	১২৲	সর্ব্বসমেত খরচ	১৩৯৷৶০
ডাইরেক্টরী বিক্রয় বাবদ জমা	৷০		
বিবিধ চাঁদা বাবদ মোট জমা	১১৲		
রেজেষ্ট্রেশন বাবদ আদায়	৪৯৲		
সর্ব্বসমেত আদায়	১৬৭৷০	সেণ্ট্রাল ব্যাঙ্ক অব ইণ্ডিয়া (হেড অফিস)	
গত বৎসরের মজুত	১৮৵০	হোম সেভিংস ব্যাঙ্ক	
সর্ব্বসমেত জমা	১৬৯।৵০	৩৭১২২নং এ্যাকাউণ্টে	
বাদ সর্ব্বসমেত খরচ	১৩০"৶০	মোট জমা	৬১০।৴০
নগত তহবিল মজুত	২৯৷৶০	মঃ তিনশত দশ টাকা পাঁচ আনা মাত্র।	
মঃ উনত্রিশ টাকা এগার আনা মাত্র।			

(স্বাক্ষর) শ্রীবিভূতি ভূষণ রক্ষিত।
কোষাধ্যক্ষ ও হিসাব রক্ষক

(স্বাক্ষর) শ্রীচারু চন্দ্র নন্দী।
সম্পাদক

পরীক্ষা করিয়া দেখিলাম ঠিক আছে
(স্বাক্ষর) শ্রীরাম হরি দে
হিসাব পরীক্ষক

১লা পৌষ হইতে ৩১ চৈত্র ১৩৪৭ সালের আয় ব্যয়ের হিসাব

জমা—

সদস্যগণের নিকট চাঁদা আদায়		১৪০৲
পৃষ্ঠ পোষক	৭৬৲	
বিশিষ্ট	১১৲	
সাধারণ	৫৩৲	
দান বাবদ আদায়		৩০৲
আজীবন সদস্যের চাঁদা আদায় (আংশিক)		২৫৲
মোট		১৯৫৲

খরচ-

তাম্বুলি হিতৈষীর ছাপার ও কাগজ খরচ	৬৭৷৴১০
তাম্বুলি মহাসম্মেলনের জন্য কাগজ ও ছাপার খরচ	৪০৴০
বিবিধ খরচ	৮৷০
দাতব্য খাতে খরচ	৩০৲
সঞ্চিত তহবিল বাবদ রাখা হয়	২৫৲
	১৭০৸৴১০
উদ্বৃত্ত	২৪৶৴১০
মোট	১৯৫৲

শ্রীবিভূতি ভূষণ রক্ষিত
(কোষাধ্যক্ষ ও হিসাব পরীক্ষক)

শ্রীচারু চন্দ্র নন্দী
(সম্পাদক)

পরীক্ষা করিয়া দেখিলাম ঠিক আছে
এন সরকার এণ্ড কোং
রেজিষ্টার্ড একাউণ্ট্যাণ্টস
কলিকাতা, ২৬শে এপ্রেল ১৯৪১।

দেনা পাওনার হিসাব ৩১শে চৈত্র ১৩৪৭ সাল

দেনা—		পাওনা—	
গৃহ নির্ম্মাণ বাবদ তহবিল	৬১০।/০	নগদ এবং ব্যাঙ্কে গচ্ছিত	
সঞ্চিত তহবিল—	৫৪॥৶০	বেঙ্গল সেণ্ট্রাল ব্যাঙ্ক লিঃ	
ব্যয়ের উদ্বৃত্ত আয়	২৪৵১০	স্থায়ী আমানত জমা	৫৮৫।/০
		সেভিংস ব্যাঙ্কে জমা	২১॥০
মোট—	৬৮৯৵১০	নগত তহবিল মজুত—	৮২।/১০
		মোট—	৬৮৯৵১০

শ্রীবিভূতি ভূষণ রক্ষিত।
কোষাধ্যক্ষ ও হিসাব রক্ষক।

শ্রীচারু চন্দ্র নন্দী।
সম্পাদক।

We have audited the Balance Sheet of the Tambuli Mahasammelan, Calcutta as at 31st Chaitra, 1347, B. S. as above set forth with books and vouchers of the Sammelan. In our opinion, the above Balance Sheet is drawn up properly and shows a correct view of the state of affairs of the Sammelan.

N. SARKAR & CO.
Registered Accountants.
Calcutta, 26th April, 1941.

দেনা—

১। ইমারৎ নির্ম্মাণ তহবিল।

সাবেক তহবিল ৩১০।/০ পাওয়া যায় এবং রেজেষ্টেশনের পূর্ব্বে আদায় ১৫০ পরে আদায় ১৫০ সর্ব্বসমেত ৬১০।/০ হইয়াছে।

২। সঞ্চিত তহবিল।

সাবেক আয় ব্যয়ের উদ্বৃত্ত ২৯৷৵০ পাওয়া যায় উহা সঞ্চিত তহবিলে রাখা হইয়াছে এবং আজীবন সদস্যের আংশিক চাঁদা ২৫ বাবদ এই তহবিলে রাখা হইয়াছে সর্ব্বসমেত ৫৪৷৵০ হইয়াছে।

৩। উদ্বৃত্ত আয়।

সর্ব্বসমেত আয় হইতে সর্ব্বপ্রকার ব্যয় করিয়া মোট ২৪৵১০ উদ্বৃত্ত থাকিল তন্মধ্যে ২০।/০ সঞ্চিত তহবিলে রাখিয়া ৩৵১০ আগামী বৎসরে ব্যয় করিলে ভাল হয়।

পাওনা—

বেঙ্গল সেণ্ট্রাল ব্যাঙ্কে গচ্ছিত স্থায়ী আমানত মোট ৫৮৫।/০ এবং সেভিংস ডিপোজিট ২১॥০ আছে।

নগদ ৮১।/১০ হস্তে মজুত আছে। তন্মধ্যে ৫০ পুনরায় স্থায়ী আমানত জমা রাখা হইল এবং ২৮॥০ সেভিংস ডিপোজিট দেওয়া হইল সর্ব্বসমেত ৭৮॥০ জমা দিয়া ৩৵১০ কোষাধ্যক্ষের নিকট মজুত থাকিল।

সদস্যগণের নিকট বাকী চাঁদা হিসাবে ধরা হইল না কিন্তু উহা যাহাতে সম্পূর্ণ আদায় হয় সে জন্য সদস্যগণকে বিশেষ ভাবে অনুরোধ করা হইতেছে।

(স্বাক্ষর) শ্রীবিভূতি ভূষণ রক্ষিত।
কোষাধ্যক্ষ ও হিসাব রক্ষক।

(স্বাক্ষর) শ্রীচারু চন্দ্র নন্দী
সম্পাদক।

সন ১৩৪৭ সালের কার্য্যকরী সমিতির সদস্যগণ।

	নাম	পেশা	
১।	শ্রীবসন্তকুমার সিংহ	ব্যবসায়	সভাপতি
২।	শ্রীবিহারী লাল মল্লিক	ঐ	সহকারী ঐ
৩।	রায় সাহেব তারাপদ দত্ত বি, ই	চাকরী	ঐ
৪।	শ্রীচারু চন্দ্র নন্দী বি, এল	ব্যবসায়	সম্পাদক
৫।	শ্রীঅনুকূল চন্দ্র লাহা	ঐ	যুগ্ম সম্পাদক
৬।	শ্রীজীবন কুমার দত্ত	ঐ	সহ সম্পাদক
৭।	শ্রীধনকুবের নাগ	চাকরী	ঐ
৮।	শ্রীবিভূতিভূষণ রক্ষিত বি, কম, জি, ডি,এ	ঐ	হিসাব রক্ষক ও কোষাধ্যক্ষ
৯।	শ্রীরামহরি দে, এম, এ	ঐ	হিসাব পরীক্ষক
১০।	শ্রীনলিনাক্ষ সিংহ	চিকিৎসক	পত্রিকা সম্পাদক
১১।	শ্রীরবীন্দ্র নাথ পাল	জমিদার	ঐ সহ সম্পাদক
১২।	শ্রীসত্যব্রত সিংহ	ব্যবসায়	ঐ
১৩।	শ্রীভূপতিভূষণ সিংহ এম, এ, বি, এল	সলিসিটার	'ল' অফিসার
১৪।	শ্রীকালিকৃষ্ণ রক্ষিত বি, এ, বি টি,	শিক্ষক	প্রচার সম্পাদক
১৫।	শ্রীফণীভূষণ পাল	ব্যবসায়	সদস্য
১৬।	শ্রীচারু চন্দ্র পাল		ঐ
১৭।	শ্রীশৈলেন্দ্রনাথ রক্ষিত		ঐ
১৮।	,, ফকির চন্দ্র পাল	ব্যবসায়	ঐ
১৯।	,, বামনদাস লাহা	ঐ	ঐ
২০।	,, পরেশচন্দ্র রক্ষিত	ঐ	ঐ
২১।	,, তারক দাস দত্ত	ঐ	ঐ
২২।	,, তুলসীচরণ দে	ঐ	ঐ
২৩।	,, নবকৃষ্ণ বর্দ্ধন	ঐ	ঐ
২৪।	,, তারাপ্রসাদ সেন	ঐ	ঐ
২৫।	,, কানাই লাল সেন	ঐ	ঐ
২৬।	,, কানাই লাল দত্ত	জমিদার	ঐ

তাম্বুলি সমাজ মন্দির

(সজাতির প্রতি আমার নিবেদন)

সম্প্রতি তাম্বুলি মহাসম্মেলন ১৮৬০ সালের ২১নং সমিতি আইন অনুসারে ইংরাজী ৬ই ডিসেম্বর ১৯৪০ সালে রজেষ্ট্রী হইয়াছে। মহাসম্মেলনের জন্মাবধি ইহার রেজেষ্ট্রী করণের জন্য আমি বহু চেষ্টা করিয়াছিলাম এমন কি ইহার জন্য পৃথক চাঁদা তুলিয়া দিয়াছিলাম কিন্তু তথাপি অনেকের আপত্তি থাকায় উহা সম্ভব হয় নাই। এক্ষণে যাঁহারা উদ্যোগী হইয়া রেজেষ্ট্রী করিয়াছেন তাঁহারা সমগ্র সজাতির ধন্যবাদের পাত্র। তাম্বুলি মহাসম্মেলন রেজেষ্ট্রী কৃত হইল কিন্তু ইহার এখনও একটী নিজস্ব গৃহ নাই কলিকাতায় একটী নিজস্ব গৃহ একান্ত প্রয়োজন। একটী ছোট খাট মহাসম্মেলনের উপযোগী গৃহ নির্ম্মাণ করিতে আনুমাণিক ব্যয় কমপক্ষে ১৫০০০৲ পনের হাজার টাকা। আমাদের সমগ্র বঙ্গভাষী সজাতির সংখ্যা আনুমাণিক ৪৮০০০। যদ্যপি জনপ্রতি ।/৫ সওয়া পাঁচ আনা করিয়া "জাতীয় কর" আদায় দেন তাহা হইলে এক বৎসরেই প্রায় ১৫০০০৲ পনের হাজার টাকারও কিছু বেশী পাওয়া যাইতে পারে। ইহা আমাদের কর্ত্তব্য বটে, ধর্ম্মও বটে, জাতিকে বাঁচাইতে হইলে, জাতিকে উন্নত করিতে হইলে, ইহার একটী চিরস্থায়ী আশ্রয় বা আশ্রম অতীব প্রয়োজন। তারপর জাতীয় ব্যাঙ্ক, জাতীয় সমবায় ব্যবসায় প্রভৃতি ধীরে ধীরে গড়িয়া উঠিবে।

কলিকাতায় তাম্বুলি মহাসম্মেলনের যে গৃহ নির্ম্মাণ হইবে উহাতে কার্য্যালয় থাকিবে, পাঠাগার, গ্রন্থাগার, নৈশ বিদ্যালয়, ব্যায়ামাগার, সভার স্থান ও সজাতীয় ছাত্রবাস প্রভৃতি থাকিবে। যে সমস্ত সজাতি কলিকাতায় মেসে থাকিয়া কাজ কর্ম্ম করেন তাঁহারা থাকিতে পারিবেন এবং যে সমস্ত সজাতি মাত্র ২।৩ দিনের জন্য কলিকাতায় কর্ম্মোপলক্ষে আসিয়া থাকেন তাঁহাদের জন্য ধর্ম্মশালা থাকিবে মোটের উপর সমগ্র সজাতি একস্থানে ২৪ঘণ্টা কাল যখন যাহার সুবিধা আসিয়া থাকিতে পারিবেন। সব কিছুরই অনুসন্ধান সেখানে পাওয়া যাইবে। নানা প্রকারে সাহায্য দান ও সাহায্য গ্রহণের সুবিধা থাকিবে। সমগ্র বঙ্গভাষী সজাতীয় শক্তি এইখানেই কেন্দ্রীভূত হইয়া থাকিবে।

তাম্বুলি-হিতৈষী

এইবার আমি আমার দায়ের কথা বলিব। আমি সপ্তগ্রামীয় লোক সপ্তগ্রামীয় লোক সংখ্যা আনুমাণিক ১২০০ বার শত (এক প্রকার গণিত বলিলেও চলে)। যে হেতু এই সপ্তগ্রামীই

১। প্রথম মিলন প্রয়াসী হইয়াছেন,

২। প্রথম ভিন্ন থাকে রুটী ও বেটীর আদান প্রদান করিয়াছেন,

৩। প্রথম সভার সৃষ্টি করিয়াছেন,

৪। প্রথমে সভাকে লালন পালন ও বৰ্দ্ধন করিয়াছেন.

৫। প্রথম সভার মুখপত্র মাসিক পত্রিকা প্রকাশ করিয়াছেন,

৬। প্রথম জাতীয় গ্রন্থ (তাম্বুলি বণিক) সাহায্যে এক জাতিত্ব প্রমাণ করিয়াছেন—

সেই হেতু সপ্তগ্রামী যাহাতে জাতীয় গৃহ নির্ম্মাণে অগ্রণী হইতে পারেন তাহার জন্য আমি সমগ্র সপ্তগ্রামীর পক্ষ হইতে জন প্রতি ১৲ ষোল আনা শ্রদ্ধার অর্থ মহাসম্মেলনে আদায় দিবার প্রতিশ্রুতি দিয়াছি। অর্থাৎ আমি কেবলমাত্র সপ্তগ্রামী সমাজ হইতে মহাসম্মেলনের একটী নিজস্ব গৃহ-নির্ম্মাণ বাবদ মোট ১২০০৲ বার শত টাকা আদায় দিবার জন্য যথাসাধ্য চেষ্টা করিব। আশা করি সহৃদয় সপ্তগ্রামীগণ আমার প্রতিশ্রুতি বজায় রাখিয়া সপ্তগ্রামীর নাম জাতীয় ইতিহাসে চিরঃস্মরণীয় করিয়া রাখিবেন। যদি সকল থাকের কৰ্ম্মীবৃন্দ, সহৃদয় সজাতি হিতকামীগণ বিশেষ ভাবে কায়মনও বাক্যে চেষ্টা করেন তাহা হইলে আমার দৃঢ় বিশ্বাস যে জনপ্রতি ১৲ এক টাকা হিসাবে শ্রদ্ধার অর্থ আদায় বা দান সংগ্রহ করা যাইতে পারে। তাহা হইলে আনুমাণিক ৪৮০০০৲ আটচল্লিশ হাজার টাকা এতদর্থে পাওয়া যাইতে পারে। ইহাতে "চাল" (গৃহ) তো হইবেই উপরোক্ত "চুলা" র (ভাতের) ব্যবস্থার কিছুটা হইবে।

জাতির এই দুর্দ্দিনে জাতিকে বাঁচাইবার জন্য প্রত্যেকেই বিন্দু বিন্দু শক্তি দিয়া বিরাট শক্তি গড়িয়া তুলুন। নানা ওজর আপত্তি করিয়া এক বিন্দু শক্তির কার্পণ্য করিয়া জাতিকে মরণের পথে টানিয়া আনিবেন না. ছেলের শ্রদ্ধাও দিও কিঞ্চিৎ; না কর বঞ্চিৎ; হলেও সভার গৃহ নির্ম্মাণ হইয়া যাইবে। অমুক দিলেন কিনা?—কত দিলেন—কম দিলেন কেন ইত্যাদি কিছুই জিজ্ঞাসা না করিয়া আপনারা স্ব স্ব সামর্থ অনুযায়ী দান

করুন। সজাতিবৃন্দকে ফাঁকি দিবেন না—নিজের সন্তানদের ফাঁকি দিবেন না। যিনি বুঝিতে না পারেন তাঁহাকে বোঝান—যাঁহার সহিত আত্মীয়তা বা বন্ধুত্ব আছে তাঁহার নিকট হইতে জোর করিয়া আদায় করুন। ধনী অপুত্রকগণের দানের অপূর্ব্ব সুযোগ। সমগ্র সজাতিবৃন্দকে পোষ্যপুত্র রূপে গ্রহণ করিয়া আপনাদের ধন্য মনে করিবেন বংশের নাম চিরঃস্মরণীয় হইয়া থাকিবে।

পরিশেষে আমার বক্তব্য এই যেহেতু তাম্বুলি মহাসম্মেলন সরকারের আইন অনুসারে বিধিমত রেজেষ্ট্রী হইয়াছে সেইহেতু ইহার এক কপর্দ্দকও তছরূপের ভয় বা ভাবনা আর নাই। প্রতি সনই সরকারের নিকট পাই পয়সার আয় ব্যয়ের ও দেনা পাওনার হিসাব দাখিল করিতে হইবে—প্রত্যেকটি কর্ম্ম বিধিমত সমাধা করিতে বাধ্য থাকিবে।

নিবেদক—
শ্রীশৈলেন্দ্র নাথ রক্ষিত
(সপ্তগ্রামী সমাজের প্রতিনিধি)

আবাহন

"আজি সারাটী বিশ্বে, পড়িয়াছে সাড়া
উঠ উঠ জেগে ঘুমায়ে রয়েছ যারা
মিলনের বাঁশী, ওই শুন বাজে
এমন প্রভাতে ঘুম কি গো সাজে?

তাম্বূলি মহাসম্মেলন

(১৮৬০ সালের ২১ আইন মতে রেজেষ্টারী কৃত)

নবম বর্ষ

বৈশাখ—চৈত্র

সন ১৩৪৮ সাল

সাধারণ সম্পাদকের কার্য্যবিবরণী,

বার্ষিক আয় ও ব্যয়ের হিসাব,

দেনা ও পাওনার তালিকা

গত বাৎসরিক সভার কার্য্যাবলী

——:*:——

সাধারণ সম্পাদক

শ্রীচারুচন্দ্র নন্দী, বি, এল

কার্য্যালয় :—৪৭, সুরেন্দ্রনাথ ব্যানার্জ্জী রোড, কলিকাতা।

তাম্বুল মহাসম্মেলনের

সন ১৩৪৮ সালের নবম বর্ষের কার্য্য বিবরণী।

মাননীয় সভাপতি মহাশয়, সম্মিলিত সদস্যগণ ও সমবেত স্বজাতিবৃন্দ!

ভগবৎ কৃপায় নানা বাধাবিঘ্ন অতিক্রম করিয়া তাম্বুলি মহাসম্মেলন দশম বর্ষে পদার্পণ করিয়াছে। আজ আরার বাৎসরিক সভার শুভ দিনে আপনাদের সমীপে আমাদের গত এক বৎসরের কর্ম্ম প্রচেষ্টার একটী হিসাব নিকাশ দিবার সুযোগ উপস্থিত হইয়াছে। হিসাব দিবার পূর্ব্বে আপনাদের নিকট আমার কিছু নিবেদন আছে। আশা করি আপনারা ধৈর্য্য সহকারে শ্রবণ পূর্ব্বক বিবেচনা করিয়া বাধিত করিবেন।

মহাসম্মেলনের বাৎসরিক সভার কোন স্বতন্ত্র অভ্যর্থনা সমিতি না থাকায় আমি সাধারণ সম্পাদক হিসাবে কার্য্যকরী সমিতির পক্ষ হইতে বরেণ্য সভাপতি মহাশয়কে এবং মাননীয় উপস্থিত সদস্যবৃন্দ ও স্বজাতিবৃন্দকে আমার সশ্রদ্ধ বিনীত সাদর সম্বর্দ্ধনা জানাইতেছি এবং সানুনয় নিবেদন করিতেছি যে মহাসম্মেলনের কার্য্যকরী সমিতির যদি কোন ত্রুটি বা বিচ্যুতি আপনারা লক্ষ্য করিয়া থাকেন, তাহার সংশোধনের ব্যবস্থা করিবেন, এবং নিজ গুণে ক্ষমা করিয়া বাধিত করিবেন।

বর্ত্তমান সময়ে তাম্বুলি জাতির যদি কোন জীবন্ত প্রতিষ্ঠান থাকে তাহা এই তাম্বুলি মহাসম্মেলন। এই প্রতিষ্ঠানটী যে ইহার সত্বা বজায় রাখিতে সমর্থ হইয়াছে তাহা কেবল আপনাদের ত্যাগে ও কার্য্যকরী সমিতির কতিপয় সদস্যের আপ্রাণ চেষ্টায়। কারণ এই দুঃসময়ে, এই দারুণ বিশ্ব যুদ্ধের সময়েও আপনাদের মহানুভবতায় ও সহানুভূতায় মহাসম্মেলন তাহার গন্তব্যপথে ঠিক অগ্রসর হইতেছে। ইহাই সভার প্রাণের স্পন্দন ও স্থায়িত্বের নিদর্শন। আমরা ভাবিয়াছিলাম

যে সমিতি আইনে রেজেষ্ট্রী করাইলে সভায় একটা নূতন প্রাণের সঞ্চার হইবে। রেজিষ্ট্রেশনের পরে এক বৎসর অতীত হইল আমরা দেখিতে পাইতেছি যে আমরা যাহা ভাবিয়াছিলাম তাহা ঠিকই হইয়াছে। সত্য সত্যই রেজিষ্ট্রেশন জাতির সর্ব্ব সাধারণের সম্মুখে এক নূতন আশার আলোক সম্পাত করিয়াছে এবং সকলেরই দৃঢ় বিশ্বাস জন্মিতেছে যে, তাম্বুলি মহাসম্মেলনকে যে টাকা দেওয়া হইবে তাহার একটী পয়সারও তঞ্চকতা হইবার সম্ভাবনা নাই। যেহেতু, ইহার হিসাবপত্র সরকারী হিসাব পরীক্ষকের দ্বারা পরীক্ষিত হইতেছে।

বিশ্বযুদ্ধের বিভীষিকায় আজ সমগ্র বাংলা দেশ শুধু যে ম্লান হইয়াছে তাহা নহে—যেন 'ছন্নছাড়া' হইয়া পড়িয়াছে—তৈল পাওয়া যায়ত লবণ পাওয়া যায় না, ঘৃত পাওয়া যায়ত আটা ময়দা পাওয়া যায় না, ইত্যাদি। কর্ম্মচারী সব পলায়নপর—গ্রামগুলি জনমুখর হইলেও শ্রীহীন ধনী নির্ধন সকলেরই মুখে হাহুতাশ ভাব—ব্যবসায়ীর ব্যবসায় বিশৃঙ্খল বিদ্যালয় বন্ধ—ছাত্রদের পাঠে অমনোযোগ—যেন একটা ভাবী প্রলয়ের আভাস পাওয়া যাইতেছে। সদা হাস্যময়ী কলিকাতা নগরী জনবিরল, বহু সদস্যের সন্ধান মিলিতেছে না "তাম্বুলি হিতৈষী" কেবল ফেরৎ আসিতেছে, এবং অতি কষ্টে পুনরায় তাহাদের সন্ধান করিয়া তাঁহাদের নিকট পৌছাইয়া দেওয়ার যথাসাধ্য ব্যবস্থা হইতেছে। এই দারুণ অবস্থাতেও মহাসম্মেলনের কার্য্য যথাবিহিত চলিতেছে, কার্য্যকরী সমিতি কোনরূপ শিথিলতা প্রদর্শন করেন নাই। এই প্রসঙ্গে নিয়মাবলীর আট ধারার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করি। উহা এইরূপ—

"নির্দ্দিষ্ট ঠিকানা :—প্রত্যেক সদস্যকে তাহার একটি ঠিকানা নির্দ্দিষ্ট করিয়া লিখাইয়া দিতে হইবে সেই ঠিকানায় তাহাকে সংবাদাদি প্রেরণ করা হইবে। এই নির্দ্দিষ্ট ঠিকানার পরিবর্ত্তন ঘটিলে তাহাও সম্পাদককে জানাইতে হইবে।" ৮ ধারা।

* * * * *

অতএব আমার বিশ্বাস অতঃপর সদস্য মহোদয়গণ সমিতির কার্য্যালয়ে স্ব স্ব পরিবর্ত্তিত ঠিকানা পাঠাইয়া বাধিত করিবেন।

শোকপ্রকাশ

বৎসরের কার্য্যালোচনা করিবার পূর্ব্বে মহাসম্মেলনের সকল সদস্যের কথা না ভাবিয়া থাকিতে পারা যায় না। অতি দুঃখের সহিত জানাইতেছি যে মহাসম্মেলনের পৃষ্ঠপোষক সদস্য এবং বিশিষ্ট নীরব কর্ম্মী শ্রদ্ধেয় কালীকৃষ্ণ রক্ষিত মহাশয় পরলোক গমন করিয়াছেন। তাঁহার আত্মার কল্যাণ কামনা করিতেছি। হুগলী জেলার সন্ধিপুর নিবাসী শ্রদ্ধেয় পরিতোষ লাহা, আহীরিটোলা নিবাসী মাননীয় কালীদাস পাল মহাশয় ও রাজসাহীর মাননীয় ভুবনেশ্বর সিংহ মহাশয় এবং কলেজ ষ্ট্রীটস্থ বিশিষ্ট কর্ম্মী মাননীয় পান্নালাল রক্ষিত মহাশয় পরলোক গমন করিয়াছেন। তাঁহাদের মৃত্যুতে শোক প্রকাশ ও তাঁহাদের আত্মার কল্যাণ কামনা করিতেছি।

সভার ক্ষতি

শ্রদ্ধেয় কালীকৃষ্ণ রক্ষিত মহাশয়ের মৃত্যু মহাসম্মেলনের এক অপূরণীয় ক্ষতি। মহাসম্মেলনের সমস্ত কাজেই কালীবাবু ওতঃপ্রোত ভাবে জড়িত ছিলেন। মহাসম্মেলনের ভিতর দিয়া জাতির উন্নতি করা তিনি তাঁহার জীবনের একটী ব্রত বলিয়া গ্রহণ করিয়াছিলেন, ছাত্র-সমাজ গঠন করিবার জন্য তিনি নিজে চেষ্টা করিয়াছিলেন। যাহাতে তাম্বুলি ছাত্রদের উন্নতি হয় তাহার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়া ছিলেন। জাতীয় সভাকে জনসাধারণের সভায় পরিণত করিবার জন্য তিনি আপ্রাণ চেষ্টা করিয়াছিলেন। এজন্য তিনি সম্মিলনী সভার সহিত মতদ্বৈধ হওয়ায় যুবক সম্মিলনী গড়িয়া তোলেন, তারপর তাম্বুলি মহাসম্মেলন (Tambuli Conference) হয় এবং তাহাতেই আত্ম-নিয়োগ করিয়া মহাসম্মেলনকে জাতির সাধারণ সভায় পরিণত করেন। জাতির প্রায় প্রত্যেকেরই সহিত তাঁহার পরিচয় ছিল এবং সেই জন্য তিনি সমাজে কাজ করিবার অনেক সুযোগ পাইয়াছিলেন। তাঁহার মত একজন কর্ম্মীকে হারাইয়া মহাসম্মেলন অনেকখানি হীনবল হইয়াছে।

কর্ম্মচারী

নবম বর্ষের প্রথমদিকে মহাসম্মেলনের একজন কর্ম্মচারী ছিল। কিন্তু পূজার পর হইতে তাহার পদত্যাগের পর এবং যুদ্ধের পরিস্থিতি অন্যরূপ হওয়ায় অল্প বেতনে কোন কর্ম্মচারী পাওয়া যাইতেছে না। মহাসম্মেলনের কার্য্য পরিচালনায় বিশেষ অসুবিধা হইয়াছে। হিতৈষীতে "স্বেচ্ছাসেবক" চাহিয়া জাতির নিকট হইতে কোনরূপ সাড়া পাওয়া যায় নাই। সভার নিজস্ব কর্ম্মচারী না থাকায় অনেক কর্ম্মপদ্ধতি কার্য্যকরী করা সম্ভব হয় নাই, অবশ্য এ কথা স্বীকার্য্য যে মহাসম্মেলনের আর্থিক অবস্থা এখন এরূপ সচ্ছল হয় নাই যাহাতে বেশী বেতন দিয়া একজন নির্ভরযোগ্য দক্ষ কর্ম্মচারী রাখিতে পারা যায়। কেহ কেহ বলেন কর্ম্মচারী না থাকিলেও সভার কার্য্যকরী সমিতিতে ২৬ জন সদস্য আছেন তাঁহারা ইচ্ছা করিলেই কাজ চালাইয়া লইতে পারেন। যাঁহারা মহাসম্মেলনের কার্য্যকরী সমিতির সদস্য তাঁহাদের স্বস্ব বৃত্তি আছে এবং তাহার জন্য তাঁহাদিগকে যথেষ্ট পরিশ্রম করিতে হয় সেজন্য তাঁহারা সভার বিশেষ কিছু কাজ করিতে পারেন না। অবশ্য ইহাও ঠিক যে যদি ২৬ জন সদস্য সমবেত ভাবে চেষ্টা করিতেন, বোধ হয় তাহা হইলে এত অসুবিধা হইত না। অপ্রিয় সত্য বলিতে গেলে, বলিতে হয় যে কার্য্যকরী সমিতির বিশদ তালিকার মধ্যে মাত্র ৭।৮ জন ব্যতীত আর কাহারও সাহায্য পাওয়া সুদূর পরাহত। এ বিষয়ে কার্য্যকরী সমিতির সমস্ত সদস্যের দৃষ্টি আকর্ষণ করিবার জন্য মাসিক সভায় একটী প্রস্তাব গ্রহণ করা হইয়াছিল যে "কার্য্যকরী সমিতির প্রত্যেক সদস্য মাসে মাত্র দুই হইতে চারি দিন অন্ততঃ ২।৩ ঘণ্টা করিয়া সময় মহাসম্মেলনের কার্য্যে ব্যয়িত করিবেন।" আজিও আমি বাৎসরিক অধিবেশনে এই প্রস্তাবটী আপনাদের নিকট উপস্থিত করিব. আপনারা বিবেচনা করিবেন। আপনাদের নিকট আমার একমাত্র বক্তব্য এই যে, যদি আমরা সকলে সমবেত পরিশ্রম করি আমরা জাতিকে অনেক উন্নতির পথে অগ্রসর এবং সুপ্রতিষ্ঠিত করিতে সফলকাম হইব। সামাজিক উন্নতি আমাদের কাম্য এবং তাহা সম্পাদন করিতে যথাসাধ্য চেষ্টা ও পরিশ্রম করিতে হইবে।

সভা সমিতির অধিবেশন

আলোচ্য বর্ষে কার্য্যকরী সমিতির দশটী মাসিক সভা হইয়াছিল এবং উক্ত সভায় কার্য্যকরী সমিতির বহু সদস্য উপস্থিত হইয়াছিলেন এবং অনেক কর্ম্মপদ্ধতি ও প্রস্তাব গ্রহণ করা হইয়াছিল। সাবকমিটিগুলির কার্য্যের বিবরণীও গ্রহণ করা হইয়াছে। প্রথমতঃ মিলন সাবকমিটীর আলোচনা সম্বন্ধে বলা হইতেছে যে, অনেকগুলি পত্রের আদান প্রদান হইয়াছে এবং এ বিষয়ে ব্যক্তিগত ভাবে অনেক আলোচনা করা হইয়াছে। শেষ মীমাংসা করিবার জন্য সম্মিলনী সভার সাধারণ সম্পাদকের সহিত কথাবার্ত্তা অনেক দূর অগ্রসর হইয়াছিল। সম্মিলনী সভার সাধারণ সম্পাদক এবং মহাসম্মেলনের বিশিষ্ট সদস্য শ্রদ্ধেয় শ্রীযুক্ত মনোহর রক্ষিত মহাশয়ের সহিত এইরূপ স্থির হইয়াছিল যে বড়দিনের ছুটীর মধ্যে সম্মিলনী সভার তিনজন সদস্য ও মহাসম্মেলনের তিনজন সদস্য একত্রে মিলিত হইয়া পারস্পরিক আলোচনা দ্বারা একটী আপোষ রফা করা হইবে। কিন্তু ইতিমধ্যে বর্ত্তমান উদ্বেগজনক পরিস্থিতির দরুণ মনোহরবাবু কলিকাতা হইতে দেওঘরে ছয় সাত মাস থাকায় মিলন সম্বন্ধে আর কোন আলোচনা হয় নাই।

বেকার সহায়ক কমিটি ও ছাত্রগণের পরামর্শ সমিতির সম্মুখে কোনও আবেদন না থাকায় বিশেষ কোন কার্য্য করা হয় নাই। ইহাও জাতির সাড়া না পাওয়ার চিহ্ন। সাবকমিটির পক্ষ হইতে মহাসম্মেলনের মুখপত্র 'হিতৈষীতে' যথারীতি আবেদন প্রচারিত হইয়াছে। ছাত্রসঙ্ঘ সাবকমিটি বহু চেষ্টা করিয়াও ছাত্রসঙ্ঘ গঠন করিতে সক্ষম হয় নাই। তাহার প্রথম কারণ ছাত্রদের আশানুরূপ সাড়া পাওয়া যায় নাই এবং দ্বিতীয় কারণ কালীকৃষ্ণ রক্ষিত মহাশয়ের পরলোক গমন ও তৃতীয় কারণ বর্ত্তমান পরিস্থিতিতে স্কুল কলেজ বন্ধ হওয়ায় ছাত্রেরা স্ব স্ব পল্লী অঞ্চলে চলিয়া গিয়াছে।

মহাসম্মেলনের নিয়মাবলী পরিবর্ত্তনকারী সাবকমিটি প্রথম রচিত নিয়মাবলীর দ্বারা কার্য্য পরিচালনা করা অসুবিধা বিবেচনা করিয়া কয়েকটী নিয়মের পরিবর্ত্তন করিতে বাধ্য হইয়াছেন এবং তাহাদের সেই পরিবর্ত্তিত নিয়মাবলী কার্য্যকরী সমিতির সন ১৩৪৯ সালের ৬ জ্যৈষ্ঠ তারিখে

অধিবেশনে কার্য্যকরী সমিতি সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করিয়াছে এবং আজ সাধারণ সভায় আপনাদিগকে তাহা অনুমোদন করিতে অনুরোধ করিতেছি।

কার্য্যকরী সমিতির দশটী অধিবেশন ব্যতীত একটী সাধারণ সমিতির অধিবেশন আহূত হইয়াছিল। উক্ত অধিবেশনে বাংলার ও বিহারের নানা স্থানের বিশিষ্ট স্বজাতিকে কার্য্যকরী সমিতি সদস্য নির্ব্বাচন করিয়া আমন্ত্রণ করিয়াছিলেন। তন্মধ্যে অধিকাংশের নিকট হইতেই কোন উত্তর পাওয়া যায় নাই। কিন্তু উক্ত সাধারণ সমিতির যে অধিবেশন হইয়াছিল তাহাতে কার্য্যকরী সমিতির প্রস্তাবমত ৭২৮৲ টাকার একটী খরচের ব্যয় বরাদ্দ মঞ্জুর হয়।

আলোচ্য বর্ষে শ্রদ্ধেয় কালীকৃষ্ণ রক্ষিত মহাশয়ের মৃত্যুতে সন ১৩৪৮ সালের ১০ ফাল্গুন, ১০৪ এ, সুরেন্দ্র ব্যানার্জ্জী রোডস্থ (ওরিয়েণ্টাল ট্রেনিং একাডেমি) ভবনে একটী শোকসভা হইয়াছিল উক্ত সভার অধিবেশন বহু স্বজাতির উপস্থিতিতে অনুষ্ঠিত হয় এবং তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি আন্তরিক সহানুভূতি জ্ঞাপন করা হয়।

প্রচার

আলোচ্য বর্ষে প্রায় অনেক ছুটির দিন মহাসম্মেলনের কার্য্যকরী সমিতির সদস্যগণ কলিকাতার বিভিন্ন অঞ্চলে মহাসম্মেলনের বাণী প্রচারার্থে বহির্গত হইয়াছিলেন। পূজার ছুটিতে ঘাটশীলায় মহাসম্মেলনের পক্ষ হইতে প্রচার করা হইয়াছিল এবং তথাকার "যুবক সম্মিলনীর" দ্বারা এক সভার অধিবেশন হইয়াছিল। তারপর কার্য্যকরী সমিতির আরও কয়েকজন সদস্য মেদিনীপুর, বাঁকুড়া, বিষ্ণুপুর প্রচারার্থে বহির্গত হন ঐ সকল স্থানের বিশিষ্ট স্বজাতিবৃন্দের সহিত বহু আলাপ আলোচনা করেন এবং একটী স্থানে সভার অধিবেশন হয়।

আলোচ্যবর্ষে "তাম্বুলি হিতৈষি" মহাসম্মেলনের মুখপত্র হিসাবে যথানিয়মে প্রকাশিত হয়। তিন মাস অন্তর এক একটি সংখ্যা করিয়া 'চারিবার হিতৈষি'টী আত্মপ্রকাশ করে। বহু আবেদন ও নিবেদন, প্রবন্ধ বহু স্বজাতীয় সংবাদ, পাশের খবর এবং একটী করিয়া গল্প প্রকাশিত

হইয়া 'হিতৈষী'র মর্য্যাদার শ্রীবৃদ্ধি করিয়াছে। হিতৈষী স্বজাতিগণের দ্বারে দ্বারে যথা সময়ে অনেক সংবাদ অনেক আবেদন লইয়া পৌঁছিয়াছে। জাতি তাহাতে বিশেষ কোন সাড়া দেয় নাই, ইহা অতীব দুঃখের বিষয়। ইহাতে জাতির জড়তার কথাই মনে হয়। আমাদের স্বজাতি-বৃন্দ কি জাতীয় উন্নতি কামনা করেন না—তাঁহারা কি সঙ্ঘবদ্ধতা পছন্দ করেন না?—না, স্বভাবসুলভ অলসতাই তাঁহাদিগকে নিস্পৃহ করিয়াছে, না, আমরা অবনতির পথে নামিতে থাকিব? আপনারা কি পুরুষাকার সহায়তায় আমাদের অধোগমনকে রোধ করিবেন না?

আলোচ্যবর্ষে বহু স্বজাতির নিকট হিতৈষী প্রেরণ করা হইয়াছিল। যাঁহারা মহাসম্মেলনের সদস্য তাঁহাদের 'হিতৈষীর দাম লাগেনা। আর যাঁহারা সদস্য হন নাই তাঁহারা অনুগ্রহপূর্ব্বক সদস্য হইবেন, নচেৎ 'হিতৈষীর' দাম দিয়া বাধিত করিবেন। আলোচ্যবর্ষে হিতৈষীতে বাকী চাঁদার জন্য আবেদন দেওয়া হইয়াছিল তাহার উত্তরে অনেকে চাঁদা পাঠাইয়াছিলেন। যাঁহারা চৈত্র মাসের ১৫ই পর্য্যন্ত টাকা দেন নাই, তাঁহাদের অনেকের নামে পৃথক পত্র দেওয়া হইয়াছিল। সেই পত্রের উত্তরে কেহ কেহ চাঁদা পাঠাইয়াছেন। কিন্তু ৩০শে চৈত্র মধ্যে তাঁহাদের মধ্যে যাহারা চাঁদা দেন নাই আমরা বাধ্য হইয়া বৈশাখ মাসে তাঁহাদের নামে ভি পি করিয়াছিলাম। আমি দুঃখের সহিত জানাইতেছি কয়েকজন ভি পি ফেরৎ দিয়া মহাসম্মেলনের অযথা ক্ষতি করিয়াছেন। তাঁহাদিগের নিকট আমার বিনীত নিবেদন তাঁহাদের দেয় চাঁদা মহাসম্মেলনের কার্য্যালয়ে পাঠাইয়া দিয়া বাধিত করুন।

কর্ম্মচারী না থাকায় কলিকাতায় হিতৈষী হাতে হাতে বিলির জন্য স্বেচ্ছাসেবকের আবেদন দিয়া কোন সাড়া পাওয়া যায় নাই কাজেই কলিকাতা অঞ্চলে 'হিতৈষী' কার্য্যকরী সমিতির কয়েকজন সদস্য প্রত্যেকের বাটী গিয়া পৌছাইয়া দিয়াছেন। এই জন্য কার্য্যকরী সমিতির সেইসকল সদস্যকে আমি আন্তরিক ধন্যবাদ দিতেছি। ইহাতে সম্মেলনের প্রতি বৎসর ৩০।৩৫ টাকা বাঁচান যাইতে পারা যায়।

আলোচ্য বর্ষে সঙ্কটজনক পরিস্থিতির জন্য শিক্ষাসম্বন্ধে বিশেষ কোন

প্রচার করা হয় নাই বা কোনরূপ সাহায্য ইত্যাদি দেওয়া হয় নাই। কতিপয় পরীক্ষার্থী ছাত্রকে আংশিক সাহায্য করার প্রস্তাব গ্রহণ করা হইলেও এবং বাজেটে খরচ ধরা হইলেও নানা গোলমালে কোন কিছু করা হয় নাই।

দান

বিপদে সাহায্যকল্পে কিছু টাকা দান করা হইয়াছে। ঢাকা দাঙ্গার ফলে আমাদের স্বজাতীবৃন্দের ক্ষতি আমাদিগকে বিচলিত করে এবং মহাসম্মেলনের ভাণ্ডার হইতে দান করা হয়। এই ঢাকার সাহায্য ব্যতীত মহাসম্মেলনের সাহায্য ভাণ্ডারে বিশেষ কোন সাহায্য আসে নাই। সিংভূম জেলায় এক স্বজাতি পল্লীর গৃহদাহে বহু গৃহস্থ ক্ষতিগ্রস্থ হন তাঁহাদিগকে যৎকিঞ্চিৎ সাহায্য করা হয় এবং এক বিধবাকে কিছু সাহায্যের ব্যবস্থা করা হয়।

আলোচ্য বর্ষে সদস্য সংগ্রহই মহাসম্মেলনের কর্ম্মপদ্ধতির একটী বিষয় বলিয়া ধরা হইয়াছিল। রেজিষ্ট্রেশনের পরে গত বাৎসরিক অধিবেশনে আমি আপনাদিগকে জানাইয়াছিলাম যে মুষ্টিমেয় সদস্য লইয়া যাত্রাপথে বাহির হইয়াছি, পশ্চাতে আছে কেবল আপনাদের সহানুভূতি। সেই জন্য আজ আমরা অনেক সদস্য সংগ্রহ করিতে সক্ষম হইয়াছি। অতি অল্প সংখ্যক লোকই আমাদের বিমুখ করিয়াছেন ইহাই আমাদের উৎসাহ এবং উদ্যমের কারণ। নিম্নে ৩০শে চৈত্র পর্য্যন্ত মহাসম্মেলনের সদস্যের সংখ্যা দেওয়া হইল।

	১৩৪৭ সাল	১৩৪৮ সাল
আজীবন সদস্য	১	১
পৃষ্ঠপোষক সদস্য	১৬	২০
বিশিষ্ঠ ,,	৯	৫১
সাধারণ ,,	৪১	১৯০
যাঁহারা ফরম দেন নাই	১০	১৬
মোট	৭৭ জন	২৭৮ জন

মোটের উপর দেখা যাইতেছে যে এই দারুণ দুর্বৎসরেও সদস্য সংখ্যা যেরূপ বর্দ্ধিত হইতেছে তাহার দ্বারা আপনাদিগের সহানুভূতিই প্রমাণিত হইতেছে। কিন্তু সদস্য তালিকা হইতে দেখা যায় যে জাতির সংখ্যা হিসাবে সদস্য সংখ্যা নগণ্য। এখনও বহু তাম্বুলি গ্রাম আছে যেখানে আমাদের সম্মেলনের একজনও সদস্য নাই। ইহা অতীব দুঃখের বিষয়। প্রচারে বহির্গত হইয়া দুঃখের সহিত জানাইতে বাধ্য হইতেছি যে, এমন বহু স্বজাতি আছেন, যাঁহারা কোন জাতীয় প্রতিষ্ঠানে সদস্য হইতে ইচ্ছুক নহেন। অবশ্য মহাসম্মেলনের সদস্য হইতে হইলে বাৎসরিক চাঁদার হার পৃষ্ঠপোষক সদস্যের ১২৲ বিশিষ্ট সদস্যের ৩৲ সাধারণ সদস্যের ১৲ মাত্র। অর্থাৎ মাসিক পাঁচ পয়সা ব্যয় করিয়া যে কোন স্বজাতি একটা জাতীয় প্রতিষ্ঠানের সদস্যভুক্ত হইতে পারেন। প্রত্যেকেই কিছু না কিছু বাজে খরচ করিয়া থাকেন, আমার মনে হয় এই পাঁচ পয়সা বাজে খরচ করিতে আমাদের স্বজাতিগণ কেহই কুণ্ঠিত হইবেন না। আর ইহা নিছক বাজে খরচও নয়। মহাসম্মেলন আপনাদের দ্বারে দ্বারে বৎসরে ন্যূনপক্ষে চারিবার বিবিধ জাতীয় সংবাদ ও অন্যান্য সংবাদ লইয়া আপনাদের জাতির গাঁথা, আপনাদের জাতির সুখ দুঃখ ও গৌরবের কাহিনী আপনাদিগকে শুনাইয়া আসিবে। ইহার দ্বারা আপনারা অনেক বিষয়ে লাভবান হইতে পারিবেন। সঙ্গে সঙ্গে সঙ্ঘবদ্ধতা ও পরস্পর মেলামেশার দরুণ আত্মীয়তা বর্দ্ধিত হইবে। আমরা সংখ্যায় অল্প হইলেও এই সঙ্ঘবদ্ধতার সাহায্যে বিরাট যৌথ ব্যবসায় স্থাপন করিতে সমর্থ হইব। আশাকরি ইহার মারফতে আমরা পরস্পর পরিচিত হইব। পরিচিত হওয়াই সব চেয়ে বড় ব্যাপার। কারণ তদ্দারা পুত্র কন্যার বিবাহের অনেক সুযোগ সুবিধা হইবে। পরস্পরের পরিচয়ের উপরই সমাজের গঠন ও উন্নতি নির্ভর করিতেছে।

বর্ত্তমান পরিস্থিতিতেও অর্থ সংগ্রহ খারাপ হইয়াছে বলিয়া বলা যায় না। কিন্তু "গৃহনির্ম্মাণ ভাণ্ডারে" আশানুরূপ অর্থ সংগ্রহ হয় নাই। সভার নিজস্ব গৃহ না থাকায় কত যে কাজের ক্ষতি হয় তাহা প্রত্যেক সদস্যই অনুভব করিয়া থাকেন। আজ প্রায় চল্লিশ বৎসর ধরিয়া

আমাদের সামাজিক আন্দোলন চলিতেছে, কিন্তু সভা একটী নিজস্ব গৃহের ব্যবস্থা করিতে পারে নাই। বহু দাতা অজস্র দান করিয়াছেন, বহু কর্ম্মী প্রাণপণে পরিশ্রম করিয়াছেন কিন্তু ফল কিছুই হইতেছে না। জাতি কি ইহা বুঝিবে না যে তাহার পরিচয় দিবার ও মাথা রাখিবার স্থান নাই। আপনারা যদি যৎকিঞ্চিৎ সভার গৃহনির্ম্মাণ জন্য দান করেন আমার মনে হয় এই বড় সহরে অতি সহজেই সভাগৃহ নির্ম্মাণ করা যায়। গত বাৎসরিক অধিবেশনে শ্রদ্ধেয় বন্ধু শ্রীযুক্ত শৈলেন্দ্রনাথ রক্ষিত মহাশয় এক আবেদনে আপনাদের এই তথ্য অতি সহজ করিয়া বুঝাইয়াছেন। সভায় আপনারা যৎকিঞ্চিৎ দান করিবেন তাহা আপনাদের জমা থাকিবে এবং তাহা আপনাদের পুত্র পৌত্রের এবং আত্মীয় স্বজনের কাজে লাগিবে। আপনারা কি আপনাদের পুত্র পৌত্রের এবং আত্মীয় স্বজনের সুখ চাহেন না।

এইবার আপনাদিগকে মহাসম্মেলনের আর্থিক অবস্থার সম্বন্ধে একটী যথাযথ হিসাব দিয়া আমার এই সুদীর্ঘ কার্য্য বিবরণী শেষ করিব। আমি গত বৎসর আপনাদিগকে জানাইয়াছিলাম যে সন ১৩৪৭ সালের ৩০শে চৈত্র পর্য্যন্ত মহাসম্মেলনের মোট আয় ২৫৮॥০ ও মোট ব্যয় ২৩৪।/১০ হইয়াছিল। আলোচ্য বর্ষে ৩০শে চৈত্র পর্য্যন্ত মহাসম্মেলনের মোট আয় হইয়াছে ৬০৪দ/১৫ এবং মোট ব্যয় হইয়াছে ৩৩৯॥০ মাত্র। সন ১৩৪৭ সালে মহাসম্মেলনের উদ্বৃত্ত মাত্র ২৪৵১০ হইয়াছিল এবং সন ১৩৪৮ সালের উদ্বৃত্ত হইতেছে ২৬৫।/১৫। সর্ব্ব সমেত উদ্বৃত্ত ২৮৯॥৫ হইতেছে। সন ১৩৪৭ সালের ৩০শে চৈত্র পর্য্যন্ত মহাসম্মেলনের গৃহনির্ম্মাণ ভাণ্ডারে ৬১০।/০ ছিল আলোচ্য বর্ষে উহা বর্দ্ধিত হইয়া ৭৮৮॥/১৫ হইয়াছে। সন ১৩৪৭ সালের দরিদ্র ভাণ্ডারে ৩০৲ মাত্র আদায় হইয়াছিল এবং ৩০৲ টাকাই ব্যয়িত হইয়াছিল। আলোচ্য বর্ষে ৭২॥০ আদায় হইয়াছে এবং ৫০॥৵০ ব্যয় হইয়াছে এবং উদ্বৃত্ত টাকা হইতে ২০৲ টাকা ১৩৪৯ সালের বৈশাখ মাসে সাহায্যার্থ ব্যয়িত হইয়াছে। মহাসম্মেলনের সঞ্চিত ভাণ্ডারে সন ১৩৪৭ সালের ৩০শে চৈত্র পর্য্যন্ত ৫৪॥৶০ ছিল আলোচ্য বর্ষে উহা ১২৫৲

টাকায় পরিণত হইয়াছে। অতএব দেখা যাইতেছে যে সন ১৩৪৭ সালের ৩০শে চৈত্র পর্য্যন্ত মহাসম্মেলনের সর্ব্ব ভাণ্ডারের একুনে ৬৭৯৯/১০ মজুত ছিল। আলোচ্য বর্ষের শেষে মহাসম্মেলনের সর্ব্ব ভাণ্ডারের মজুত একুনে ১২২৫৲ হইয়াছে।

পরিশেষে আমাদের মন্তব্য এই যে এই বৎসরের শেষে সর্ব্বপ্রকার আয় হইতে সর্ব্বপ্রকার ব্যয় করিয়া মোট ২৮৯৷৫ উদ্বৃত্ত থাকিল তন্মধ্যে ১০০৲ সঞ্চিত ভাণ্ডারে রাখিয়া মোট ১৮৯৷৫ আগামী বৎসরে ব্যয় করিলে ভাল হয়। সদস্যগণের নিকট বাকী চাঁদা অতি সামান্য। উহা হিসাবের মধ্যে ধরা হইল না।

তাম্বুলি মহাসম্মেলনের গত সন ১৩৪৮ সালেরের কার্য্য বিবরণী আপনারা শুনিলেন। কিরূপ বাধা বিঘ্নের মধ্য দিয়া কার্য্যকরী সমিতিকে কার্য্য করিতে হইতেছে তাহা আপনারা জ্ঞাত হইলেন। তাম্বুলি মহাসম্মেলন অল্প কয়েক বৎসরের মধ্যে আপনাদের যে হৃদয় অধিকার করিয়াছে তাহা মহাসম্মেলনের গণতন্ত্রের ভিত্তির উপর পরিচালিত হওয়াই একমাত্র কারণ। অবশ্য আপনাদের এবং কর্ম্মীদের স্বার্থ ত্যাগও অনেকটা এ বিষয়ে সাহায্য করিয়াছে। আমি আপনাদের নিকট মহাসম্মেলনের বহু অভাব অভিযোগ শুনাইলাম আপনারা তাহার প্রতিবিধান করিবেন। আলোচ্য বর্ষের কার্য্য বিবরণীতে থাকভাঙ্গা বিবাহের বিশেষ কিছু আলোচনা করা হয় নাই তাহার কারণ রাজহাটী থাক ব্যতীত অন্যান্য থাকে যেরূপ অবাধ বিবাহ চলিতেছে তাহাতে আর থাক ভাঙ্গার বিষয়ে নূতন কিছু বলিবার নাই। উপসংহারে আমি আপনাদের দৃষ্টি মহাসম্মেলনের সাহায্য ভাণ্ডারের প্রতি এবং গৃহনির্ম্মাণ ভাণ্ডারের প্রতি আকর্ষণ করাইতে চাই। ভাবী কার্য্যকরী সমিতির নিকট আমার অনুরোধ তাঁহারা যেন আগামী বর্ষে ছাত্রদের বিশেষ সাহায্য করিতে পারেন তাহার চেষ্টা করেন। কারণ ছাত্রেরা জাতির 'ভবিষ্যৎ' জাতির আশা ভরসা স্থল। জাতির মধ্যে শিক্ষা যতই বহুল প্রচারিত হইবে জাতির অগ্রগতি ততই প্রসারিত হইবে। পরিশেষে যে

সকল কর্ম্মী অক্লান্ত ভাবে পরিশ্রম করিয়াছেন তাঁহাদের ধন্যবাদ না দিয়া থাকিতে পারা যায় না। স্বর্গীয় কালীকৃষ্ণ রক্ষিত মহাশয় সর্ব্বদাই সভার কার্য্যের জন্য প্রস্তুত ছিলেন। রায় সাহেব তারাপদ দত্ত, ডাঃ নলিনাক্ষ সিংহ, শ্রীযুক্ত বিভূতিভূষণ রক্ষিত, শ্রীযুক্ত বামনদাস লাহা ও শ্রীযুক্ত রবীন্দ্রনাথ পাল মহাশয়গণ প্রত্যেকে সভার কার্য্যের জন্য বহু সময় ব্যয়িত করিয়াছেন। শ্রীযুক্ত ধনকুবের নাগ ও শ্রীযুক্ত ফকিরচন্দ্র পাল এবং আরও অনেকেই অল্প বিস্তর শ্রম স্বীকার করিয়াছেন সেজন্য আমি তাঁহাদিগকে ধন্যবাদ দিতেছি।

শ্রীচারুচন্দ্র নন্দী
সাধারণ সম্পাদক

-:*:-

"দেশের সকল অভাব, সকল অপমানের মূল প্রতিকার হচ্ছে পরস্পরে ঘনিষ্ঠ ভাবে মিলিত হওয়া"

—রবীন্দ্রনাথ—

——:*:——

"স্বজাতির সমস্যা সমস্ত মানুষের সমস্যার অন্তর্গত—এই কথাটা বর্ত্তমান যুগের অন্তর্নিহিত কথা। এ'কে স্বীকার করতেই হবে"

—রবীন্দ্রনাথ—

